



ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 24 May, 2023 ■ আগরতলা ২৪ মে, ২০২৩ ইং ■ ৯ জ্যৈষ্ঠ ১৪৩০বঙ্গাব্দ, বুধবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

## সৌরভ গাঙ্গুলীকে পর্যটনে ব্র্যান্ড অ্যাম্বাসেডর করতে চাইছে ত্রিপুরা সরকার



কলকাতায় সৌরভ গাঙ্গুলির সাথে সাক্ষাৎ করেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী।

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** ত্রিপুরা সরকার চাইছে রাজ্যের পর্যটনে ব্রান্ড অ্যাম্বাসেডর হোক ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলী। এই পরিকল্পনা ও ভাবনা নিয়ে আজ কলকাতার বেহালাস্থিত সৌরভ গাঙ্গুলীর বাড়ীতে গিয়ে তাঁর সাথে গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হয়েছেন ত্রিপুরার পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী।

এ-বিষয়ে এদিন পর্যটন মন্ত্রী বলেন, ত্রিপুরার পর্যটনকে সারা বিশ্বের সামনে তোলে ধরার জন্য বহুল প্রচার ও সঠিক ব্র্যান্ডিং-র খুবই প্রয়োজন রয়েছে।পাশাপাশি এর জন্য আমাদের দরকার একজন জনপ্রিয় ব্র্যান্ড অ্যাম্বাসেডর।

তাঁর কথায়, ত্রিপুরার পর্যটনকে সারা বিশ্বের সামনে তোলে ধরতে ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে ভারতের ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলীর চেয়ে জনপ্রিয় ব্যক্তিত্ব আর কেউ হতে পারেন না। এই পরিকল্পনা ও ভাবনার অঙ্গ হিসেবে আজ তাঁর সাথে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হয়েছি। এদিন ত্রিপুরার পর্যটনের বিকাশের সাথে সম্পৃক্ত বিভিন্ন বিষয় নিয়ে তাঁর সাথে আলোচনা হয়েছে।

শ্রী চৌধুরী আশা ব্যক্ত করে বলেন, খুব শীঘ্রই ত্রিপুরায় পর্যটনে ব্রান্ড আম্ব্যাসেডর হিসেবে সৌরভ গাঙ্গুলীর নিযুক্তি নিয়ে ইতিবাচক সাড়া মিলবে।

## জোলাইবাড়িতে উচ্ছেদ অভিযান বন দপ্তরের

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২৩ মে।।** কাকুলিয়া ফরেষ্ট রেঞ্জের অধীনে কলসীরমুখ এলাকায় কিছু সংখ্যক লোকজন অবৈধভাবে বনদপ্তরের জায়গা দখলকরে বাসস্থান তৈরিকরেছে। এই অবৈধভাবে বাসস্থান নির্মানকরার খবরপেয়ে বনদপ্তর ও প্রসাশনের পক্ষথেকে বাসস্থান নির্মানকারী লোকজনদের উঠেযাওয়ার আবেদন জানানো হয়।

এই ঘটনা জানার পর জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া নিজে ঘটনাস্থলে গিয়ে পরিদর্শন করেআসেন এবং বনসংরক্ষনার্থে অবৈধভাবে বাসস্থান নির্মানকারীদের বনভূমি ধংসকরে রাবার বাগান নির্মান ও বাসস্থান নির্মান থেকে সরে আসার বিশেষ আহব্বান জানান। জানাযায় অন্য বিধানসভাথেকে জোলাইবাড়ী বিধানসভায় এসে এই লোকজনেরা বনভূমি ধ্বংস করে বাসস্থান নির্মানকরছে।প্রসাশনে সকলে আবেদন করে ও প্রত্যেকে নোটিশ প্রদান করাসত্বেও লোকজনেরা প্রসাশনের কোনোপ্রকার আদেশ মানেননি।

অবশেষে মঙ্গলবার কাকুলিয়া ফরেষ্ট রেঞ্জের উদ্যোগে বনভূমি রক্ষনার্থে অবৈধভাবে বাসস্থান নির্মানকারী লোকজনদের বাসস্থান উচ্ছেদ করার পরিকল্পনানেন। মঙ্গলবার শান্তির বাজার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য, ডি সি এম সপ্তপর্নী মজুমদার, টি এস আর নবম বাহিনীর কমানডেন্ট রাজীব নাগ, কাকুলিয়া ফরেষ্ট রেঞ্জার শেখর লোধ, সাব্রুম মহকুমার বনদপ্তরের আধিকারিক সহ অন্যান্যরা এই অভিযানে নামেন। আজকের এই অভিযানে অবৈধভাবে নির্মানকারী ২১ পরিবারের বাসস্থান উচ্ছেদকরাহয়।

## দলীয় কর্মীদের চাঙ্গা করতে প্রদ্যোতের উস্কানীমূলক বক্তব্যে সরগরম রাজ্য রাজনীতি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** টাইগার জিন্দা হে। টাইগার বিমার হে। বিমার টাইগার কিতনা ডেঞ্জার হোতা হে আপকো মালুম নেহি। এই ভাষাতেই সরকারকে হুঁশিয়ারির পাশাপাশি দলীয় কর্মীদের চাঙ্গা করার চেষ্টা করলেন ত্রিপুরা মাথার সুপ্রিম প্রদ্যোত কিশোর দেববর্মা। আজ ফেসবুক লাইভে এসে এভাবেই রাজ্য সরকারকে আক্রমনাত্মক ভঙ্গিতে নিজের প্রতিক্রিয়া ব্যক্ত করলেন প্রদ্যোত। একইসঙ্গে দলীয় কর্মীদের উজ্জীবিত করতে প্রদ্যোত ঘোষণা দিলে ধনপুর উপনির্বাচনে এবং লোকসভায়ও প্রার্থী দেবে মথা। তিনি এও বললেন লোকসভায় এমন সাংসদ পাঠানো হবে যিনি পুরো পার্লামেন্টে কম্পন ধরাবেন। যাতে পার্লামেন্টের অন্য সদস্যরা বললে এই সাংসদ কোথা থেকে এসেছে। ক্ষমতার সুযোগ পেয়ে যে যার মত করে বলে যাচ্ছেন তা বেশিদিন সহ্য করা যাবে না। তার জবাব টুইটার বা ফেসবুকে নয় ঘরের সামনে হবে। বুবাগ্রা অসুস্থ বলে তার ক্ষতস্থানে মলম না লাগিয়ে প্রতিনিয়ত নুন মরিচ লাগানো হচ্ছে এমনটাই বললেন তিনি। তবে তিনি এও বললেন যতদিন তার প্রাণ থাকবে ততদিন গ্রেটার তিপ্রালান্ড ও সাংবিধানিক সমাধানের জন্য জনজাতিদের স্বার্থে তিনি লড়াই করে যাবেন। এ বিষয়গুলি নিয়ে যে যেভাবেই আঘাত করুক না কেন তিনি তার সিদ্ধান্তে অনড়, একথা স্পষ্ট জানিয়ে দিলেন প্রদ্যোত।

**তিপ্রা মথা প্রার্থী দেবে ধনপুর কেন্দ্রের উপনির্বাচনে ও লোকসভায়**

এদিন প্রদ্যোতের কথায় হতাশার ছাপ ছিল বেশি। আবেগপ্রবণ হয়ে তিনি যে ধরনের মন্তব্য করেছেন তাতে উস্কানিমূলক বক্তব্যেই রাজ্য রাজনীতি সরগরম। দিনভর এ নিয়ে চর্চা শুরু হয়েছে রাজ্যজুড়ে। রাজনৈতিক বিশেষজ্ঞরা মনে করছেন এই ধরনের মন্তব্য আগামী দিনে রাজ্যে ঐক্য ও সংহতিতে আঘাত আনতে পারে। সাম্প্রদায়িক সুড়সুড়ি দেওয়ার চেষ্টা বলেও মন্তব্য করলেন রাজনৈতিক বিশ্লেষকরা। এতদিন গ্রেটার তিপ্রাল্যান্ড, সাংবিধানিক সমাধান এবং ইন্টারলোকেটর নিয়ে বিজেপির বিরুদ্ধে কোন চড়া সুর শোনা যায়নি প্রদ্যোতের মুখে। এবার যখন নিজেই দেখলেন এই বিষয় থেকে বিজেপি সরকার মুখ ঘুরিয়ে নিচ্ছে তখন তাদের বিরুদ্ধে বুমেরাং হলেন প্রদ্যোত। আজ ফেসবুকে প্রদ্যোতের দেওয়া বার্তার পরেই বিরোধীরা সুর চড়ালেন তার বিরুদ্ধে। তবে তারা প্রদ্যোতের সাম্প্রদায়িক উস্কানিমূলক বক্তব্যের তীব্র বিরোধিতা করেন। এদিন তার আক্রমণের নিশানা ছিল রাজ্য বিজেপি থেকে শুরু করে কেন্দ্রীয় সরকারের দিকে। শুরুতেই তিনি বললেন ১৫-২০ বছর ধরে কে কত বেশি চাকরি নিয়েছে, কে বেশি কামাই করেছে, কার কাছে ☞ ৬ এর পাতায় দেখুন

## বাড়িতেই বিষপানে আত্মঘাতী কিশোর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** নিজ বাড়িতেই বিষ পান করে গুরুতর অসুস্থ হয় উজ্জ্বল ঋষি দাস নামে ১৬ বছরের এক কিশোর। পরে জিবিতে মৃত্যু হয় তার। ভুবনবন এলাকায় ঠাকুরের পূজা নিয়ে মায়ের সঙ্গে অভিমান করে নিজ বাড়িতেই বিষ পান করে গুরুতর অসুস্থ হয় উজ্জ্বল ঋষি দাস নামে ১৬ বছরের এক কিশোর।

কয়েক ঘন্টা পর উজ্জ্বল তার বাবাকে জানায় বিষপান করেছে। এ কথা শুনে হতভঙ্গ হয়ে পিতা উজ্জ্বলকে সাথে সাথে আইজিএম হাসপাতালে নিয়ে আসে। পরে আইজিএম হাসপাতাল থেকে প্রাথমিক চিকিৎসার পর তার অবস্থা আশঙ্কা জনক দেখে রেফার করে জিবি হাসপাতালে। কিন্তু চিকিৎসারত অবস্থায় সোমবার বেলা তিনটা নাগাদ মৃত্যুর কূলে ঢলে পরে উজ্জ্বল। মঙ্গলবার মৃতদেহ ময়না তদন্তের পর পরিবারে হাতে তুলে দেওয়া হয়। হাসপাতাল চত্বরে কান্নায় ভেঙে পড়ে ছেলে হারা পিতা।

## রাজ্যজুড়ে স্বস্তির বৃষ্টি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** তীব্র গরমের হাঁসফাঁস কাটিয়ে অবশেষে মঙ্গলবার দুপুরের বৃষ্টিতে কিছুটা স্বস্তির নিশ্বাস নিয়েছেন রাজ্যবাসী।

গত কয়েকদিন ধরে তীব্র দাবদাহে মানুষ নাজেহাল পরিস্থিতি শিকার হচ্ছিলেন। তাপমাত্রা ৪০ ডিগ্রিতে গিয়ে ঠেকেছে।অবশেষে মঙ্গলবার দুপুরে তীব্র তাপপ্রবাহের হাত থেকে রক্ষা পেয়েছে রাজ্যবাসী।

প্রসঙ্গত, আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৪ ডিগ্রি এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৭.৭ ডিগ্রি সেলসিয়াস বলে আবহাওয়া দফতর জানিয়েছে। আগামীকাল সর্বোচ্চ ৩৩-৩৬ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৩-২৭ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা থাকবে বলে অনুমান করা হচ্ছে। আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় ০১৭.২ এম এম এবং কৈলাসহরে বৃষ্টি হয়েছে ০০৫.০ এমএম বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। ত্রিপুরায় অধিকাংশ জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

মঙ্গলবার আচমকাই প্রবল বেগে ঝড়-বৃষ্টি শুরু হয়ে যায়। বেলা সাড়ে বারটা নাগাদ এয়ার ইন্ডিয়ার এয়ারবাস এআই-২৪৩ আগরতলা বিমান বন্দরে অবতরনের চেষ্টা করেও পাইলট ব্যর্থ হন। পাইলট বিপদ এড়াতে বিমান অবতরন না করিয়ে পুনরায় কলকাতায় ফিরে গিয়েছি। দুপুরের পরে আবহাওয়া অনুকূল হওয়ায় কলকাতা থেকে ওই বিমান আগরতলা বিমান বন্দরে নিরাপদে অবতরণ করেছে।

## পৃথক স্থানে যান দূর্ঘটনায় নিহত এক, গুরুতর দুই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** কল্যাণপুর থেকে বন্ধুকে নিয়ে জিবি হাসপাতালে আসার সময় জিরানিয়া এলাকায় বাইক দুর্ঘটনায় পড়ে বিপ্লব এবং তার বন্ধু সুদীপ দেবনাথ। ঘটনাস্থলে মৃত্যু হয় সুদীপ দেবনাথ নামে সঙ্গে থাকা বিপ্লবের বন্ধুর। জিবি হাসপাতালে ভর্তি বিপ্লব দাস নামে এক ব্যক্তির মা। তাই কল্যাণপুর থেকে বন্ধুকে নিয়ে জিবি হাসপাতালে আসার সময় জিরানিয়া এলাকায় বাইক দুর্ঘটনায় পড়ে বিপ্লব এবং তার বন্ধু সুদীপ দেবনাথ। ঘটনাস্থলে মৃত্যু হয় সুদীপ দেবনাথ নামে সঙ্গে থাকা বিপ্লবের বন্ধুর।

দমকল কর্মীরা আহত ব্যক্তিকে উদ্ধার করে জিবি হাসপাতালে নিয়ে আসে। বর্তমানে হাসপাতালে গুরুতর আহত অবস্থায় চিকিৎসাধীন বিপ্লব। এদিকে সুদীপের মৃতদেহ রাখা হয়েছে জিবি হাসপাতালের মর্গে। মৃতদেহ ময়না তদন্তের পর পরিবারের হাতে তুলে দেওয়া হবে। ঘটনার খবর পেয়ে কান্নায় ভেঙে পড়ে পরিবারের ☞ ৬ এর পাতায় দেখুন

## ধর্মনগরে আগুনে নেভাতে গিয়ে গণধোলাইয়ে আহত দমকল কর্মী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** ধর্মনগরের আলগাপুরে অগ্নিকাণ্ডের খবর পেয়ে ঘটনাস্থলে দমকল বাহিনীর ছুটে যাওয়ার পর আচমকা দমকল বাহিনীর কর্মীদের উপর হামলা সংঘটিত হয়। তাতে দমকল বাহিনীর এক কর্মী আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন।। পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করেছে। বিবার রাতে আলগাপুরে ঘটে যাওয়া অগ্নিকান্ডের ঘটনায় ধর্মনগর অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে।

তবে ঐরাতে অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীদের উপর অতর্কিতে আক্রমণ চালায় সুজিত দেব নামে এক ব্যক্তি। আহত অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীকে নিয়ে যাওয়া হয় জেলা হাসপাতালে। এই ঘটনায় সোমবার ধর্মনগর থানায় লিখিত অভিযোগ জানানো হয় ধর্মনগর অগ্নি নির্বাপক দপ্তরের পক্ষ থেকে। ☞ ৬ এর পাতায় দেখুন

## বিএসএফ জওয়ানদের হামলায় গুরুতর আহত মহিলা সহ চার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** কোনাবন এলাকায় বিএসএফের বিরুদ্ধে সাধারণ মানুষের উপর হামলার গুরুত্ব অভিযোগ উঠেছে। সোমবার রাতে কোনাবন এলাকায় বিএসএফের হামলায় দুই মহিলা সহ চারজন গ্রামবাসী গুরুতরভাবে আহত হয়েছেন। আহতদের আশঙ্কা জনক অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাকে কেন্দ্র করে সীমান্তবর্তী গ্রামে তীব্র খুব উত্তেজনাকর পরিস্থিতি বিরাজ করছে।

**কোনাবনে উত্তেজনা**

সীমান্ত এলাকায় বসবাসকারী জনগণের অভিযোগ পাচারকারীদের বিরুদ্ধে কোন ধরনের ব্যবস্থা গ্রহণ না করে বিএসএফের জোয়ানরা সাধারণ মানুষের উপর অহেতুক হামলা সংগঠিত করে চলেছে। অভিযুক্ত বিএসএফ জওয়ানদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে। ১৫০ বাহিনী বিএসএফ কোম্পানি কমান্ডার সুরেন্দ্র সিং কোনাবন রাধানগর এলাকার সাধারণ জনগণের উপর নির্যাতন চালায় বলে অভিযোগন এই ঘটনায় দুই মহিলা সহ দুইজন পুরুষ গুরুতর আহত হয় বলেও অভিযোগ।

গোটা ঘটনাকে কেন্দ্র করে সোমবার সারারাত উত্তেজনা ছড়িয়ে পড়ে রাধানগর এলাকায়ন পরবর্তী সময়ে আহত অবস্থায় দুই মহিলা সহ সর্বমোট চারজনকে মধুপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসার পর হাঁপানিয়া হাসপাতালে রেফার করে দেয়ন পরবর্তী সময়ে অভিযুক্ত কোম্পানি কমান্ডার সুরেন্দ্র সিংহের বিরুদ্ধে মধুপুর থানায় মহিলাদের উপর নির্যাতন এবং বাড়িঘরে হামলা চালানোর অভিযোগ এনে মামলা দায়ের করা হয়ন জানা যায় সোমবার রাতে কোনাবন রাধানগর এলাকার হরিপদ লস্করের বাড়ির মধ্যে তার ছেলে রাজু লস্কর সহ অন্যান্য বন্ধুরা মিলে ক্যারাম বোর্ড খেলছিলেনন সেই সময় ☞ ৬ এর পাতায় দেখুন

## সমগ্র শিক্ষা অভিযানের শিক্ষক কর্মচারীদের নিয়মিতকরণের মামলা খারিজ হাইকোর্টে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** ত্রিপুরা সমগ্র শিক্ষা প্রকল্পের অধীনে থাকা শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নিয়মিতকরণের জন্য হাইকোর্টে একটি মামলা করা হয়। এই মামলায় দুই পক্ষের বক্তব্য শোনার পর মঙ্গলবার ছিল চূড়ান্ত রায় দান পর্ব। ত্রিপুরা সমগ্র শিক্ষা প্রকল্পের অধীনে থাকা শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের পক্ষে মামলাটি উচ্চ আদালতের সিঙ্গেল ব্যাঞ্চে ওঠে।

উচ্চ আদালতের বিচারক অরিন্দম লোধ তাদের নিয়মিতকরণের অ্যাপিলটি নাচক করে দেয়। সমগ্র শিক্ষার শিক্ষক ও অশিক্ষকদের পক্ষে মামলাটির পরিচালনা করেন আইনজীবী



কৌশিক রায়। উচ্চ আদালতের সিঙ্গেল ব্যাঞ্চের রায় দান শেষে বেড়িয়ে এসে আইনজীবী জানান বিচারপতি তাদের অ্যাপিল মামলাটি খারিজ করে দিয়েছেন।

তবে উচ্চ আদালতের রায়ের প্রত্যায়িত নকল হাতে পেলেই রায়ের ☞ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যে করোনা আক্রান্ত আরও ১৫ সক্রিয় রোগী ৪৫

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** ত্রিপুরায় করোনার সংক্রমণের সাথে সমানে চলছে সুস্থতাও। গত ২৪ ঘন্টায় ১৫ জন করোনা আক্রান্তের খোঁজ মিলেছে। অন্যদিকে, এগার জন করোনা আক্রান্ত সুস্থ হয়েছেন। দৈনিক সংক্রমণের হার ১.৯৭ শতাংশ। বর্তমানে সক্রিয় রোগীর সংখ্যা হয়েছে ৪৫।

স্বাস্থ্য দফতরের মিডিয়া বুলেটিন অনুসারে, গত ২৪ ঘণ্টায় আরটি-পিসিআরে ৫ জন এবং রেপিড অ্যান্টিজেনের মাধ্যমে ৭৫৮ জন মোট ৭৬৩ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। তাতে, ১৫ জনের দেহে করোনার সংক্রমণ মিলেছে। ফলে, দৈনিক সংক্রমণের হার বর্তমানে হয়েছে ১.৯৭ শতাংশ। এদিকে, ১১ জন সুস্থও হয়েছেন। ফলে, বর্তমানে ত্রিপুরায় করোনায় আক্রান্ত সক্রিয় রোগী রয়েছেন ৪৫ জন।

প্রসঙ্গত, ত্রিপুরায় এখন পর্যন্ত ১০৮২৩০ জন করোনায় আক্রান্ত হয়েছেন। তাঁদের মধ্যে ১০৭১৭৯ জন সংক্রমণ থেকে মুক্তি পেয়ে সুস্থ হয়েছেন। রাজ্যে বর্তমানে করোনা-আক্রান্তের হার হয়েছে ৪.০৩ শতাংশ। তেমনি, সুস্থতার হার হয়েছে ৯৯.০৩ শতাংশ। এদিকে, ০.৮৭ শতাংশ হয়েছে মৃত্যুর হার। এছাড়া ত্রিপুরায় এখন পর্যন্ত ৯৩৭ জন করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন।

## জামাই ষষ্ঠী উপলক্ষ্যে মাছ বিক্রয় কেন্দ্রের সূচনা করলেন মৎস্য মন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** জামাই ষষ্ঠী উপলক্ষ্যে ত্রিপুরা এপেক্স ফিসারিজ কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের অধীনে মহারাজগঞ্জ বাজারে অতি সুলভ মূল্যে বিভিন্ন মাছ বিক্রি করার কাউন্টারের উদ্বোধন করেছেন মৎস মন্ত্রী সুধাংশু দাস।

তিনি জানিয়েছেন, সরকারি ভাবে আজ মাছ বিক্রয় কেন্দ্রটির উদ্বোধন করা হয়েছে। এখান থেকে সাধারণ মানুষ কম দামে মাছ ক্রয় করতে পারবেন।

তাঁর কথায়, জামাই ষষ্ঠী উপলক্ষ্যে বাজারে এদিন মাছের দাম বেশি থাকে।ফলে, সকল অংশের মানুষ হাজার হাজার টাকা খরচ করে জামাই আদর করতে পারেন না। তাই সকল অংশের মানুষদের কথা চিন্তা করে ত্রিপুরা এপেক্স ফিসারিজ কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের অধীনে মহারাজগঞ্জ বাজারে একটি মৎস্য বিক্রয় কেন্দ্র খোলা হয়েছে। এখান থেকে অতি সুলভ মূল্যে বিভিন্ন মাছ



ক্রয় করতে পারবেন। কম দামে আগামী কাল থেকে মাছ বিক্রয় করা হবে বলে জানিয়েছেন তিনি। সাথে তিনি যোগ করেন, ত্রিপুরার বিভিন্ন জায়গায় কম দামে মাছ বিক্রয় করার প্রয়াস নিয়েছে রাজ্য সরকার। ওই কেন্দ্রে ২৫ কেজি ওজনের কাতলা মাছ পাওয়া যাবে। তাছাড়া ত্রিপুরায় কাতলা মাছ ১০ থেকে ১৫ কেজি ৩৫০ টাকা দরে বিক্রি করা হবে। ইলিশ প্রতি কেজি ☞ ৬ এর পাতায় দেখুন

## ধর্মনগর শহরে দিবালোকে ওষুধের দোকানে চুরি

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৩ মে।।** উত্তর ত্রিপুরা জেলার জেলা সদর ধর্মনগরের হরি মন্দির রোডে একটি ওষুধের দোকান থেকে মঙ্গলবার সকাল দশটা দশ মিনিট নাগাদ ড্রয়ারের তালা ভেঙ্গে নগদ প্রায় কুড়ি হাজার টাকা হাতিয়ে নিয়ে গেছে চোর। ধর্মনগর শহর ও শহরতলী এলাকায় চুরির ঘটনা নিত্যদিনের বিষয় হয়ে দাঁড়িয়েছে। মঙ্গলবার সকালে হরিমন্দির রোডে একটি ওষুধের দোকানে ঢুকে চোর ড্রয়ারের তালা ভেঙ্গে নগদ প্রায় কুড়ি হাজার টাকা নিয়ে গেছে।

ঘটনার বিবরণ দিয়ে দোকানের মালিক জয়দীপ দেব জানান তিনি একটি কাজে পাশের দোকানে গিয়েছিলেন। দোকানের ওপর কর্মী জল আনতে গিয়েছিল। ওই সময় দোকানে কেউ ছিলনা। এই নির্জনতার সুযোগ কে কাজে লাগিয়ে শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত ওষুধের দোকানের ড্রয়ারের তালা ভেঙ্গে টাকা পয়সা হাতিয়ে নিয়ে গেছে চোর। দোকানের মালিক পাশের দোকান থেকে ফিরে এসে এই ঘটনা লক্ষ্য করে রীতিমতো হতবাক হয়ে যান। সঙ্গে সঙ্গে তিনি বিষয়টি পার্শবর্তী দোকানের লোকজনদের জানান এবং খবর দেওয়া হয় ধর্মনগর থানার পুলিশকে।

## প্রচুর বার্মিজ সুপারি বাজেয়াপ্ত দামছড়ায়

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** উত্তর জেলার পানিসাগর মহকুমাধীন দামছড়া থানার অফিসার ইনচার্জ রাজু ভৌমিক দায়িত্ব নেওয়ার ২৪ ঘন্টার মধ্যে বড়সড় সাফল্য পেলো দামছড়া থানা। দামছড়া থানার অফিসার ইনচার্জ রাজু ভৌমিকের কাছে গোপন সংবাদের ভিত্তিতে খবর আসে যে একটি ছয় চাকার লরি দিয়ে অবৈধভাবে বার্মিজ সুপারি মিজোরাম হয়ে ত্রিপুরা প্রবেশ করছে।

সেই খবরের ভিত্তিতে দামছড়া থানার অফিসার ইনচার্জ রাজু ভৌমিক দামছড়া থানার পুলিশ কর্মীদের নিয়ে গাড়িটিকে ধাওয়া করে। পুলিশি আঁচ পেয়ে একটা সময় বংশুল এসপিও ক্যাম্প সংলগ্ন এলাকায় গাড়িটিকে ফেলে চালক পালিয়ে যায়।পরবর্তীতে সংশ্লিষ্ট ☞ ৬ এর পাতায় দেখুন

## বিদ্যুৎস্পৃষ্টে শ্রমিকের মর্মান্তিক মৃত্যু, কাঠগড়ায় ঠিকেদার

**নিজস্ব প্রতিনিধি, সাব্রুম, ২৩ মে।।** বিদ্যুৎ পরিবাহী লাইনে কাজ করতে গিয়ে সাব্রুম মহকুমায় দক্ষিণ শ্রীনগর সীমান্ত এলাকায় এক শ্রমিকের মর্মান্তিক মৃত্যু হয়েছে।

জনৈক এলাকাবাসী জনিয়েছেন, সোমবার বিকেলে বহিঃরাজ্যের বেসরকারী সংস্থা ফিডকোর অধীনে শ্রীনগর করিমাটিলার হতদরিদ্র শ্রমিক তাপস দে(৪২) বিদ্যুৎ পরিবাহী লাইনে কাজ করছিলেন। হঠাৎ বিদ্যুৎপৃষ্ট হয়ে মাটিতে পরে যান তিনি। অন্য শ্রমিকরা সঙ্গে সঙ্গে তাঁকে আশঙ্কাজনক অবস্থায় শ্রীনগর প্রাথমিক হাসপাতালে নিয়ে যান। হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তাঁর অবস্থা আশঙ্কাজনক দেখে তাঁকে দক্ষিণ জেলার শান্তিবাজার হাসপাতালে স্থানান্তর করেন। সেখান থেকেও তাঁকে উন্নত চিকিৎসার জন্য আগরতলায় জিবি হাসপাতালে পাঠানো হলেও শেষ রক্ষা হয়নি। জিবি হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

তিনি আরো জানিয়েছেন, এই রকম ঘটনা গত বছর সাব্রুমের দৌলবাড়ী গ্রাম পঞ্চায়েতের লালটিলা এলাকাতেও ঘটেছে। একই সময়ে একসাথে তিনজন শ্রমিক বিদ্যুৎ পরিবাহী তার লাগাতে গিয়ে বিদ্যুৎপৃষ্ট হয়ে মারা গিয়েছিলেন। তাঁর অভিযোগ, শ্রমিকদের কোন নিরাপত্তা না দিয়ে অধিক উচ্চতায় পোস্টে কাজ করার জন্য উঠিয়ে দেওয়া হয়। ঝুঁকিপূর্ণ কাজ করার জন্য যা যা সরঞ্জাম প্রয়োজন তা ওই বেসরকারি সংস্থার তরফে কোন শ্রমিকদের দেওয়া হয় না। যার ফলশ্রুতি একের পর এক শ্রমিকের প্রাণ অকালেই ঝরে যাচ্ছে।তিনি আরও ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ২২০ ▫২৪ মে ২০২৩ইং ▫৯ জ্যৈষ্ঠ্য▫বুধবার ▫১৪৩০ বঙ্গাব্দ

## অসম থেকে প্রত্যাহার বিতর্কিত আফস্পা !

**বিলম্বে হইলেও বিতর্কিত 'আফস্পা' প্রত্যাহারের প্রাথমিক ইঙ্গিত মিলিয়াছে। এই আইন প্রত্যাহার পরিবারের জন্য দীর্ঘদিন ধরিয়া বিভিন্ন মহল হইতে দাবি উঠেয়াছে। অবশেষে অসমের মুখ্যমন্ত্রী জানাইয়াছেন এবছরের মধ্যেই অসম থেকে তুলিয়া নেওয়া হইতে পারে সেনাবাহিনীর বিশেষ ক্ষমতা আইন 'আফস্পা'। এমনটাই জানাইয়াছেন মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা। অসমের দেরগাঁও পুলিশ প্রশিক্ষণ কেন্দ্রে কমান্ডান্টদের সম্মেলনে বক্তব্য রাখেন মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা। তিনি বলেন, রাজ্যের আইনশৃঙ্খলা ব্যবস্থা অনেক উন্নত হইয়াছে। ফলে এবছরের মধ্যেই রাজ্য থেকে 'আফস্পা' সম্পূর্ণভাবে তুলিয়া নেওয়া হইতে পারে। সেনাবাহিনীর বিশেষ ক্ষমতা আইন প্রত্যাহারের পর সেই দায়িত্ব সামলাইবে অসম পুলিশ। কেন্দ্রীয় বাহিনীর জায়গা নিবে রাজ্য পুলিশের ব্যাটালিয়ন। তিনি বলেন, "নভেম্বরের মধ্যে পুরো অসম থেকে আফস্পা প্রত্যাহার করিয়া নেওয়া হইতে পারে। মুখ্যমন্ত্রী বলিয়াছেন আমরা প্রাক্তন সেনা আধিকারিকদের দিয়ে আমাদের পুলিশ ফোর্সের প্রশিক্ষণের ব্যবস্থা করিব।" বিশেষ ক্ষমতা আইন 'আফস্পা' তুলিয়া নেওয়ার দাবিতে মণিপুরে ইরম শর্মিলা চানু-র অনশন আজ ইতিহাস। নাগাল্যান্ডেও এই আইন নিয়া কম জলঘোলা হয়নি। সবমিলাইয়া, উত্তর-পূর্ব ভারতের জন্য আফস্পা অত্যন্ত স্পর্শকাতর বিষয়।প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু-র আমলে উত্তর-পূর্ব ভারতের এই অঞ্চলের জন্য 'আফস্পা' (১৯৫৮) আইনটি তৈরি হয়। সেই সময় এনিয়া সংসদে তুমুল বিতর্ক হইয়াছিল। বিশিষ্ট স্বতন্ত্রবাদী নেতা ও তৎকালীন সাংসদ মিনু মাসানি সেই বিতর্কে অংশ নিয়া নেহরুকে বলিয়াছিলেন, "গেরিলা বাহিনী শুধুমাত্র অনুকূল রাজনৈতিক আবহাওয়ায় কাজ করিতে পারে। যতক্ষণ গ্রামের লোকেরা খাদ্য সরবরাহ করে এবং গেরিলাদের আশ্রয় দেয়, ততক্ষণ তাহাদের সঙ্গে লড়াই করা অত্যন্ত কঠিন। তাই এটা খুবই গুরুত্বপূর্ণ যে, গ্রামের সাধারণ মানুষ, যাহারা এদিক-ওদিক নয়, তাহাদের মন জয় করা। জোর করিয়া জাতিসত্তা চাপাইয়া দেওয়া যাইবে না। আপনাকে তাহাদের হৃদয় ও মন জয় করিতে হইবে। শুধু অসম হইতে নয়, অন্যান্য রাজ্য হইতেও এই বিতর্কিত আইন প্রত্যাহার পরিবার জোরালো দাবি উঠিয়াছে।**

## ২০০০ টাকার নোট বদলে প্রয়োজন নেই পরিচয়পত্রের, জানাল পিএনবি কর্তৃপক্ষ

নয়াদিল্লি, ২৩ মে (হি.স.): দেশজুড়ে মঙ্গলবার থেকে বিভিন্ন ব্যাঙ্কে ২,০০০ টাকার নোট বদল করার প্রক্রিয়া শুরু হয়েছে। তবে নোট বদল করার জন্য প্যান বা আধার কার্ডের মতো কোনও পরিচয়পত্র দেখাতে হবে না। এমনকি, ব্যাঙ্কের কোনও ফর্মপূরণ করতে হবে না নোট জমা দিতে ইচ্ছুকদের। স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (এসবিআই)-র পর মঙ্গলবার এমনই জানিয়েছেন পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক (পিএনবি) কর্তৃপক্ষ।

পিএনবি জানিয়েছে, তাঁদের ব্যাঙ্কের যে কোনও শাখায় গিয়ে নোটবদল করতে পারবেন গ্রাহকেরা। এমনকি, অন্য ব্যাঙ্কের গ্রাহকেরাও এই সুবিধা পাবেন। রিজার্ভ ব্যাঙ্কের তরফে আগেই জানানো হয়েছিল, ৩০ সেপ্টেম্বর পর্যন্ত নোট বদলের প্রক্রিয়া চলবে তাঁদের ১৯টি আঞ্চলিক অফিসেও। একলপ্তে ২,০০০ টাকার ১০টি নোট অর্থাৎ ২০,০০০ টাকা পর্যন্ত বদল করা যাবে। যদিও এক দিনে ২০০০ টাকার নোট বদল করার কোনও ঊর্ধসীমা রাখেনি রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া। ফলে ২০,০০০ টাকার বেশি নোট বদল করার জন্য আয়কর দফতরের বহাল নিয়ম মানতে হবে।

বাজার থেকে ২ হাজার টাকার নোট তুলে নেওয়ার ঘোষণার পরই জনমানসে ফিরেছে নোট বাতিলের স্মৃতি। সে বার ৫০০ এবং ১ হাজার টাকার নোট বাতিল করা হয়েছিল। তার পরেই নোটের জোগান দিতে ২ হাজার টাকার নোট আনা হয়েছিল। এ বার সেই ২ হাজার টাকার নোট তুলে নেওয়া হয়েছে।

## চালসায় তিনটি বাড়িতে হামলা চালাল হাতি

চালসা, ২৩ মে (হি. স.) : জলপাইগুড়ির মেটেলি ব্লকের উত্তর ধুপঝোরা এলাকায় খাবারের লোভে একটি মুদিখানার দোকান সহ তিনটি বাড়িতে হামলা চালাল হাতি। সোমবার রাতে ঘটনাটি ঘটে। ঘটনায় সমগ্র এলাকায় আতঙ্কের পরিবেশ তৈরি হয়েছে।

জানা গিয়েছে, এদিন রাত প্রায় দেড়টা নাগাদ সংলগ্ন গরুমারা জঙ্গল থেকে একটি হাতি বের হয়ে আসে ধুপঝোড়া এলাকায়। লোকালয়ে এসে হাতিটি এলাকার জয়ন্তী ভিলেজে থাকা মজিবুল ইসলামের গালামালের দোকানে হামলা চালায়। গুঁড়িয়ে দেয় দোকানের দেওয়াল। সাবার করে দোকানে মজুত যাবতীয় খাদ্য সামগ্রী। এরপর হাতিটি ইনসান আলী, মালা ওরাওঁ ও অরুনা দর্জির বাড়িতে হামলা চালায়। হাতির হানায় ক্ষতিগ্রস্ত হয় বেশ কয়েকটি ঘর। ভোররাত নাগাদ হাতিটি স্থানীয় বাসিন্দাদের চিৎকারে ফের জঙ্গলে ফিরে যায়। ক্ষতিগ্রস্তরা যাবতীয় ক্ষতির ক্ষতিপূরণ দাবি করেছেন। বন দফতরের তরফে সরকারি নিয়মে ক্ষতিপূরণের আশ্বাস দেওয়া হয়েছে।

## নতুন অস্ত্রবিরতি না মেনে সুদানে ফের সংঘাত

খার্তুম, ২৩ মে (হি. স.) : সুদানে আরও বিমান হামলা ও সংঘর্ষের খবর পাওয়া গেছে। সাতদিনের অস্ত্রবিরতি অমান্য করে এই সংঘর্ষের ফলে দেশটিতে অস্ত্রবিরতির সর্বশেষ প্রচেষ্টার আশাও কমে গেছে।

গত রবিবার থেকে সুদানের সেনাবাহিনী এবং আধাসামরিক র‍্যাপিড সাপোর্ট ফোর্সেস (আরএসএফ) সাত দিনের মানবিক অস্ত্রবিরতি পালনে সম্মত হয়েছিল। তবে ইতিমধ্যে রাজধানী খার্তুম এবং অন্যত্র আরও সংঘাতের খবর জানিয়েছে প্রত্যক্ষদর্শীরা। শহর ওমদুরমান এবং বাহরিতে গোলাগুলির শব্দ শুনেছেন তাঁরা।

চুক্তি কার্যকর হওয়ার কয়েক ঘণ্টা আগে আধাসামরিক র‍্যাপিড সাপোর্ট ফোর্সেস (আরএসএফ) একটি যুদ্ধ বার্তা জারি করে। জেনারেল মোহাম্মদ হামদান দাগালো যিনি হেমেদতি নামে বেশি পরিচিত। তিনি একটি অডিও বার্তায় বলেন, 'এই অভ্যুত্থান শেষ না করা পর্যন্ত সৈন্যরা পিছু হটবে না।'

প্রসংত, সুদানে রক্তক্ষয়ী সংঘাত ছয় সপ্তাহের বেশি সময় ধরে চলছে। উত্তর-পূর্ব আফ্রিকার এই দেশটিতে সংঘাতে বহু মানুষ প্রাণ হারিয়েছেন। যুদ্ধের বিষবাষ্প ছেয়ে গিয়েছে গোটা দেশে।পরিসংখ্যান বলছে, সুদানের সংঘাতে সহস্রাধিক মানুষের মৃত্যু হয়েছে। সেই দেশে কর্মরত হাজার হাজার বিদেশি নাগরিক সংঘাতের আবহে প্রাণের দায়ে দেশে ফিরে এসেছেন।

# নিউটনীয় মহাবিশ্ব ও জড়তার উৎস

দীপেন ভট্টাচার্য

আমরা নিউটনের মহাবিশ্বে বাস করি। অনেকেই আপত্তি করবেন, বলবেন, আইনস্টাইনের আপেক্ষিকতা তত্ত্ব থেকে নিউটনীয় তত্ত্বকে আহরণ করা যায়, কাজেই নিশ্চয় আমাদের মহাবিশ্ব আইনস্টাইনীয়। বিবেচক পাঠক এটাও প্রশ্ন করবেন যে এখানে কোন বিষয়টিকে মূল ধরে নিউটন ও আইনস্টাইনের মধ্যে পার্থক্য করা হচ্ছে? আমি হয়তো বলব, আমাদের অল্প গতির জীবনে জাহাজে মালামাল তুলতে কিংবা চাঁদে মানুষ পাঠানোর জন্য নিউটনীয় বলবিদ্যা বা মাধ্যাকর্ষণ সূত্রই যথেষ্ট। আপনি হয়তো বলবেন, কিন্তু আমরা যে স্পেস-টাইম বা দেশ-কালের চাদরে বাস করি, সেটি আইনস্টানের সূত্র মেনে চলে, কাজেই সেটার অর্থ আরও গভীর। আমি নিশ্চয় এই কথায় আপত্তি করব না কিন্তু বলব, আমাদের দৈনন্দিন জীবন একটিমাত্র জিনিসের ওপর ভরসা করে চলে, সেটি হলো জড়তা, জাড্য বা ইনারশিয়া এবং এই বোধকে বিজ্ঞানের ভাষায় প্রকাশ করার জন্য আমরা নিউটনের কাছে ঋণী। একটি প্রাকৃতিক রাশিকে তিনটি ভিন্ন শব্দ (জড়তা, জাড্য, ইনারশিয়া) দিয়ে প্রকাশ করলাম। কারণ, সেটির ব্যাপ্তি এতই বিস্তৃত যে তাকে উপস্থাপন করতে তিনটি শব্দও যেন অপ্রতুল। আমাদের মহাবিশ্ব হলো ইনারশিয়ার, তবে সেই প্রসঙ্গে যাওয়ার আগে বলি, আইজ্যাক নিউটনের (১৬৪২---১৭২৬) কোনো আবিষ্কার বা উদ্ভাবন নিয়ে আমরা আজ আলোচনা করব না।

নিউটনের যখন ২৪ বছর বয়স, তখন তিনি ত্রিশারা কাচ (প্রিজম) ব্যবহার সূর্যের আলোকে তার বিভিন্ন রঙের বর্ণালিতে বিশ্লেষণ করেছিলেন এবং আরেকটি কাচ ব্যবহার করে সেগুলোকে আবার সাদা আলোয় ফিরিয়ে এনেছিলেন। 'সাদা' আলো যে বিভিন্ন তরঙ্গের আলোর সমষ্টি, এটি ছিল প্রথম সম্যক প্রমাণ। কিন্তু আলোর তত্ত্বকে প্রকাশ করতে তিনি ৩৮ বছর অপেক্ষা করলেন, প্রিন্সিপিয়ার পরে তাঁর দ্বিতীয় বিখ্যাত বই হলো অপটিকস। সেটি ১৭০৪ সালে প্রকাশিত হয়েছিল। ১৬৬৫ সালে ব্রিটেনে প্লেগ রোগের মহামারি দেখা দিল। নিউটন সেই সময় কেমব্রিজ বিশ্ববিদ্যালয় ছেড়ে তাঁর গ্রামের বাড়িতে চলে গেলেন। সেখানে নিভৃতে, অন্য শিক্ষার্থী ও গবেষকদের সঙ্গ ব্যতিরেকে দুই বছর ধরে যুগান্তকারী সব কাজ করলেন। উদ্ভাবন করলেন প্রতিফলিত দুরবিনযে দুরবিনের মূল গঠন জ্যোতির্বিদ্যার ক্ষেত্রে আধুনিক সময়েও ব্যবহৃত হচ্ছে। পরে ১৬৬৭ সালে লন্ডনে ফিরে, ব্রিটিশ রয়্যাল সোসাইটিতে এই দুরবিন দেখিয়ে সদস্যপদ লাভ করলেন অখ্যাত নিউটন। কিন্তু এর চেয়ে বড় যে কাজ, সেটি হলো, যখন তাঁর বয়স ২৬-ও ছোঁয়নি, নিউটন উদ্ভাবন করলেন ক্যালকুলাস বা সমাকলন। তিনি দেখলেন, পৃথিবীর বুকে পড়ন্ত বস্তুর গতি বা সূর্যের চারদিকে গ্রহগুলোর পরিক্রমায় যে পরিবর্তনশীল গতির উদ্ভব হয়, সেটিকে গণনা করতে ক্যালকুলাস ছাড়া উপায় নেই। অথচ ১৬৮৭ সালে তিনি যখন তাঁর প্রিন্সিপিয়া বইয়ে বলবিদ্যার গতিসূত্র, কেন্দ্রাভিমুখী বল, সর্বজনীন মাধ্যাকর্ষণ সূত্র, গ্রহের উপবৃত্তাকার পথ ইত্যাদি বর্ণনা করলেন, তাতে কোথাও ক্যালকুলাস ব্যবহার করলেন না, বরং দুরূহ জ্যামিতি দিলেন। ফলে বইটি সাধারণের বোধগম্যতার বাইরে রয়ে গেল। এই কাজ যে ইচ্ছাকৃত, তাতে সন্দেহ নেই, কিন্তু কেন নিউটন এটা করেছিলেন, সেটির বিশ্লেষণে আমরা এখানে যাব না।

আর কিছু আছে? আছে। ১৭০১ সালের একটি বৈজ্ঞানিক প্রবন্ধে নিউটন দেখালেন, একটি বস্তুর তাপ বিকিরণের পরিমাণ ওই বস্তুর তাপমাত্রা এবং সেটির চারপাশের যে তাপমাত্রা আছে, তার পার্থক্যের ওপর নির্ভর করবে। পার্থক্য বেশি হলে তাপ ক্ষয়ের পরিমাণ বেশি হবে, তাপমাত্রার পার্থক্য কম হলে বস্তুর তাপ বিকিরণ কম হবে। এটিকে আমরা নিউটনের শীতলতার সূত্র বলি। এ ছাড়া নিউটন একজন আলকেমিস্ট ছিলেন, অন্য ধাতু থেকে কেমন করে স্বর্ণ সৃষ্টি করা যায়, সে রকম রসায়ন প্র্যাকটিস করতেন। যদিও আজ আমরা জানি, এটি সম্ভব নয়। কিন্তু তাঁর রসায়নের পরীক্ষা-নিরীক্ষার অভিজ্ঞতা পরবর্তীকালে, তিনি যখন রাজকীয় টাঁকশালের প্রধান ছিলেন, তখন টেকসই উন্নত মানের ধাতব মুদ্রা সৃষ্টিতে কাজে দিয়েছিল।

ওপরে নিউটনের যেসব কীর্তি বললাম, সেগুলো নিয়ে আর কথা বাড়াব না, এবার আসব আমাদের আলোচনার মূল বিষয়ে। সেই কবে স্কুলে প্রথম পড়েছি নিউটনের প্রথম গতিসূত্রকোনো বস্তু যদি স্থির অবস্থায় থাকে এবং তার ওপর যদি সম্মিলিত বল শূন্য হয়, তবে বস্তুটি স্থির থাকবে অথবা যদি বস্তুটি গতিশীল থাকে এবং তার ওপর সম্মিলিত ভর শূন্য হয়, তবে বস্তুটি সমবেগে সরলরেখায় চলবে। খুব সাধারণ একটি বাক্যযাকে নিউটনের জড়তা, জাড্য বা ইনারশিয়ার সূত্র বলা হয়। সূত্রটির প্রথম অংশে বস্তুটি নড়বে না তার স্থিতি জড়তার কারণে। দ্বিতীয় অংশে বস্তুটি চলবে তার গতি জড়তার কারণে। স্কুলে যখন পড়েছি, তখন জিনিসটা মনে দাগ কাটেনি, বরং ভেবেছি, এ আর এমন কীএ তো জানা কথাই। অথচ আমাদের মহাবিশ্বের পুরো কাঠামোই দাঁড়িয়ে আছে স্থিতি ও গতি জড়তার ওপরে। মনে করুন, এমন একটি মহাবিশ্বের কথা, যেখানে জাড্য বা ইনারশিয়া নেই। সেখানে কখনোই বস্তুকণাগুলো তারা বা গ্রহ সৃষ্টি করতে পারবে না, সেই কণাগুলো কখনোই স্থির থাকবে না, তারা যদৃচ্ছ বা এলোমেলোভাবে চলাফেরা করবে, এক জায়গায় আটকানো যাবে না। অন্যদিকে সৌরজগতের মতো সুগঠিত কাঠামোরও সৃষ্টি হবে না। কারণ, গতি জড়তা না থাকলে সেই কবেই পৃথিবীর মতো গ্রহগুলো সেগুলোর সূর্যের ওপর আপতিত হতো।

নিউটনের নিজ হাতে অঁকা প্রতিফলক দুরবিন নিউটনের আগে গ্যালিলিও গ্যালিলেই জড়তা বা জাড্যর ধারণাটি দিয়ে গেছেন, নিউটন গ্যালিলিওর কাজ সম্পর্কে অবহিত ছিলেন। তাঁর প্রিন্সিপিয়া বইয়ে প্রথম সূত্রটি প্রসঙ্গে গ্যালিলিওর একটি এক্সপেরিমেন্টের উল্লেখ করেছেন। এই পরীক্ষায় গ্যালিলিও দেখিয়েছিলেন, অভিকর্ষজ ত্বরণ অনুভবকারী পড়ন্ত বস্তু যে দূরত্ব অতিক্রম করবে, তা সময়ের বর্গের আনুপাতিক হবে (দূরত্ব সময় শ্র সময়)। গ্যালিলিও ও নিউটনের আগে দুই হাজার বছরের বিজ্ঞান জাড্য, জড়তা বা ইনারশিয়ার রূপটি ধরতে পারেনি। আর ধরতে পারেনি বলে পৃথিবী যে নিজের অক্ষের চারদিকে বা সূর্যের চারদিকে পরিক্রমা করছে, তা—ও বুঝতে পারেনি। জড়তা বিদ্যার আগে চিন্তকেরা ভাবতেন, পৃথিবী যদি ঘোরেই (পশ্চিম থেকে পূর্বে) তবে কেউ ঘরের মধ্যে লাফ দিলে ঘরের পশ্চিম দিকের দেয়াল এসে তাকে ধাক্কা দেবে। সেই সময়ে দ্রুতগতির যান ছিল না, নইলে তাঁরা দেখতে পেতেন যে বাস বা ট্রেনে বসে একটা বস্তুকে ওপর দিকে ছুড়লে, সেটি আবার আগের জায়গাতেই ফিরে আসে। কারণ, বস্তুটির গতি, যে ছুড়ছে তার গতিতেই ভ্রমণ করছে। তাই ওপর দিকে ছুড়লেও সেটির গতি জড়তার কারণে সামনের দিকেও ভ্রমণ করবে এবং তার আদি অবস্থানে ফিরে আসবে।

তাই আমাদের মহাবিশ্ব হলো ইনারশিয়ার মহাবিশ্ব। এবার আসি নিউটনের দ্বিতীয় সূত্রে, যেখানে বলের একটি সংজ্ঞা দেওয়া হয়েছে। চ গু দ্বত্থ, বল গু ভর শ্র ত্বরণ। এই সমীকরণ কিন্তু প্রিন্সিপিয়া বইয়ে এভাবে দেওয়া নেই। নিউটন যেটা বলেছিলেন, সেটা হলো, ভরবেগের পরিবর্তনের হার আপতিত বলের সমানুপাতিক, যেটাকে পদার্থবিদ্যার ভাষায় এভাবে লেখা যায়। এখানে স্ত হলো বস্তুর বেগ ও ঠ হলো সময়। সমস্যা হলো, যদিও নিউটন ইতিমধ্যে ক্যালকুলাস বা সমাকলন গণিত উদ্ভাবন করেছিলেন, তিনি সেটি প্রিন্সিপিয়ায় ব্যবহার করেননি। আগেই বলেছি, ওই বই লেখা হয়েছে জ্যামিতিক দৃষ্টিকোণ থেকে। যেটার অর্থোদ্ধার সাধারণ পাঠকের পক্ষে কঠিন ছিল। নিউটন বুঝেছিলেন, তিনি বিজ্ঞানে ভর, বল, সময়ের মতো রাশিগুলোর প্রবর্তন করছেন এবং এগুলোর জন্য সংজ্ঞা প্রয়োজন। ভরকে তিনি বর্ণনা করেছেন এভাবেবস্তুর ভর হলো বস্তুটির ঘন আকার (বা আয়তন) ও ঘনত্ব থেকে যে পরিমাণ পদার্থ পাওয়া যায়, তার একটি পরিমাপক। প্রিন্সিপিয়া বইটির অন্যান্য অংশে তাঁর লেখা থেকে এটি পরিষ্কার, তিনি বস্তুর ভর যে ইনারশিয়া বা জাড্যর সঙ্গে জড়িত, সেটা বুঝেছিলেন। বস্তুর ভর হলো বস্তুটির জাড্য বা জড়তার পরিমাপক; জড়তা বেশি হলে ভর বেশি হবে, জড়তা কম হলে ভর কম হবে, আবার ভর বেশি হলে তাকে ত্বরান্বিত করতে বেশি বল লাগবে (নিউটনের দ্বিতীয় সূত্র অনুযায়ী)।

এখন প্রশ্ন হলো, বস্তুর জড়তার উৎস কী? নিউটনের পক্ষে এর উত্তর দেওয়া সম্ভব ছিল না, কিন্তু নিউটন পরম স্থান বা দেশ সম্পর্কে একটি এক্সপেরিমেন্টের কথা বলে গেছেন, যাকে আমরা নিউটনের বালতি পরীক্ষা নামে চিনি। এর ব্যাখ্যা দিতে মহাবিশ্বে জড়তার উৎস প্রসঙ্গটি আসে। বালতি পরীক্ষার ব্যাখ্যা দিতে আইনস্টাইনকে বেশ ভাবতে হয়েছিল এবং মনে হয়, এর প্রকৃত কার্যকারণ এখনো আমরা পুরোপুরি জানি না। বাকেট বা বালতি পরীক্ষার বর্ণনা দেওয়ার আগে বলি, নিউটনের কাছে স্থান বা দেশ ছিল এর বাংলা পরম, নিরঙ্কুশ, অনপেক্ষ বা সার্বভৌম হতে পারে। এ ক্ষেত্রে অনপেক্ষ কথাটি আমরা গ্রহণ করতে পারি, 'অনপেক্ষ স্থান' অন্য কোনো কিছুর ওপর নির্ভরশীল নয়। নিউটনের প্রিজম পরীক্ষা। এর মাধ্যমেই তিনি আলোক বর্ণালীর ব্যাখ্যা দেন।

নিউটন জড়ত্বীয় রেফারেন্স কাঠামোর ধারণাটির কথা উল্লেখ করেছেন, যে কাঠামোগুলো হয় স্থির থাকে, নয় সমবেগে সরলরেখায় ভ্রমণ করে এবং যেখানে নিউটনের বলবিদ্যার সূত্রগুলো কার্যকর হয়। সমস্যা হলো, এই জড়ত্বীয় কাঠামো কিসের তুলনায় স্থির বা সমবেগে ভ্রমণ করছে, সেটা আমরা জানি না। নিউটনের জন্য এগুলো স্থির বা সমবেগে চলছে 'অনপেক্ষ' স্থানের তুলনায়। নিউটনের ভাষায়অনপেক্ষ দেশ বা স্থানের প্রকৃতি (বা বৈশিষ্ট্য) হলো, কোনো কিছুর সাপেক্ষ ব্যতীত, সেটি থাকে সব সময় সদৃশ ও অনড়। অনপেক্ষ বা পরম সময় নিয়েও নিউটনের এ রকম একটি ব্যাখ্যা আছে, কিন্তু 'সব সময় সদৃশ ও অনড়' বলতে তিনি ঠিক কী বুঝিয়েছেন, সেটা বিশেষ বিভ্রান্তির কারণ হতে পারে। নিউটন নিজে এই সমস্যা সম্বন্ধে সচেতন ছিলেন এবং এই জন্য প্রিন্সিপিয়া বইটির সব স্বতঃসিদ্ধ, সম্পাদ্য, প্রমাণ ও অনুসিদ্ধান্ত 'আপেক্ষিক' স্থান বা দেশ ও সময়ের ওপর ভিত্তি করে গঠন করেছেন।

অনপেক্ষ স্থানের ব্যাপারে নিউটন এই বালতি এক্সপেরিমেন্টের সুপারিশ করেছেন। সেটি হলো এ রকম। মনে করুন, একটি বালতি (সেটির হাতল মারফত) একটি দড়ি দিয়ে ঝোলানো, বালতিটি জল দিয়ে অর্ধেক ভরা। এবার দড়িটা যদি একদিকে পাকিয়ে (বালতিটিও তার সঙ্গে বহুবার পাক খাবে) তা আমরা ছেড়ে দিই, তবে সেটি উল্টো দিকে জট ছাড়ানোর সঙ্গে সঙ্গে ঘুরবে, বালতিটিও ঘোরা শুরু করবে। বালতির জলের তল প্রথমে সমান থাকবে, কিন্তু ধীরে ধীরে বালতির ভেতরের দিকের দেয়ালের সঙ্গে ঘর্ষণের কারণে সেখানকার জলের কণা বালতির গতি পাবে। অন্যদিকে আমরা যত বালতির ভেতরের দিকে যাব সেই ঘর্ষণ কমে আসবে এবং সেখানে জলকণাগুলোর গতি কম হবে। শেষ পর্যন্ত আমরা দেখব যে বালতির দেয়ালের পাশে জলের উচ্চতা বেড়ে গেছে এবং বালতির কেন্দ্রে কমে গেছে, অর্থাৎ জলের তলটি একটি বক্র আকার পাবে। দেয়ালের সঙ্গে লাগানো জলকণাগুলোর গতি ও বালতির গতি এক, অর্থাৎ সেগুলোর আপেক্ষিক গতি শূন্য, আবার বালতিটি ঘুরতে শুরুঃ করার আগেও তাদের আপেক্ষিক গতি ছিল শূন্য। কিন্তু পরীক্ষাটির শুরুতে পানির পৃষ্ঠ সমতল আর পরীক্ষার শেষে জলের পৃষ্ঠ বক্র, কিন্তু উভয় ক্ষেত্রেই জল ও বালতির দেয়ালের আপেক্ষিক গতি হলো শূন্য। কাজেই আমরা যেখানে বলছি, সব গতি আপেক্ষিক, সেখানে এই যে জলের ঘূর্ণন তাকে কার তুলনায় 'আপেক্ষিক' বলা যাবে? নিঃসন্দেহে বালতির দেয়ালের তুলনায় নয়। কারণ, বালতিটির ঘূর্ণন গতি তো জলের সমানই। নিউটন এই ঘূর্ণনকে অনপেক্ষ স্থানের তুলনায় ঘূর্ণন বলেছেন। নিউটন বুঝেছিলেন, কোনো বস্তু যদি স্থান বা দেশে সমবেগে ভ্রমণ করে, সেটিকে বোঝার কোনো উপায় নেই, কিন্তু ঘূর্ণনের ব্যাপারে অনপেক্ষ স্থানের ধারণাটি তিনি আনতে চেয়েছিলেন। আপনারা যদি বালতি এক্সপেরিমেন্টের উপসংহারে বিভ্রান্ত বোধ করেন, তাহলে আপনি একা নন, নিউটন---পরবর্তী বহু বিজ্ঞানী নিউটন ঠিক কী বলতে চেয়েছিলেন, তা নিয়ে মাথা ঘামিয়েছেন। তাঁরা যে এটাকে পুরোপুরি ব্যাখ্যা করতে পেরেছেন, এমন নয়। কিন্তু এটি নিয়ে আলোচনা করতে গিয়ে আর্নেস্ট মাখ ও আলবার্ট আইনস্টাইনের মতো বিজ্ঞানীরা ইনারশিয়ার উৎস সম্পর্কে আলোকপাত করেছেন। নিউটনকে উৎসর্গীকৃত ডাকটিকিট মনে করুন, সারা মহাবিশ্বে কোনো বস্তু নেই শুধু বালতিটা ছাড়া। তাহলে কি জল বালতির দেয়াল বেয়ে উঠবে, সে কি নিউটনের বলবিদ্যার প্রথম সূত্র মানবে? অর্থাৎ যে জড়তা বা জাড্যর কারণে প্রথম সূত্র কার্যকরী, সেটি কি আর কাজ করবে? আর্নেস্ট মাখ বলেছিলেন, একটি স্থানীয় বিন্দুতে যা ঘটছে, তাতে মহাবিশ্বের প্রতিটি বস্তুকণা প্রভাব রাখছে। অর্থাৎ জড়তার উৎস হচ্ছে সামগ্রিকভাবে মহাবিশ্বের সব বস্তু। তাঁর মতে, মহাবিশ্বে যদি শুধু একটি কণা থাকে, তাহলে সেটির ভর হবে শূন্য। কারণ, জড়তা সৃষ্টিকারী অন্য বস্তুগুলো সেখানে অনুপস্থিত। এটিকে 'মাখের নীতি' বলা হয়। আইনস্টাইন প্রাথমিকভাবে মাখের এই নীতিতে অনুপ্রাণিত হয়েছিলেন। বালতি পরীক্ষাটির বিকল্পে আরেকটি সাধারণ এক্সপেরিমেন্টের কথা বলি, যেটা আপনি সহজেই করতে পারেন। রাতের মেঘমুক্ত তারাভরা আকাশের নিচে বাড়ির ছাদে বা কোনো মাঠে গিয়ে ওপর দিকে তাকিয়ে ঘুরতে থাকুন। দেখতে পাবেন, আকাশের তারাগুলো আপনার ঘোরার উল্টো দিকে ঘুরছে আর আপনার হাত দুটি দুই দিকে উঠে যাচ্ছে। বিষয়টাকে এভাবে দেখা যেতে পারে, আপনি ঘুরছেন না, মহাবিশ্বই আপনার চারপাশে ঘুরছে। আর সেটার প্রভাবে আপনার হাত দুটি ওপরে উঠে যাচ্ছে। এ রকম যদি আসলেই হয়, অর্থাৎ মহাবিশ্বের সব বস্তু আপনার চারপাশে ঘোরে, তবে আপনার হাত দুটির ওপরে উঠে যাওয়ার সম্ভাবনা আছে, যদিও এটির পূর্ণ প্রমাণ আমরা করতে পারিনি। আইনস্টাইন অবশ্য দেখিয়েছিলেন, একটি ঘুরন্ত বস্তুর খোলক, সেটির কেন্দ্রে কোরিয়লি বলের মতো একটি বলের সৃষ্টি করবে এবং সেখানে একটি দোদুল্যমান পেন্ডুলামের দোলন-তল পরিবর্তন করবে। পরবর্তীকালে কার্ট গোডেল আরেক ধরনের গণনায়, ঘুরন্ত মহাবিশ্বের প্রেক্ষাপটে দেখালেন যে ব্যাপারটা অত সহজ নয়, অর্থাৎ এই সমস্যা এখনো অমীমাংসিত।

তাহলে কি জড়তা বা ইনারশিয়া আসলেই মহাবিশ্বের বস্তুগুলোর অস্তিত্বের ফলাফল? তাহলে মহাবিশ্বের স্থান যদি শূন্য হয়, অর্থাৎ তাতে কোনো বস্তু যদি না থাকে এবং সেখানে আমরা একটি কণা রেখে দিই, তবে সেটির ভর শূন্য হবে। কারণ, ভর হলো জড়তার পরিমাপক। আর্নেস্ট মাখের উত্তর হবে, শূন্য মহাবিশ্বে ইনারশিয়া বলে কিছু নেই, নিউটনের বলবিদ্যার সূত্র সেখানে অকার্যকর। অন্যদিকে হিগস কণা এবং ক্ষেত্র আবিষ্কারের পরে আমরা বলছি, হিগস ক্ষেত্র কণার সঙ্গে মিথস্ক্রিয়া করে তাকে ভর দেয়। কিন্তু একটি শূন্য মহাবিশ্বে হিগস ক্ষেত্রের অস্তিত্ব থাকবে না, কাজেই সেই মহাবিশ্বে একটি কণার ভর শূন্যই হবে।

জড়তা নিয়ে এই বিস্তৃত আলোচনা পাঠকের মনে বিভ্রান্তির সৃষ্টি করবে, কিন্তু আমি দেখাতে চাইছিলাম, নিউটন শুধু তাঁর মহাকর্ষ সূত্র বা গ্রহগুলোর উপবৃত্তাকার পথের বিশ্লেষণের জন্য প্রাসঙ্গিক নন, বরং আমাদের মহাবিশ্ব যে জড়ত্বের মহাবিশ্ব, তা নিয়ে প্রাথমিক ভাবনাচিন্তার জন্যও প্রাসঙ্গিক। এ ছাড়া একটি অনুকল্পকে এক্সপেরিমেন্টের মাধ্যমে যাচাই করা, সেটিকে লিপিবদ্ধ করে বিজ্ঞানমহলে উপস্থিত করার এই যে বৈজ্ঞানিক পদ্ধতি, সেটি নিউটন পাকাপোক্ত করলেন। তাঁর বালতি এক্সপেরিমেন্টটি সেই ধারার অন্যতম উদাহরণ, যা কিনা ৩০০ বছরের ওপর আমাদের চিন্তার খোরাক হয়ে রয়েছে। আর পৃথিবীর পথে আপনার প্রতিটি পদক্ষেপ নিউটনের বলবিদ্যার তিনটি সূত্রের জন্যই বাস্তবায়িত হচ্ছে, তাই শুরুতে বলেছিলাম আমাদের মহাবিশ্ব নিউটনীয়।

# উচ্চ বায়ুমণ্ডলে বেলুনের ওড়াউড়ির রহস্য

জনরঞ্জন গোস্বামী

গত ৪ ফেব্রুয়ারি আমেরিকার দক্ষিণ ক্যারোলিনার আকাশ থেকে একটি বিশালাকার বেলুন গুলি খরে নামানো হয়েছে। কারণ সন্দেহ করা হচ্ছিল যে চিন বেলুনটিতে গুপ্তচরের কাজে আমেরিকার আকাশে পাঠিয়েছে এবং এ নিয়ে চিনের সঙ্গে রাজনৈতিক উত্তেজনাও সৃষ্টি হয়। বেলুনটি ৬০ মিটার লম্বা এবং এটি এক টন ওজনের পেলোজ বহন করে। বেলুনের পেলোডের অর্থ বেলুনের ভেতরের বাতাস ও বেলুনের ওজনের ফারাক। আমেরিকার স্টেট ডিপার্টমেন্টের কর্তারা বলছেন, বেলুনটি এমন ডিভাইস বহন করছিল যা সংবেদনশীল যোগাযোগ ব্যবস্থায় রাধা সৃষ্টি করতে পারে। চিন দাবি করেছে, বেলুনটি অসামরিক গবেষণার কাজের সঙ্গে যুক্ত এবং পথ হারিয়ে সেটি ক্যারোলিনার আকাশে চলে গেছে। এই ঘটনার পর আলাস্কার আকাশে একটি ছোট গাড়ির আকারের উড়ন্ত বস্তু দেখা যায়, কানাডার ইউকনের উপর একটি সিলিন্ডার আকৃতির বস্তু ও মিচিগানের হুরন হ্রদের উপর আকাশে একটি অষ্টভূজাকার বস্তু উড়তে দেখা যায়। সবগুলো বস্তুই কিন্তু বাণিজ্যিক আকাশ পথেই ৬ থেকে ১২ কিমি উচ্চতায় উড়ছিল। সবগুলো উড়ন্ত বস্তুকে গুলি করে নামানো হলেও এগুলো যে সামরিক প্রয়োজন গুপ্তচরবৃত্তি করছিল এমন কোনও সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া যায়নি।

আমেরিকা সরকারিভাবে 'আনআইডেন্টিফায়েড এনোমোলাস ফেনোমেন' অর্থাৎ আকাশে দৃশ্যমান এমন কিছু ঘটনা যা সনাক্ত করা যায়নি এবং ইউফো বা আনআইডেন্টিফায়েড ফ্লাইং অবজেক্ট, ইদানিং দেশ গুরুত্ব দিয়ে আলোচনা হচ্ছে। সরকারি নির্দেশে 'নাসা' গত বছর জাতীয় নিরাপত্তার কথা মাথায় রেখে বিজ্ঞানের বিভিন্ন শাখা থেকে অভিজ্ঞ বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, ফ্লাইট ও মহাকাশ বিজ্ঞানে বিশেষজ্ঞদের নিয়ে ষোল জনের একটি দল তৈরি করেছে তারা আকাশের ঘটনাগুলো পর্যবেক্ষণ করে তাদের মতামত দিচ্ছেন। গত জানুয়ারিতে 'এনোমোলাস ঘটনা' (অস্বাভাবিক বা সনাক্ত করা যায়নি এমন ঘটনা সম্পকে মার্কিন গোয়েন্দা দল একটি রিপোর্ট প্রকাশ করেছে। ২০২১ সালে গোয়েন্দারা আগের ১৭ বছরে পর্যবেক্ষণের ফলও একটি রিপোর্টে জানিয়েছিল। এদের দেওয়া ৩৬৬ প্রতিবেদনের মধ্যে ১৬৩টি বেলুন এবং ২০ টি যাত্রী বা ক্রুবিহীন বিমান। যাই হোক, নিবন্ধটি আকাসের উড়ন্ত বেলুনের মধ্যেই সীমাবদ্ধ রাখা হবে।

ইতালির শব্দ থেকেই ইংরেজি বেলুন শব্দটি এসেছে এবং আমাদের বাংলাতেও এই শব্দটি ব্যবহার হয়। ১৫৭০ সালে ইতালিতে এই ছিল বাতাস ভরা চামড়ার একটি গোলাকার বলকে পা দিয়ে লাখি মেরে মেরে ওর ধরনের খেলা এক সময় আসে যাতে গরম হাওয়া ঢুকিয়ে আকাশে ওড়ানো হত। ১৮২৪ সালে বিজ্ঞানী মাইকেল ফ্যারাডে বেলুনে হাইড্রোজেন গ্যাস ভরে বেলুনটিকেত আয়তনে বড় করেন। বৈজ্ঞানিক পরীক্ষায় সেটাই বোধহয় বেলুনের প্রথম ব্যবহার। বেলুন খেলনা হিসাবে আমাদের দেশে কবে এসেছিল সেই তথ্যটি জানতে পারিনি। তবে ১৮৩৬ সালে ভি রবার্টসন নামে এক বিদেশি বর্তমান কলকাতার গার্ডেনরিচের মুচিখোলা নামক অঞ্চল থেকে বেলুন চেপে কাশীপুর পর্যন্ত উড়ে যান। এই অসম্ভব দৃশ্য দেখার জন্য গঙ্গার দুই ধার মানুষে ভবে যায়, গঙ্গায় চলাচলকারী নৌকায় তিল ধারণের স্থানে নেই। বেলুনে ওড়ার প্রথম ভারতীয় একজন বাঙালি হলেন রামচন্দ্র চ্যাটার্জি, যিনি ১৮৮৯ সালে বর্তমান রেসকোর্স থেকে বেলুনে উড়ে যান।

আজকের দিনে বেলুন একটি মূল্যবান হাতিয়ার যা ড্রোন বা প্লেনের চেয়ে বেশি উচ্চতায় থেকে উপগ্রহের থেকে অনেক কম খরচে উপরের এবং নীচের দৃশ্য রেকর্ড করতে পারে ও নানা তথ্য সংগ্রহ করতে পারে।

এখন বেশিরভাগ বেলুনই আকাশে পাঠানো হয় আবহাওয়া সম্পর্কে খোঁজখবর নিতে। আমেরিকার 'জাতীয় আবহাওয়া সার্ভিস'এর দেওয়া তথ্য অনুসারে এজন্য যে বেলুন ব্যবহার করা হয় সেগুলো ল্যাটেক্স বা সিন্থেটিক রাবার (নিওপ্রিন) দিয়ে তৈরি এবং হাইড্রোজেন বা হিলিয়াম দিয়ে পূর্ণ। বেলুনে রেডিওসেন্ড নামে একটি যন্ত্র সংযুক্ত থাকে যা বেলুনটি বায়ুমণ্ডলে ওঠার সঙ্গে সঙ্গে চাপ তাপমাত্র (-৯৫.C পর্যন্ত) আর্দ্রতা সম্পর্কিথ তথ্য রেডিওসেন্ডে রাখা একটি ট্রান্সমিটারের সাহায্যে প্রতি এক দুই সেকেন্ডে মাটিতে থাকা ট্র্যাকিং সরঞ্জামগুলোয় পাঠাতে থাকে। রেডিওসেন্ডের অবস্থান ট্র্যাক করে বাতাসের গতি ও দিকনির্দেশ গণনা করতে পারা যায়। এই যন্ত্রটি একটি ছোট ব্যাটারিতে চলে। এসব বেলুন এক লক্ষ ফুট উচ্চতাতেও যেতে পারে। বেলুনের নীচের দিকে একটি প্যারাসুট সংযুক্ত থাকে। বেলুনটি ফেটে যাওয়ার পর রেডিওসেন্ড ঘমটায় ৩৬ কিমি বেগে মাটিতে ধীরে ধীরে পড়তে থাকে। প্রতিটি রেডিওসেন্ডে একটি 'মেইল ব্যাগ' আছে। পৃথিবী পৃষ্ঠের কেউ তা পেলে কী করতে হবে, সে নির্দেশ দেওয়া আছে। শুধু আমেরিকা থেকেই বছর ৭৫০০০ রেডিওসেন্ড বায়ুমণ্ডলে যাচ্ছে, যার ২০ শতাংশ মাত্র মানুষে খুঁজে পায় এবং তা পুনরায় ব্যবহার করা যায়। এই ধরনের বেলুন থেকে পাওয়া তথ্য কম্পিউটারে ঢুকিয়ে মূল্যবান সিদ্ধান্তে আসা যায়। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে সারা বিশ্বে ৭০০ টি অবস্থান থেকে দিনে অন্তত দু'বার এই বেলুন একযোগে বায়ুমণ্ডলে পাঠানো হয়। বেলুনগুলো বায়োডিগ্রেডেবল ল্যাটেক্স দিয়ে তৈরি এবং উচ্চতায় ৬ মিটার ব্যাসের। বেলুনগুলোর স্থায়িত্ব কয়েক ঘণ্টা। কোনও কোনও বিজ্ঞানী অনেক বড় ও দীর্ঘকাল স্থায়ী হয় এমন বেলুন ব্যবহার করে মহাকাশের তথ্য সংগ্রহ করেন। নাসা'র ওয়ালসপ ফ্লাইট ফ্যামিলিটি প্রতি বছর ১০ থেকে ১৫টি বৈজ্ঞানিকত পরীক্ষায় নিমিত্ত স্টেডিয়ামের মতো বড় হতে পারে, ৩০০০ কেজি মাল বহন করতে পারে এবং ৩৭ কিমি উচ্চতায় পৌঁছতে পারে।

**(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)**

**সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।**

# ঘূর্ণাবর্তের প্রভাবে দক্ষিণবঙ্গে বৃষ্টির পূর্বাভাস; গরম থেকে মিলবে স্বস্তি, জারি কমলা সতর্কতা !



কলকাতা, ২৩ মে (হি.স.): গরমে কাহিল দক্ষিণবঙ্গকে স্বস্তি দিতে আসছে বৃষ্টি। আগামী বৃহস্পতিবার (কোথাও কোথাও শুক্রবার) পর্যন্ত কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন অংশে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি বাড়ার পূর্বাভাস রয়েছে। হতে পারে শিলাবৃষ্টিও, তাই কমলা সতর্কতা জারি করা হয়েছে। এই সময়ে হাওয়ার গতিবেগ থাকতে পারে ঘণ্টায় ৫০-৬০ কিলোমিটার। পাশাপাশি, বৃহস্পতিবার এবং শুক্রবারও ৩০ থেকে ৪০ কিমি বেগে ঝোড়ো হাওয়ার সঙ্গে মাঝারি বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।

আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, আগামী শুক্রবার পর্যন্ত উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলি, কলকাতা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, বীরভূম, মুর্শিদাবাদ এবং নদিয়াতে ঝড়বিদ্যুৎ-সহ বৃষ্টিপাত হতে পারে। দক্ষিণবঙ্গের পাশাপাশি উত্তরবঙ্গের জেলাগুলিতেও আগামী দু'দিন শিলাবৃষ্টি-সহ ঝড় এবং বজ্রপাত হওয়ার কথা জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। জারি করা হয়েছে কমলা সতর্কতা।

আবহবিদরা জানিয়েছেন, পূর্ব উত্তর প্রদেশ, ঝাড়খন্ড এবং আশপাশের অঞ্চলে ঘূর্ণাবর্ত তৈরি হওয়ায় এবং বঙ্গোপসাগর থেকে ভেসে আসা জলীয়বাষ্পের কারণে বৃষ্টিতে ভিজতে চলেছে কলকাতা-সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন অংশ। বৃষ্টির জন্য ২৪ ঘণ্টা পর থেকে দক্ষিণবঙ্গের তাপমাত্রা ২ থেকে ৪ ডিগ্রি কমতে পারে বলেও জানিয়েছেন আবহবিদরা। মঙ্গলবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯.৩ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি বেশি।

## মহারাষ্ট্রের অমরাবতীতে এসইউভি গাড়িতে ধাক্কা ট্রাকের

অমরাবতী, ২৩ মে (হি.স.): মহারাষ্ট্রের অমরাবতী জেলায় যাত্রীবাহী এসইউভি গাড়িতে নিয়ন্ত্রণ হারিয়ে ধাক্কা মারল একটি ট্রাক। ভয়াবহ এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৫ জনের, এছাড়াও কমপক্ষে ৭ জন কমবেশি আহত হয়েছেন। সোমবার রাত এগারোটা নাগাদ দুর্ঘটনাটি ঘটেছে অমরাবতী জেলার খাল্লার থানার অন্তর্গত দারিয়াপুর-অঞ্জনগাঁও সড়কে। দুর্ঘটনায় হতাহতদের নাম ও পরিচয় জানার চেষ্টা করছে পুলিশ।

মঙ্গলবার সকালে পুলিশ জানিয়েছে, সোমবার রাত এগারোটা নাগাদ অমরাবতী জেলার খাল্লার থানার অন্তর্গত দারিয়াপুর-অঞ্জনগাঁও সড়কে একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে এসইউভি গাড়িতে ধাক্কা মারে। দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৫ জনের ও ৭ জন আহত হয়েছেন। হতাহতদের মধ্যে বেশিরভাগই একই পরিবারের সদস্য। পারিবারিক অনুষ্ঠানে যোগ দেওয়ার পর দারিয়াপুরে ফিরছিলেন তাঁরা। মামলা রুজু করে দুর্ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## উত্তর-পূর্ব দিল্লিতে যুবকের রক্তাক্ত দেহ উদ্ধার, ভ্যান থেকে মিলল নিথর মরদেহ

নয়াদিল্লি, ২৩ মে (হি.স.): উত্তর-পূর্ব দিল্লির জাফরাবাদে একটি ভ্যান থেকে উদ্ধার হল ৩২ বছর বয়সী এক যুবকের নিথর দেহ। ওই যুবকের ঘাড়ে কোপানোর আঘাত ছিল। মঙ্গলবার সকালে জাফরাবাদের যমুনা বিহার রোডের কাছে একটি ভ্যান থেকে উদ্ধার হয় ওই যুবকের দেহ। নিহত যুবকের নাম-অর্জুন (৩২)।

পুলিশ জানিয়েছে, ভ্যানটি আসলে একটি ট্যাক্সি, সেটি হরিয়ানার গুরুগ্রামের একটি কোম্পানির। মঙ্গলবার সকাল ৫.৩০ মিনিট নাগাদ পুলিশকে ফোন করে এ বিষয়ে জানানো হয়। পুলিশ এসে দেখে, ভ্যানের মধ্যে রক্তাক্ত অবস্থায় পড়ে রয়েছে ওই যুবকের দেহ। খবর পেয়ে ঘটনাস্থলে এসে ফরেনসিক টিম, সংগ্রহ করা হয়েছে নমুনা। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## দক্ষিণী অভিনেতা শরৎ বাবুর প্রয়াণে স্তব্ধ রজনীকান্ত, বললেন তিনি খুব ভালো মানুষ ছিলেন




চেন্নাই, ২৩ মে (হি.স.): বর্ষীয়ান অভিনেতা শরৎ বাবুর প্রয়াণে গভীর শোকপ্রকাশ করেছেন অভিনেতা রজনীকান্ত। সোমবার শেষ নিঃশ্বাস ত্যাগ করেন দক্ষিণী অভিনেতা শরৎ বাবু। ৭১ বছর বয়সী এই অভিনেতা দীর্ঘদিন ধরেই সেপসিস আক্রান্ত ছিলেন। এই মাসের শুরু থেকেই তিনি হায়দরাবাদের এআইজি হাসপাতালে ভর্তি ছিলেন। তাঁকে ভেন্টিলেশনে রাখা হয়েছিল।

অভিনেতার মৃত্যুতে শোক জ্ঞাপন করেছেন একাধিক অভিনেতা। তাঁরা তাঁর সঙ্গে কাজ করার নানা স্মৃতি মনে করেছেন। প্রয়াত অভিনেতার পরিবারকে সমবেদনা জানিয়েছেন। মঙ্গলবার চেন্নাইয়ে শরৎ বাবুর বাড়িতে প্রয়াত অভিনেতাকে শেষশ্রদ্ধা জানিয়েছেন রজনীকান্ত। রজনীকান্ত বলেছেন, 'তিনি (শরৎ বাবু) খুবই ভালো মানুষ ছিলেন। আমি তাঁকে কখনও রাগান্বিত হতে দেখিনি। তাঁরা অভিনীত সবগুলি ছবিই দারুণ হিট হয়েছিল। তিনি আমার প্রতি খুব স্নেহশীল ছিলেন। আমি তাঁর মৃত্যুতে শোকাহত।'

শরৎ বাবু তাঁর কেরিয়ারে ২৫০টির বেশি ছবিতে কাজ করেছেন। তিনি তামিল ছবি সহ কন্নড়, তেলুগু ভাষার ছবিতেও কাজ করেছেন। তিনি অধিকাংশ ছবিতেই রজনীকান্ত এবং কমল হাসানের সঙ্গে অভিনয় করেছিলেন। ইদি কথা কাদু ছবির মাধ্যমে তিনি পরিচিতির আলোয় আসেন। এই তেলুগু ছবিটির পরিচালনা করেছিলেন কে বালাচন্দ্র। এই ছবিতে চিরঞ্জীবী এবং কমল হাসান দুজনেই ছিলেন।

## দিল্লির সর্বনিম্ন তাপমাত্রা বেড়ে ২৯.৮ ডিগ্রি, গরমের দহনজ্বালায় অতিষ্ঠ রাজধানী



নয়াদিল্লি, ২৩ মে (হি.স.): তীব্র গরমে অতিষ্ঠ রাজধানী দিল্লির মানুষজন। বেলা বাড়তেই রোদের দাপট বাড়ছে, তাপপ্রবাহের জেরে নাজেহাল অবস্থা রাজধানীতে। আগের দিনের তুলনায় মঙ্গলবার আরও কিছুটা বাড়ল দিল্লির তাপমাত্রা। এদিন দিল্লির সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯.৮ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৩ ডিগ্রি বেশি। শুধুমাত্র দিল্লি নয়, তাপপ্রবাহে অতিষ্ঠ উত্তর প্রদেশ, হরিয়ানা, পঞ্জাব, মধ্যপ্রদেশ, ঝাড়খন্ড, ছত্তিশগড়, রাজস্থান প্রভৃতি রাজ্যের মানুষজন। দাবদাহ থেকে রেহাই পেতে বৃষ্টির প্রতীক্ষায় প্রতিটি রাজ্যের মানুষজন। স্বস্তির বার্তাও দিয়েছে ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)। দিল্লিতে হালকা বৃষ্টির সম্ভাবনার কথা জানিয়েছেন আবহবিদরা।

## মহারাষ্ট্রের বুলধানায় বাস ও কন্টেনার ট্রাকের সংঘর্ষে মৃত ৬, কমবেশি আহত ১০ জন

বুলধানা, ২৩ মে (হি.স.): মহারাষ্ট্রের বুলধানা জেলায় মহারাষ্ট্র পরিবহন নিগমের বাস ও কন্টেনার ট্রাকের সংঘর্ষে প্রাণ হারালেন ৬ জন।

ভয়াবহ এই দুর্ঘটনায় আহত হয়েছেন আরও ১০ জন।

মঙ্গলবার সকালে দুর্ঘটনাটি ঘটেছে বুলধানা জেলায় সিন্দখেড় রাজা শহরে, মুম্বই-নাগপুর হাইওয়ের ওপর।

পুলিশ জানিয়েছে, মহারাষ্ট্র পরিবহন নিগমের বাসটি বুলধানা জেলার মেহকার অভিমুখে যাচ্ছিল।

পুণে থেকে আসা বাসটির সঙ্গে কন্টেনার ট্রাকের সংঘর্ষ হয়।

সংঘর্ষের অভিঘাতে বাসটি ভেঙে দুমড়ে মুচড়ে যায়।

দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ৬ ও ১০ জনকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পুলিশ মামলা রুজু করে দুর্ঘটনার তদন্ত শুরু করেছে।

## ইতিহাসে "সোনার ছেলে" নীরজ, হলেন বিশ্বের ১ নম্বর

মুম্বাই, ২৩ মে (হি.স.): ইতিহাস গড়লেন ভারতের "সোনার ছেলে" নীরজ চোপড়া। এই প্রথম কোনও ভারতীয় ট্র্যাক অ্যান্ড ফিল্ড অ্যাথলিট হিসেবে বিশ্ব র‍্যাঙ্কিংয়ে শীর্ষস্থান দখল করলেন নীরজ। সেই সঙ্গে বিশ্ব অ্যাথলেটিক্স সংস্থার সাম্প্রতিক ক্রমপর্যায় অনুযায়ী, পুরুষদের জ্যাভেলিন থ্রো ইভেন্টে বিশ্বের এক নম্বর খেলোয়াড় হয়েছেন নীরজ। নীরজের স্কোর ১,২৫৫।

দ্বিতীয় স্থানে আছেন গ্রানাডার অ্যান্ডারসন পিটার্স। তাঁর স্কোর ১, ৪৩৩। তৃতীয় স্থানে আছেন চেক প্রজাতন্ত্র জাকুব ভাদলেখ (স্কোর ১,৪১৬)। যিনি টোকিয়ো অলিম্পিক্সে রুপো জিতেছিলেন। বিশ্ব র‍্যাঙ্কিংয়ের শীর্ষস্থানাধিকারি এই ভারতীয় তারকা আগামী ৪ জুন নেদারল্যান্ডসে ফ্যানি ব্ল্যাকার্স-কোয়েন গেমসে নামবেন। তারপর আগামী ১৩ জুন ফিনল্যান্ডের পাভো নুরমি গেমসে অংশগ্রহণ করবেন নীরজ।

## বর্ণবাদ : ভিনিসিউসের পাশে ফিফা সভাপতি ও ব্রাজিল প্রেসিডেন্ট

জুরিখ, ২৩ মে (হি.স.): বর্তমানে ফুটবল বিশ্বে সবচেয়ে আলোচিত বিষয় ব্রাজিলের ভিনিসিউসের সঙ্গে চলতে থাকা বর্ণবাদী আচরণ। ব্রাজিলিয়ার তারকার সঙ্গে চলতে থাকা বর্ণবাদী আচরণ নিয়ে মুখ খুলেছেন বিশ্বের বিভিন্ন দেশের তারকারা। এবার মুখ খুললেন খোদ ফিফা সভাপতিও। তিনি এই তারকা ফুটবলারের পাশেই দাঁড়ালেন।

এক বিবৃতিতে ফিফার সভাপতি জানান, "ভিনিসিউসের সঙ্গে পূর্ণ সংহতি প্রকাশ করছি। ফুটবল বা সমাজে বর্ণবাদের কোনও স্থান নেই। যেসব খেলোয়াড় এ ধরনের পরিস্থিতিতে পড়বেন, ফিফা তাঁদের পাশে থাকবে। এটি প্রতিরোধে ফিফা প্রতিযোগিতায় তিন—ধাপ প্রক্রিয়া চালু আছে, যা সব ধরনের ফুটবলে প্রচলনের পরামর্শও দেওয়া হয়েছে।"

শুধু ফিফা প্রেসিডেন্ট নন, ভিনিসিউসের পাশে দাঁড়ালেন ব্রাজিলের প্রেসিডেন্ট লুলা সিলভাও। ভিনিসিউসকে রক্ষা করতে ও বর্ণবাদী আক্রমণ বন্ধ করতে ফিফাকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন ব্রাজিলের রাষ্ট্রপ্রধান। সিলভা বলেছেন, 'আমার মনে হয়, ফিফা, স্প্যানিশ লিগ ও অন্য দেশগুলোর লিগ কর্তৃপক্ষের উচিত এ ব্যাপারে পদক্ষেপ নেওয়া।" এদিকে ভিনিসিউসের পাশে দাঁড়িয়েছেন নেইমার, এমবাপ্পে, ট্যামি আব্রাহাম-সহ আরও অনেক ফুটবলার।

## ২৪ মে ফলপ্রকাশ উচ্চ মাধ্যমিক পরীক্ষার

কলকাতা, ২৩ মে (হি.স.): বুধবার, ২৪ মে প্রকাশিত হতে চলেছে এ বছরের উচ্চ মাধ্যমিকের ফল। পরীক্ষা শেষ হওয়ার ৪৪ দিনের মাথায় ফলপ্রকাশ করা হচ্ছে। উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের তরফে ২৪ মে দুপুর ১২টায় আনুষ্ঠানিক ফল ঘোষণার কিছুক্ষণ পর থেকে বিভিন্ন ওয়েবসাইটে দেখা যাবে পরীক্ষার্থীদের ফল। প্রতি বারের মতোই রেজাল্ট দেখা যাবে ন্দ্রত্নত্ন˜ত্র.ন্দ্রত্ন.দ্বস্তুহদ্র এবং ন্দ্রত্ন˜ত্র˜ন্ডনষ্ঠ˜.দ্রুত্বহদ্র ওয়েবসাইটে।

এ ছাড়াও রেজাল্ট দেখা যাবে ন্দ্রত্নত্বত˜ত্র.দ্রহত্ব.হদ্র, ন্দ্রন্দ্রন্দ্র.ত্রঅখদ্বত্রষ্ঠত্ব.ত্বদ্রদ্ব এবং ন্দ্রন্দ্রন্দ্রহদ্রত্মখন্ত্র˜ন্ডনষ্ঠ˜.ত্বদ্রদ্ব ওয়েবসাইটে। এসএমএস এবং মোবাইল অ্যাপের মাধ্যমেও ফল জানা যাবে। চলতি বছরে ১৪ মার্চ উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছিল। তা চলেছে ২৭ মার্চ পর্যন্ত। প্রায় দু'মাসের মাথায় ফল প্রকাশিত হচ্ছে। উচ্চ মাধ্যমিকে এ বছর মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮ লক্ষ ৫২ হাজার, যা গত বছরের তুলনায় প্রায় ১ লক্ষ ১০ হাজার বেশি। পরীক্ষার ফল ঘোষণার প্রাক্কালে যথেষ্ট উৎকণ্ঠার মধ্যে পরীক্ষার্থীরা।

## দুবরাজপুরে বোমা বিস্ফোরণের ঘটনায় ধৃত এক, আটক মূল অভিযুক্তের পুত্রও



বীরভূম, ২৩ মে (হি.স.): বীরভূম জেলার দুবরাজপুরে তৃণমূল কংগ্রেস কর্মীর বাড়িতে বোমা বিস্ফোরণের ঘটনায় একজনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃতের নাম শেখ মরিলাল। ধৃত মরিলাল মূল অভিযুক্ত শেখ শফিকের ভাই বলে জানা গিয়েছে। যে বাড়িতে সোমবার বিস্ফোরণ ঘটে, সেই বাড়িতেই থাকতেন মরিলাল। মরিলালকে গ্রেফতার করার পাশাপাশি আরও এক জনকে আটক করেছে পুলিশ। তাঁর নাম শেখ শাহরুক। মূল অভিযুক্তের পুত্র শেখ শাহরুক। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, সোমবার যে বাড়িতে বিস্ফোরণ হয়, সেটি স্থানীয় তৃণমূল কর্মী শেখ শফিকের বাড়ি। খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছয় দুবরাজপুর থানার পুলিশবাহিনী। অভিযোগ, শফিকের বাড়ির সিঁড়ির কাছে বোমাগুলি মজুত রাখা ছিল। কোনও কারণে তা থেকে বিস্ফোরণ হয়।

## এবার মালদহে বাজির গুদামে বিস্ফোরণ; অগ্নিদগ্ধ হয়ে মৃত এক, আহত অন্তত তিন



মালদহ, ২৩ মে (হি.স.): এগরা ও বজবজের পর এবার মালদহ। ফের অবৈধ বাজি কারখানায় বিস্ফোরণ। মালদহের ইংরেজবাজার পুরসভার নেতাজি পুরবাজার এলাকায় মঙ্গলবার সকাল ৬টা ৪৫ মিনিট নাগাদ বিস্ফোরণ হয়। বিস্ফোরণের পর আগুন ধরে যায় গুদামে। ঘটনাস্থলে অগ্নিদগ্ধ হয়ে এক শ্রমিকের মৃত্যু হয়েছে। অন্তত তিন জন গুরুতর জখম। আশঙ্কাজনক অবস্থায় তাঁদের মালদহ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করানো হয়েছে।

স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, মঙ্গলবার সকালে বিস্ফোরণের শব্দ শুনে স্থানীয়েরা প্রথমে ভেবেছিলেন, কোথাও বোমা ফেটেছে। কিন্তু পরে জানা যায়, বাজারে যে বাজির গুদাম রয়েছে, সেখানে বিস্ফোরণ হয়েছে। পুলিশ সূত্রের খবর, মঙ্গলবার সকালে গুদামের সামনে গাড়ি থেকে কার্বাইড নামানো হচ্ছিল। সেই কার্বাইড অসাবধানতায় নীচে পড়ে যায়। তার পরেই হয় বিস্ফোরণ। বিস্ফোরণের ফলে গুদামে আগুন ধরে যায়। দাহ্য পদার্থ মজুত থাকায় আগুন দ্রুত ছড়িয়ে পড়ে চারপাশে। ঘটনাস্থলে বাজির এক শ্রমিকের মৃত্যু হয়েছে। তিন জন শ্রমিককে আশঙ্কাজনক অবস্থায় নিয়ে যাওয়া হয় হাসপাতালে।

## ১ জুন পর্যন্ত বাড়ল সিসোদিয়ার জেলা হেফাজত, অধ্যয়নের জন্য চেয়ার-টেবিল দেওয়ার নির্দেশ আদালতের

নয়াদিল্লি, ২৩ মে (হি.স.): জেল থেকে এবারও মুক্তি পেলেন না দিল্লির প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির নেতা মনীশ সিসোদিয়া, উল্টে বিচারবিভাগীয় হেফাজতের মেয়াদ বাড়ল আগামী ১ জুন পর্যন্ত। পাশাপাশি জেলের মধ্যে অধ্যয়নের জন্য সিসোদিয়াকে চেয়ার ও টেবিল দেওয়ার নির্দেশ দিয়েছে আদালত। দিল্লি আবগারি নীতি মামলায় এর আগে মনীশ সিসোদিয়ার বিচারবিভাগীয় হেফাজতের মেয়াদ বাড়িয়ে ২৩ মে পর্যন্ত করা হয়েছিল, সেই মেয়াদ শেষ হওয়ায় মঙ্গলবার তাঁকে আদালতে পেশ করা হয়েছে। দিল্লির রাউস এভিনিউ আদালত এদিন সিসোদিয়ার বিচারবিভাগীয় হেফাজতের মেয়াদ বাড়িয়ে ১ জুন পর্যন্ত করেছে। জেলের ভিতরে অধ্যয়নের জন্য তাঁকে যাতে চেয়ার ও টেবিল দেওয়া হয়, আদালতে সেই আবেদন জানিয়েছিলেন সিসোদিয়েয়া, এ বিষয়ে জেল কর্তৃপক্ষকে ভাবনাচিন্তা করার নির্দেশ দিয়েছে আদালত।

## সংক্রমণ ও মৃত্যু উভয়ই নিম্নমুখী; করোনার দাপট কমছে ভারতে, দ্রুত বাড়ছে সুস্থতা




নয়াদিল্লি, ২৩ মে (হি.স.): ভারতে করোনার দৈনিক সংক্রমণ আরও কিছুটা কমেছে, সুস্থতার দ্রুততার সঙ্গে বাড়ছে। বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ৪০৫ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ৭, ১০৪-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০২ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। ৪ জনের মৃত্যুর পর মঙ্গলবার সকাল আটটা পর্যন্ত মৃত্যু হয়েছে ৫,৩১,৮৪৩ জনের (১.১৮ শতাংশ)।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, মঙ্গলবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৪৮,৩৯২ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮০ শতাংশ।

বিগত ২৪ ঘন্টায় টিকা পেয়েছেন ০১,২৪৩ জন, মোট করোনার টিকা পেয়েছেন ২২০,৬৬,৯৯, ৮৪৩ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২২ মে সারা দিনে ভারতে ১,০৮,৭২৬ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## গরমে ইচ্ছে হলেই দেদার আইসক্রিম খাচ্ছেন ?



তীব্র দাবদাহ। ঘরের বাইরে পা রাখলেই জ্বলে-পুড়ে যাচ্ছেন? অতঃপর আইসক্রিমের স্টল বা দোকান দেখলেই নিজেকে সেদিকে হিড়হিড় করে টেনে নিয়ে যাচ্ছেন তো? আর এক কামড় দিয়ে মুখে পড়লেই পুরো স্বর্গ! তবে সাবধান! এই 'ঠান্ডা ঠান্ডা কুল কুল' এফেক্টের নেপথে কিন্তু অজান্তেই মিজের মারাত্মক ক্ষতি করে ফেলছেন।

আইসক্রিম খেতে ভালবাসেন না, আট থেকে আশি এমন ব্যক্তি খুঁজে পাওয়া দায়। তব এই ঠান্ডা ডেজার্ট গলাধঃকরণ ডেকে আনতে পারে আপনার জীবনে বিপদ। কারণ এর উপকারিতার থেকে অপকারিতার মাত্রা অনেক বেশি। কীরকম? জেনে নিন তাহলে।

১. আধ কাপ ভ্যানিলা আইসক্রিমে প্রায় ২৫ এমজি কোলেস্টেরল থাকে। অতঃপর গোটা একটা আইসক্রিম খেলে আপনার শরীরে কতটা পরিমাণ কোলেস্টরলের মাত্রা বাড়বে, তা আঁচ করতে পারছেন? তাই আপনার রক্তে যদি কোলেস্টেরলের মাত্রা বেশি হয়, আইসক্রিম থেকে দূরে থাকুন। তাছাড়া, নিত্যদিন আইসক্রিম খাওয়া কাজের কথা নয়।

২. ডায়াবেটিক রোগীরাও আইসক্রিম খেতে পারেন চিকিতকের পরামর্শ অনুযায়ী। আইসক্রিমে প্রচুর পরিমাণে চিনি থাকে। যা শরীরে কালরির মাত্রা বাড়ায়। অতঃপর ক্যালরি বাড়লে ওজনও বৃদ্ধি পাবে, সেটাই স্বাভাবিক।

৩. যেসমস্ত উপকরণ দিয়ে আইসক্রিম তৈরি হয়, তাতে প্রচুর মাত্রায় স্যাচুরেটেড ফ্যাট থাকে। যা শরীরে এনার্জি জোগানোর পাশাপাশি বিশেষ এনজাইম উতাদন করে স্ট্রেসের ক্ষতিকারক প্রভাব থেকে শরীরকে বাঁচায়। তবে সেই সঙ্গেই ডেকে আনে ওজন বাড়ানোর তো বিপদ। যার ফলে শরীরে ডায়াবেটিস, হাইপ্রেসার, কোলেস্টেরলের মতো রোগ অচিরেই বাসা বাঁধে। ৪. এছাড়াও একাধিক গবেষণায় দেখা গিয়েছে, আইসক্রিম খাওয়ার মাত্রা বেশ কিছু নার্ভের ওপর মারাত্মক প্রভাব ফেলে। ক্রনিক মাথা যন্ত্রণা হয়। স্মৃতিশক্তিও কমতে পারে। আধ কাপ ভ্যানিলা আইসক্রিমে প্রায় ২৫ এমজি কোলেস্টেরল থাকে। যেসমস্ত উপকরণ দিয়ে আইসক্রিম তৈরি হয়, তাতে প্রচুর মাত্রায় স্যাচুরেটেড ফ্যাট থাকে।

## চিট ডে এই চিকেন কারি খেলেও ভয় নেই



এখন মানুষ স্বাস্থ্য নিয়ে অনেক বেশি সচেতন। বাইরের খাবারে রাশ টানার পাশাপাশি দৈনন্দিন খাবারেও তেল, মশলার ব্যবহার কমিয়ে ফেলছেন অনেকে। ওজন কমানোর জন্য বেশি তেল, মশলাদার খাবার খান না অনেকেই। কিন্তু মুখরোচক খাবারের থেকে মুখ ফিরিয়ে নেওয়া কঠিন। খুব বেশি না হলেও সপ্তাহে একদিন জমিয়ে খাওয়া-দাওয়া করার ইচ্ছা থাকে সকলের।

'চিট ডে' হলেও কিন্তু খুব বেশি তেল ও মশলা দিয়ে রান্না করে খাওয়া উচিত নয়। বরং, এমন ভাবে রান্না করা উচিত, যাতে স্বাদ ও স্বাস্থ্য দুটোই ভাল থাকে। আর যেহেতু রবিবার, তাই স্বাদকে সামনে রেখে চিকেন রেঁধে নিন। আজ যে চিকেন কারির রেসিপি শেয়ার করা হবে, তাতে নেই কোনও মশলা। আর তেল রয়েছে নামমাত্র। চলুন দেখে নেওয়া যাক এই চিকেন কারির রেসিপি।

কম তেল ও মশলায় যেভাবে রাঁধবেন চিকেন কারি-

১ কেজি চিকেন নিন। চিকেনটা ভাল করে ধুয়ে নিন। পেঁয়াজ কুচিয়ে নিন। সঙ্গে রাখুন কাঁচা লঙ্কা, শুকনো লঙ্কা। ২০০ গ্রাম টক দই নিন। অল্প জলে পোস্ত বেটে নিন। আর এই রেসিপির 'সিক্রেট' উপাদান হল কারি পাতা। এই সামান্য উপকরণ দিয়েই তৈরি হয়ে যাবে চিকেন কারি। যেহেতু নুন ছাড়া চলবে না, তাই উপকরণকে রাখতেই হবে। প্রথমে ননস্টিকের কড়াইতে অল্প পরিমাণে সাদা তেল দিন। আপনি সর্ষের তেলও ব্যবহার করতে পারেন। এবার এতে পেঁয়াজের কুচি ভাল করে ভেজে নিন। একটু লাল এবং নরম করে ভাজবেন। এই পেঁয়াজ ভাজা তুলে আলাদা করে রাখুন। এবার কড়াইতে যেটুকু তেল অবশিষ্ট রয়েছে, তার মধ্যেই কারি পাতা ও শুকনো লঙ্কা ফোড়ন দিন। কারি পাতা একটু ভেজে এর মধ্যে কাঁচা চিকেন দিয়ে দিন। চিকেনটা ভাল করে ভাজতে থাকুন। কিছুক্ষণ পর দেখবেন চিকেনের রং বদলাতে শুরু করেছে। তখন নুন দিয়ে আবার চিকেন ভাজতে থাকুন। এরপর দেখবেন চিকেন থেকে তেল বেরোতে শুরু করেছে।

এবার আঁচ কমিয়ে দিন এবং টক দই ঢেলে দিন। টক দই অল্প ফেটিয়ে নিয়ে ঢালুন। এর সঙ্গে ঝাল বুঝে কাঁচা লঙ্কা দিয়ে দিন। কাঁচা লঙ্কাগুলো মাঝ বরাবর চিড়ে দেবেন। এবার ভেজে রাখা পেঁয়াজটা মাংসের মধ্যে মিশিয়ে দিন। কম আঁচে রেখেই মাংসটা কষতে থাকুন। এরপর ঢাকা দিয়ে রেখে দিন মিনিট সাতেক। ঢাকা সরিয়ে দেখুন মাংস সেদ্ধ হয়েছে কিনা। চিকেন সেদ্ধ হয়ে গেলে পোস্ত বাটা মিশিয়ে দিন। উপর দিয়ে ছড়িয়ে নিন অল্প চিনি। অল্প নেড়েচেড়ে পরিবেশন করুন এই চিকেন কষা।

## পছন্দের তালিকায় রয়েছে ইতালিয়ান খাবার পিতা



বাচ্চা থেকে বুড়ো কমবেশি সকলেরই পছন্দের তালিকায় রয়েছে ইতালিয়ান খাবার পিতা। সন্ধ্যের স্নাক্স থেকে রাতের ডিনার কিংবা, উইকেন্ডে সিনেমা দেখার সঙ্গে পিতা হলে যেন জমে যায়! তবে সবসময়তো আর চাইলেই বাইরে থেকে পিতা আনিয়ে খাওয়া যায় না। আর তা স্বাস্থ্যের জন্যও ক্ষতিকারক। জানেন কি বাড়িতেই তৈরি করে নেওয়া যায় দোকানের মতো পিতা। লাগে না ওভেনও।

রইল রেসিপি

উপকরণ: ১ কাপ ময়দা ১/২ চা-চামচ লবণ ১/২ চা-চামচ বেকিং সোডা ১/২ চা-চামচ বেকিং পাউডার ১/২ কাপ টকদই ১/২ চা-চামচ কাপ জল ২ টেবিল চামচ তেল ১কাপ টুকরো করা বোনলেস চিকেন এক চিমটি হলুদ গুঁড়ো ১/২ চা-চামচ জিরা গুঁড়ো ১/২ চা-চামচ গোলমরিচ গুঁড়ো ১/২ চা-চামচ লঙ্কা গুঁড়ো ১/২ চা-চামচ লবণ ১ টেবিল চামচ তেল লম্বা করে টুকরো করা ক্যাপসিকাম, পেঁয়াজ, টমেটো ১ চা-চামচ অরিগ্যানো, চিলিফ্লেক্স টেবিল চামচ পিজ্জা সস পরিমাণ মতো চিজ স্টেপ ১- প্রথমেই পিতার বেস বানানোর জন্য উপরে দেওয়া উপকরণগুলো সবকিছু একসাথে মিশিয়ে একটা নরম মন্ড তৈরি করে নিতে হবে। এবার তা সেলোফেন পেপার দিয়ে ঢেকে এটা দু'ঘণ্টা মত একটা গরম জায়গায় রেখে দিতে হবে।

স্টেপ ২- এরপর চিকেন ম্যারিনেট করে নিতে হবে গোলমরিচ গুঁড়ো, হলুদ, জিরে গুঁড়ো, লঙ্কাগুঁড়ো ও লবণ দিয়ে। এবার এটা ১৫ মিনিট রেখে কড়াইয়ে তেল দিয়ে কষিয়ে নিতে হবে।

স্টেপ ৩- পিতার বেস রেডি হয়ে গেলে তা অ্যালুমিনিয়ামের থালার মধ্যে বা ট্রেতে একটু তেল ব্রাশ করে তার উপর পিতার ডো টা গোল করে পেতে দিতে হবে। এবার একটা কাটা চামচ দিয়ে কয়েকটা ফুটো করে দিতে হবে। এবাপ এর উপর একে-একে দিতে হবে পিতা সস, সামান্য চিজ, চিকেন, ক্যাপসিকাম, পেঁয়াজ, টমেটো, চিলি ফ্লেক্স, ওরিগেনো।এবং টপিং-এর জন সবার উপরে দিতে হবে আরও খানিকটা চিজ।

স্টেপ ৪-

এবার এটা বেক করার জন একটা পাত্র গাসওভেনে বসিয়ে তাতে নুন বিছিয়ে দিন। এবার এর উপর একটা স্ট্যান্ড বসান। তার উপর পিতাটা রেখে একটা ঢাকনা দিয়ে ঢেকে দিন। মাঝে ঢাকনা খুলে টুথপিক ঢুকিয়ে দেখুন ঠিকমতো বেক হচ্ছে কি না। এভাবে ৩০ মিনিট অপেক্ষা করুন। ব্যাস তৈরি আপনার হোমমেড পিতা। বাড়ির সকলের সঙ্গে ভাগ করে নিন এর স্বাদ।

## অফিসের জন্য লাঞ্চ বক্স তৈরি করুনস্বাস্থ্যকর

ওজন যতই বাড়ুক মিল স্কিপ করা উচিত নয়। দু'টো খাবারের মাঝে যদি ৩ ঘণ্টা বা তার বেশি ব্যবধান থাকে, তাহলেও মেদ জমে। তাই নির্দিষ্ট সময় অন্তর অল্প পরিমাণ খাবার খাওয়া উচিত। সকালের ব্রেকফাস্ট যেমন ভরপেট খাবেন, তেমনই লাঞ্চে রাখতে হবে প্রোটিনযুক্ত খাবার। বরং, লাঞ্চে এমন পদ রাখুন যা ওজন কমাতে সাহায্য করবে।

যা আপনার শরীরে সব ধরনের পুষ্টির চাহিদা মেটাবে। যেহেতু অফিস বেরোনোর তাড়া থাকে, আর রোজ ডাল-ভাত বয়ে নিয়ে যেতে ভাল লাগে না, তাই সহজ ও পুষ্টিকর খাবার খুঁজে নিন। রোজ সকালে উঠে ডাল, ভাত এবং তরকারি বা মাছের ঝাল রাঁধতে অনেক সময় চলে যায়। তাই এমন রেসিপি ট্রাই করতে হবে, যা তৈরি করতেও কম সময় লাগে। এমনই একটি পদ হল মশলা ইডলি। যা তৈরি করতে মাত্র ১৫ মিনিট সময় লাগবে।

দক্ষিণ ভারতের জনপ্রিয় পদ এই ইডলি। এই খাবার চাল, ডালের মিশ্রণকে ফার্মেন্টেড করে তৈরি করা হয়। সাধারণত সকালের জলখাবারে ইডলি খাওয়া হয়। তার সঙ্গে থাকে সাম্বার ও নারকেলের চাটনি। কিন্তু এই খাবারই যদি লাঞ্চে খেতে চান, তাহলে টুইস্ট আনতে হবে রেসিপিতে। সাম্বার ও নারকেলের চাটনি ছাড়া মশলা ইডলি বানিয়ে খেতে পারেন। এই খাবার ফাইবার ও প্রোটিনে পরিপূর্ণ, অন্ত্রের স্বাস্থ্যের খেয়াল রাখে এবং এতে ক্যালোরি একদম নেই। লাঞ্চে টক দইয়ের সঙ্গে খেতে পারেন এই খাবার। কীভাবে এই পদ বানাবেন, রইল টিপস।

মশলা ইডলি তৈরি করার সহজ উপায়-১ কাপ ইডলির চাল, ১ কাপ বিউলির ডাল এবং ১ চামচ মেথি দানা সারারাত ধরে জলে ভিজিয়ে রাখুন। পরদিন সকালে এগুলো একসঙ্গে পেস্ট করে নিন। জল দিয়ে পাতলা করতে নেবেন। এই ইউলির ব্যাটার ৩-৪ দিনের জন্য একসঙ্গে বানিয়ে রেখে দিন। এবার ইডলির ব্যাটারে নুন ও অল্প জল মিশিয়ে দিন। এরপর ইডলির তৈরির পাত্রে মিশ্রণ ঢেলে সেদ্ধ করে নিন। অন্যদিকে, কড়াইতে সর্ষের তেল গরম করুন। এর মধ্যে গোটা জিরে, গোটা সর্ষে, শুকনো লঙ্কা ও কারি পাতা ফোড়ন দিন। এবার এতে পেঁয়াজ কুচি, টমেটো কুচি, নুন, হলুদ ও সাম্বার মশলা দিয়ে ভাল করে নেড়ে নিন। অল্প জল দিয়ে ঘন করে নিন। মশলা তৈরি। ইডলি সেদ্ধ হয়ে গেলে চার টুকরো করে কেটে নিন। এবার ইডলির টুকরো মশলার সঙ্গে মিশিয়ে দিন। লেবুর রস ও ধনে পাতা কুচি ছড়িয়ে নিন। ব্যস তৈরি মশলা ইডলি। যদি ব্যাটার আগে থেকে তৈরি করা থাকে, তাহলে এই রেসিপিটি তৈরি করতে আপনার মাত্র ১৫ মিনিট সময় লাগবে।

## মুঠোফোনের নেশা কাটানোর কয়েকটি টিপস



সারাদিনের সঙ্গী মোবাইল? রাতের অন্ধকারেও মোবাইলে খুটখাট? ফোন আঁকড়েই রাত জাগা? জানেন কি, আলো-আঁধারিতে বারোটা বাজছে চোখের? অতিরিক্ত মাত্রায় স্মার্টফোনের নীল আলোয় অন্ধ হয়ে যেতে পারেন।

মোবাইলে চোখ, কী বোর্ডে আঙুল। দিনরাত এই নিয়ে রয়েছে জেন এক্স-জেন ওয়াই।

আর তাতেই সমস্যা বাড়ছে চোখের। কম বয়সে ছানি, ঝাপসা দৃষ্টি, মোটা কাচের চশমা তো এখন বাচ্চাদেরই পরতে দেখা যায়। ফেসবুক, টুইটার, হোয়াটসঅ্যাপ, ইনস্টাগ্রাম ছাড়াও রকমারি অ্যাপ চোখের বারোটা বাজিয়ে দিচ্ছে।

স্মার্টফোনে চোখের কী ক্ষতি হচ্ছে তা জেনে রাখা ভাল

আমেরিকার ইউনিভার্সিটি অফ টলেডোর গবেষক ও অ্যাসিসট্যান্ট প্রফেসর অজিত করুণারত্নে বলছেন, ডিজিটাল ডিভাইস থেকে যে নীলচে আলো বেরোয়, তা আসলে রেটিনার ক্ষতি করতে পারে। তা থেকে আসতে পারে অন্ধত্ব।

স্মার্টফোনের নীল আলোর দীর্ঘস্থায়ী প্রভাব মারাত্মক। মেলাটোনিন হরমোন উতাদনে বাধা দেয় এই আলো। এই হরমোনের প্রভাবে ঘুম নামে চোখে। ফলে ঘুমের দফারফা। মস্তিষ্ক তখন ভাবতে শুরু করে, সকাল হয়ে গেছে। রাতের অন্ধকারে দীর্ঘসময় স্মার্টফোনের ব্যবহারের ফলে রেটিনার ওপর প্রভাব পড়তে শুরু করে। রেটিনা পুরোপুরি ক্ষতিগ্রস্ত হয়ে যায় একটা সময়।

গবেষকরা বলছেন, রেটিনার ক্ষতি হয়ে যদি ম্যাকুলার ডিজেনারেশন শুরু হয়ে যায় এবং চোখের ফোটোরিসেপটর সেলগুলি নষ্ট হতে আরম্ভ করে, তা হলে আর বিশেষ কিছু করা যায় না, কারণ এই কোষ একবার নষ্ট হয়ে গেলে আর তৈরি হয় না। তাছাড়া অন্ধকারে স্মার্টফোনের নীল আলো বেশিমাত্রায় চোখে ঢুকলে ঘাড়ে ব্যথা, মাথাব্যথা বা মাইগ্রেনের মতো সমস্যাও বাড়ে। এ ছাড়া মুঠোফোনে দীর্ঘসময় মেসেজ টাইপ করতে থাকলে আঙুলের জয়েন্টগুলোতে ব্যথা হতে পারে। আর্থারাইটিসের মতো রোগ হতে পারে।

কীভাবে মুঠোফোনের নেশা কাটাবেন

চিকিতকদের পরামর্শ, রাতের অন্ধকারে স্মার্টফোন ব্যবহার ছাড়তেই হবে। খুব প্রয়োজনে আলো জ্বেলে মোবাইল, ল্যাপটপ, কম্পিউটার ব্যবহারের পরামর্শ দিচ্ছেন তাঁরা।

অফিস থেকে ফেরার পরই ফের মোবাইল নিয়ে ব্যস্ত হয়ে পড়বেন না। পরিবারের অন্যান্যদের সঙ্গে কথাবার্তা বলুন, পাড়ার বন্ধুদের সঙ্গে আড্ডা দিন, ইভনিং ওয়াকেও যেতে পারেন।

কোন কোন অ্যাপের কারণে আপনার ফোনের ব্যবহার বেড়ে যাচ্ছে? প্রথমেই এটি খুঁজে বার করুন। তার পরে দেখুন, সেই অ্যাপগুলির মধ্যে ক'টি বাদ দিলে আপনার রোজকার জীবনে ক্ষতি হবে না। যেগুলি বাদ দিয়েও বাঁচতে পারবেন, সেগুলি ফোন থেকে বাদ দিন।

ফোনের বাড়তি নোটিফিকেশন বন্ধ করে রাখুন। প্রয়োজন না থাকলে ফোনকে মোডে রাখুন। বিশেষ করে ঘুমোতে যাওয়ার আগে। যখনই আপনি এইটা করে রাখবেন, বাড়তি নোটিফিকেশন বন্ধ হয়ে যাবে এবং আস্তে আস্তে ফোন ব্যবহার করার তাগিদ কমে যাবে।

ঘুম থেকে ওঠার পরেই মোবাইলের উপর ঝাঁপিয়ে পড়বেন না। সকালটা স্বাভাবিকভাবে শুরু করুন।

## প্রচণ্ড গরমে ঠিক পাখার নীচেই মাথা রেখে শুচ্ছেন ?



গরমকালে পাখার নীচে শোয়ার সুযোগ পাওয়ার জন্য কত ঠেলাঠেলিই না করেছেন ছেলেবেলায়, তাই না? বিশেষ করে এই ভ্যাপসা গরমে ঘামের উতাত ঠেকাতে পাখার নীচটাই সবচেয়ে আরামদায়ক জায়গা বলে আমরা জেনে এসেছি এতদিন। আপনি হয়তো ভাবছেন, পাখার নীচে শুলে আবার কী হতে পারে! কিন্তু বিশেষজ্ঞরা বলছেন, সরাসরি পাখার হাওয়ায় শুলে নানা শারীরিক অসুবিধে হওয়ার আশঙ্কা রয়ে যায়। বিশেষ করে মাঝরাতের দিকে আচমকা হাঁসফাঁস করে যাঁদের ঘুম ভেঙে যায়, সিওপিডি বা সাইনাসের সমস্যা আছে, তাঁদের পাখার নিচে শুলে বিলক্ষণ সমস্যা হতে পারে।

পাখার দিকে একবার তাকিয়ে দেখলেই বুঝতে পারবেন, তা ঘোরার সময়েই প্রচুর ধুলো আকর্ষণ করে নিজের দিকে। সেই ধুলো জমতে থাকে পাখার ব্লেডে। রাত যত বাড়ে, ঘরের বাতাসও তত ঠান্ডা আর ভারী হয়। সেই ভারী বাতাসের সঙ্গে ধুলোও নেমে আসে আপনার কাছাকাছি। এমনকী আলমারি বা কাবার্ডের মাথায় জমে থাকা ধুলোকেও উড়িয়ে আনতে পারে পাখার বাতাস! যাঁদের ফুসফুসে সমস্যা আছে, তাঁরা তো বটেই, সুস্থ মানুষেরও এর ফলে শ্বাস নিতে অসুবিধে হতে পারে। পাখার ঠিক নীচে শুলে আপনার ন্যাজাল ক্যাভিটির প্রাকৃতিক মিউকাসও ক্রমশ শুকোতে আরম্ভ করবে। সাইনাসের সমস্যা থাকলে হতে পারে মাথায় ব্যথা। এমনকী ঘাড় বা কাঁধের পেশিগুলি শক্ত হয়ে যাওয়াও বিচিত্র কিছু নয়।

রাতের ঘুমটা আরামদায়ক ও নিশ্ছিদ্র হওয়া খুব জরুরি। এমন অনেকেই আছেন যাঁদের এই সমস্যাগুলির কোনওটিই বিব্রত করে না, তাঁরা স্বচ্ছন্দে পাখার নীচে ঘুমোতে পারেন। তবে খুব হাই স্পিডে না চালিয়ে পাখা মাঝারি স্পিডে চালান, হালকা হাওয়াতেই সবচেয়ে ভাল ঘুম হয়। আর অতি অবশ্যই পাখার ব্লেড ঝকঝকে পরিষ্কার রাখুন। মনে রাখবেন, আজকালকার ফ্ল্যাটবাড়ির ঘরের উচ্চতা খুব বেশি হয় না, তাই এই সমস্যাগুলি বেশি বিব্রত করে।

## জুনে করোনার নতুন ঢেউ

কোভিড মহামারীর আরেকটি ঢেউ কি আসতে পারে? একজন শীর্ষ চিনা বিশেষজ্ঞ দাবি করেছেন যে জুনের শেষে করোনার একটি নতুন তরঙ্গ আসতে পারে যা ৬৫ মিলিয়ন মানুষকে সংক্রামিত করতে পারে। সোমবার, দক্ষিণ চিনের গুয়াংডং প্রদেশের গুয়াংঝুতে ২০২৩ গ্রেটার বে এরিয়া সায়েন্স ফোরামে, ঝং নানশানও দাবি করেছেন যে করোনা সংক্রমণ ভাইরাসের এক্সবিবি রূপ এড়াতে দুটি নতুন ভ্যাকসিন শীঘ্রই বাজারে আসতে পারে।

নানশান বলেছেন, এপ্রিলের শেষ দিকে এবং মে মাসের শুরুতে কোভিডের একটি ছোট তরঙ্গ প্রত্যাশিত ছিল। তিনি বলেন, মে মাসের শেষে সংক্রমণের একটি ছোট শিখরের সম্ভাবনা রয়েছে। এর ফলে প্রতি সপ্তাহে সংক্রমণের সংখ্যা প্রায় ৪ কোটিতে পৌঁছবে। জুনের শেষ নাগাদ, মহামারীটি ৬৫ মিলিয়ন সংক্রমণের শীর্ষে পৌঁছাতে পারে। নানশান আরও জানিয়েছে যে ভেরিয়েন্টের বিরুদ্ধে লড়াই করার জন্য চিন দুটি কোভিড -১৯ ভ্যাকসিন অনুমোদন করেছে যা শীঘ্রই বাজারে পাওয়া যাবে। তার মতে, আরও কার্যকর ভ্যাকসিন তৈরিতে চিন অন্যান্য দেশের চেয়ে এগিয়ে রয়েছে।

নতুন তরঙ্গ সম্পর্কে খুব বেশি চিন্তা করার দরকার নেই

একই সময়ে, কিং ইউনিভার্সিটি ফার্স হাসপাতালের শ্বাস-প্রশ্বাস বিশেষজ্ঞ ওয়াং গুয়াংফা করোনার দ্বিতীয় তরঙ্গ নিয়ে খুব বেশি চিন্তা না করার দাবি করছেন। তিনি বলেন, দ্বিতীয় তরঙ্গ প্রথমটির চেয়ে দুর্বল। এর উপসর্গগুলো সামান্য হবে। হ্যাঁ, যারা আগে এই রোগে ভুগছেন তাদের সাবধান হওয়া উচিত।

ভারতে কি অবস্থা?

ভারতে একদিনে ৪৭৩ টি নতুন করোনাভাইরাস সংক্রমণের ঘটনা আসার পরে, দেশে এখন পর্যন্ত সংক্রামিত মানুষের সংখ্যা ৪,৪৯, ৮৬,৯৩৪ কোটিতে দাঁড়িয়েছে। একই সময়ে চিকিতাধীন রোগীর সংখ্যা নেমে এসেছে ৭ হাজার ৬২৩ জনে। সোমবার সকাল আটটায় কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের তরফে প্রকাশিত তথ্য থেকে জানা গিয়েছে, সংক্রমণে আরও সাতজন রোগীর মৃত্যুর পর, দেশে করোনা ভাইরাস সংক্রমণে প্রাণ হারানো মোট মানুষের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৫,৩১,৮৩৯ জন।

পরিসংখ্যান অনুসারে, ভারতে এখনও পর্যন্ত মোট ৪,৪৪,৪৭, ৪৭২ জন সংক্রমণ মুক্ত হয়েছেন। সেখানে কোভিড -১৯ থেকে মৃত্যুর হার ১.১৮ শতাংশ। স্বাস্থ্য মন্ত্রকের ওয়েবসাইট অনুসারে, ভারতে দেশব্যাপী টিকা প্রচার অভিযানের অধীনে এখনও পর্যন্ত ২২০.৬৬ কোটি ডোজ অ্যান্টি-কোভিড -১৯ টিকা দেওয়া হয়েছে সাধারণ মানুষকে।

## ঘন ঘন ঢেকুর উঠছে ?

ঢেকুর তোলা মোটেও কোনোও অস্বাভাবিক ঘটনা নয়। তবে, অনেক জোরে জোরে আওয়াজ করে বারবার সকলের সামনে ঢেকুর তুললে লজ্জায় পড়তে হয়। কিন্তু আপনি কী জানেন , অনবরত ঢেকুর তোলা মরণরোগের ক্যান্সারের লক্ষণ হতে পারে। সম্প্রতি একটি রিপোর্টে জানা গিয়েছে ; একজন ব্যক্তির ঢেঁকুর কিছুতেই থামছিল না।এই সমস্যা নিয়ে চিকিৎসকের কাছে গেলে জানতে পারেন তিনি কোলন ক্যানসারের তৃতীয় পর্যায় রয়েছেন। ৩০ বছর বয়সী সেই ব্যাক্তির দিনে প্রায় ২০ বার করে ঢেকুর উঠতে শুরু করে। হঠাতএমন উপসর্গ দেখা যায়। তবে মাসের পর মাস এই উপসর্গ দেখেও খুব বেশি গুরুত্ব দেননি তিনি। পরবর্তীতে বদহজম ও পেটে তীব্র যন্ত্রণা শুরু হলে তিনি চিকিতকের কাছে যান। কোলন ক্যানসার শরীরে বাসা বাঁধলে পরিপাক ক্রিয়ায় গোলমাল হয়। গ্যাস হয়, সেই থেকেই ঘনঘন ঢেকুর। ষাট বছরের বেশি মানুষদের মধ্যে এই অসুখের ঝুঁকি বেশি লক্ষ্য করা যায়। খাওয়াদাওয়ায় অনিয়ম, শারীরচর্চার অভাব, বাড়তি ওজন, মানসিক চাপ এইসব কারণের জন্যই অল্প বয়স থেকেই মানুষের শরীরে ক্যানসার দানা বাঁধছে। তাই এই উপসর্গ দেখা দিলেই দেরি না করে চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

# দার্জিলিং-কালিম্পঙে লাম্পি ভাইরাস, পাহাড়ে কেন্দ্রের বিশেষজ্ঞ দল



দার্জিলিং, ২৩ মে (হি. স.) : এবার পাহাড়ে লাম্পি ভাইরাস। লাম্পি স্কিন ডিজিজ বা লাম্পি ভাইরাসে আক্রান্ত গবাদি পশু। বলা যেতে পারে, দার্জিলিং, কালিম্পঙে গবাদি পশুর মধ্যে মহামারির আকার নিয়েছে এই রোগ। তাই চিন্তায় জেলাপ্রশাসন থেকে পশুপালন বিভাগ ও কেন্দ্রীয় প্রাণীসম্পদ উন্নয়ন মন্ত্রক। পরিস্থিতি খতিয়ে দেখতে উচ্চপর্যায়ের কেন্দ্রীয় বিশেষজ্ঞ দলকে পাহাড়ে পাঠাচ্ছে সংশ্লিষ্ট কেন্দ্রীয় মন্ত্রক। বুধবার তাদের আসার কথা।

কেন্দ্রীয় প্রাণীসম্পদ উন্নয়ন মন্ত্রী পুরুষোত্তম রূপালা জানিয়েছেন, কেন্দ্র সরকারের তরফে লাম্পি ভাইরাস মোকাবিলায় অ্যান্টিডোট ও ভ্যাকসিনেশনের জন্য দেড় কোটি টাকা রাজ্যকে দেওয়া হয়েছে।

ধীরে ধীরে বহু গবাদি পশু সুস্থ হচ্ছে বলে জানা গিয়েছে।

এ প্রসঙ্গে দার্জিলিঙের সাংসদ রাজু বিস্তা বলেন, 'পাহাড়জুড়ে লাম্পি ভাইরাসের বাড়বাড়ন্তে উদ্বেগের পরিস্থিতি তৈরি হয়েছে। সমস্যা সমাধানে কেন্দ্রীয় মন্ত্রী পুরুষোত্তম রূপালা ও সঞ্জীবকুমার বলয়ানকে দ্রুত পদক্ষেপের জন্য আবেদন করেছি।' তিনি জানান, এপ্রিল মাস থেকে পাহাড়ে এই লাম্পি ভাইরাসে আক্রান্তের খবর মিলেছে। বিজেপি সাংসদের অভিযোগ, রাজ্য সরকার এই রোগ রুখতে কিছু করেনি। তাঁর দাবি, তিনি পাহাড়ে সমীক্ষা চালানো, নমুনা পরীক্ষা, ভ্যাকসিনের জন্য কেন্দ্রের কাছে আবেদন করেছেন। পাশাপাশি যাঁদের গবাদি পশু লাম্পি ভাইরাসে আক্রান্ত হয়ে মারা গিয়েছে, তাঁদের ক্ষতিপূরণ দেওয়ার জন্য আবেদন জানিয়েছেন।

এই পরিস্থিতিতে রাজ্যের বাইরে থেকে গবাদি পশু প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেছে সিকিম। সেখানে সোরং, পাকইয়ং ও নামচি জেলায় লাম্পি ভাইরাসের প্রকোপ দেখা গিয়েছে। দার্জিলিংয়ের সুখিয়াপোখরি, রিম্বিক, লোধামা ও বিজনবাড়িতে ওই ভাইরাসের সংক্রমণ ধরা পড়েছে। কলকাতার রিজিওনাল ডিজিস ডায়গনস্টিক ল্যাবরেটরিকে সবরকম সহযোগিতা করার নির্দেশ দিয়েছে কেন্দ্র সরকার।

লাম্পি ভাইরাসের এই সংক্রমণ নিয়ন্ত্রণে একটি বিশেষজ্ঞ দল গঠিত হয়েছে। এই দলে গুয়াহাটির নর্থ ইস্টার্ন রিজিওনাল ডিজিস ডায়গনস্টিক ল্যাবরেটরি এবং কলকাতার ইস্টার্ন রিজিওনাল ডিজিজ ডায়গনস্টিক ল্যাবরেটরির বিশেষজ্ঞরা রয়েছেন। বুধবার এই দলটির পাহাড়ে যাওয়ার কথা রয়েছে।

## এবার ব্যালন ডি'অর জয়ের দৌড়ে আছেন যারা

লন্ডন, ২৩ মে (হি.স.): এখনও ৪ মাস বাকি ৬৭তম ব্যালন ডি''অরের নাম ঘোষণা। তবে এবার ফুটবলের সর্বোচ্চ মর্যাদার পুরস্কার কে পেতে পারেন তা নিয়ে আলোচনা শুরু হয়েছে। আর এ নিয়ে একটি তালিকা প্রকাশ করেছে ফুটবল বিষয়ক জনপ্রিয় সংবাদমাধ্যম গোল ডটকম। এ তালিকায় শীর্ষ পাঁচে যারা স্থান পেয়েছেন তাঁদের মধ্যে প্রথম স্থানে আছেন পিএসজির আর্জেন্টাইন লিওনেল মেসি। ২০২২-২৩ মৌসুমে এখন পর্যন্ত ৩৭ গোল এবং ২৫ অ্যাসিস্ট করেছেন মেসি। ইতোমধ্যে জাতীয় দলের হয়ে বিশ্বকাপ জিতেছেন এই কিংবদন্তি। আর ক্লাবের পক্ষে ট্রফি দেস চ্যাম্পিয়নস জিতেছেন মেসি। পিএসজিকে লিগ ওয়ান শিরোপা এবং ফ্রেঞ্চ কাপ জেতার দৌড়ে রেখেছেন তিনি। ফলে এবারও ব্যালন ডি'অর জয়ের দৌড়ে প্রথমে আছেন এই ফুটবল জাদুকর। এ বার জিতলে রেকর্ড অষ্টমবারের মতো ফুটবলের সেরা পুরস্কার পেয়ে যাবেন মেসি।

তালিকার দ্বিতীয় স্থানে জায়গা পেয়েছেন ম্যানচেস্টার সিটির নরওয়েজিয়ান স্ট্রাইকার অর্লিং হালান্ড। চলতি মৌসুমে এখন পর্যন্ত ৫৩ গোল এবং ৮ অ্যাসিস্ট করেছেন তিনি। তাঁর জাদুকরি পারফরম্যান্সের জন্য ট্রেবল জয়ের সম্ভাবনা রয়েছে সিটিজেনদের। ফলে ব্যালন ডি'অর জয়ে মেসির প্রধান প্রতিদ্বন্দ্বী হচ্ছেন ২২ বছর বয়সী এই তরুণ তারকা ফুটবলার।

এই তালিকার তৃতীয় স্থানে জায়গা পেয়েছেন পিএসজির আর এক তারকা ফুটবলার কিলিয়ান এমবাপ্পে। চলমান সিজনে ৫২ গোল এবং ১৩ অ্যাসিস্ট করেছেন তিনি। ফ্রান্স দলকে কাতার বিশ্বকাপের ফাইনালে তুলেছিলেন এই ২৪ বছর বয়সী ফরোয়ার্ড। এমবাপ্পে পিএসজিকে ট্রেবল জয়ের পথে রেখেছেন। ফলে ব্যালন ডি'অর জিততে পারেন এই ফরাসি ফুটবলারও। রিয়াল মাদ্রিদের ব্রাজিলিয়ান সেনসেশন ভিনিসিয়াস জুনিয়র এই তালিকায় ৪ নম্বরে জায়গা পেয়েছেন। ২০২২-২৩ মৌসুমে ২৪ গোল ও ২৫ অ্যাসিস্ট করেছেন তিনি। এরই মধ্যে কোপা দেল রে, ক্লাব বিশ্বকাপ এবং উয়েফা সুপার কাপ জিতেছেন ভিনিসিয়াস। ফলে এ বছর ব্যালন ডি'অর জয়ের দাবিদার তিনিও।

আর এই তালিকার পঞ্চম স্থানে রয়েছেন রিয়াল মাদ্রিদের ফরাসি স্ট্রাইকার করিম বেনজেমা। এ মৌসুমে এখন পর্যন্ত ২৯ গোল ও ৬ অ্যাসিস্টি করেছেন তিনি। ভিনিসিয়াসের মতো কোপা দেল রে, ক্লাব বিশ্বকাপ এবং উয়েফা সুপার কাপ জিতেছেন বেনজেমাও। যে কারণে ২০২৩ ব্যালন ডি'অর পাওয়ার দাবিদার তিনিও।

## শ্রীনগরের সাধারণ মানুষও প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে বিশ্ব যাত্রার অংশ হতে চায় : জিতেন্দ্র সিং



শ্রীনগর, ২৩ মে (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে শ্রীনগরের সাধারণ মানুষও বিশ্ব যাত্রার অংশ হতে চায়। শ্রীনগরে জি-২০ পর্যটন সংক্রান্ত কর্মগোষ্ঠীর বৈঠকে বললেন কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং। তিনি বলেছেন, 'শ্রীনগরের কারুকার্য্যের বিস্তৃত পরিসর রয়েছে। আমাদের এখানে বিশ্বের সর্বোচ্চ রেলসেতু রয়েছে।

অর্থনীতি, পরিবেশ ও সমাজের প্রতি আমাদের দায়বদ্ধতা আমরা বিশ্বব্যাপী ভাগাভাগি করতে প্রস্তুত।' কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং আরও বলেছেন, 'যুব সমাজ অত্যন্ত সুপরিচিত এবং তাঁরা ভারতের প্রধানমন্ত্রীর দেওয়া বিশাল সুযোগগুলি দেখতে পাচ্ছেন।

শ্রীনগরের সাধারণ মানুষও প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে বিশ্ব যাত্রার অংশ হতে চায়।'

শ্রীনগরে সোমবার থেকে শুরু হয়েছে জি-২০ পর্যটন সংক্রান্ত কর্মগোষ্ঠীর বৈঠক। ৩ দিনব্যাপী বৈঠকের মঙ্গলবার ছিল দ্বিতীয় দিন। এদিন জম্মু ও কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহা, কেন্দ্রীয় মন্ত্রী জি কিষাণ রেড্ডি এবং জিতেন্দ্র সিং ও জি-২০ শেরপা অমিতাভ কান্ত শ্রীনগরে চলমান তৃতীয় জি-২০ ট্যুরিজম ওয়ার্কিং গ্রুপের বৈঠকে অংশগ্রহণ করেছেন।

কেন্দ্রীয় মন্ত্রী জি কিষাণ রেড্ডি বলেছেন, 'মানুষ এবং ধরিত্রীর উপকার করে এমন টেকসই অনুশীলনগুলিকে উন্নীত করতে, পর্যটন মন্ত্রক এবং ভারত সরকার সমস্ত জি-২০ সদস্য দেশ এবং সমস্ত আন্তর্জাতিক সংস্থার সঙ্গে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ।'

## সিডনি-তে অস্ট্রেলিয়ান সিইও-দের সঙ্গে সাক্ষাৎ প্রধানমন্ত্রীর, সকলেই বললেন বৈঠক ফলপ্রসূ



সিডনি, ২৩ মে (হি.স.): অস্ট্রেলিয়ার সিডনিতে বিভিন্ন সংস্থার সিইও-দের সঙ্গে সাক্ষাৎ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভারতীয় সময় অনুযায়ী, মঙ্গলবার সকালে অস্ট্রেলিয়ান সুপারের সিইও পল শ্রোডারের সঙ্গে সিডনিতে দেখা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সিডনিতে হ্যানকক প্রসপেক্টিংয়ের নির্বাহী চেয়ারম্যান জিনা রিনহার্টের সঙ্গে আলাপচারিতা করেছেন। প্রথম বৈঠকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ফোর্টস্কু মেটালস গ্রুপ এবং ফোর্টস্কু ফিউচার ইন্ডাস্ট্রিজের নির্বাহী চেয়ারম্যান এবং প্রতিষ্ঠাতা ডঃ অ্যান্ড্রু ফরেস্টের সঙ্গে দেখা করেন। বিদেশমন্ত্রকের মুখপাত্র অরিন্দম বাগচি একটি টুইটে জানান, প্রধানমন্ত্রী মোদী এবং ডঃ অ্যান্ড্রু ফরেস্ট উভয়েই ভারতীয় কোম্পানিগুলির জন্য পুনর্নবীকরণযোগ্য শক্তি সেক্টরে, বিশেষ করে ভারতের গ্রীন হাইড্রোজেন মিশনের অধীনে ফোর্টস্কুর সঙ্গে অংশীদারিত্বের সুযোগ নিয়ে আলোচনা করেছেন।

বৈঠকের পর ডঃ অ্যান্ড্রু ফরেস্ট বলেন, জীবাশ্ম জ্বালানি সেক্টরে চালানোর জন্য শুধুমাত্র সীমিত সময় আছে এবং এটিকে একটি জ্বালানী দিয়ে প্রতিস্থাপিত করতে হবে যা কোনও ক্ষতি করে না যা প্রধানমন্ত্রী মোদী বলেছেন এবং তিনি স্পষ্টতই একজন বিশ্ব চ্যাম্পিয়ন।

## উপর্যুপরি বিস্ফোরণে সৌগতর সাফাই

কলকাতা, ২৩ মে (হি. স.) : রাজ্যে একের পর এক বাজি বিস্ফোরণের মাঝেই নয়া সাফাই দিলেন তৃণমূল সাংসদ তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সৌগত রায়ের। তাঁর বক্তব্য 'এই তীব্র গরমে বিস্ফোরণ হতেই পারে''। যে প্রসঙ্গে তাঁর ব্যাখ্যা 'এই গরমে পটাশিয়াম ক্লোরেট ও আর্সেনিক ট্রাইসালফাইট বাইরে রেখে দিলে এমনিই ফেটে যাবে'। এগরা, বজবজের পর এবার মঙ্গলবারে ইংরেজবাজার। রাজ্যে গত ৭ দিনে বাজির বলি হয়েছেন ১৬ জন। কিছুদিন আগে এগরার খাদিকূল গ্রামে বাজি কারখানায় বিস্ফোরণে প্রাণ হারিয়েছিলেন ১১ জন। যে ভয়াবহ ঘটনার তীব্রতা কাটার আগেই বজবজে বাজিতে ঝলসে মৃত্যু হয়েছিল ৩ জনের। মঙ্গলবারও মালদার ইংরেজবাজারে ঘিঞ্জি বাজারে বাজির স্তূপে আগুন লেগে ঝলসে মারা গিয়েছেন ২ জন। রাজ্যজুড়ে বেআইনি বাজি উদ্ধারে চলছে পুলিশ অভিযান। ব্যাপক ধরপাকড়ও। পাশাপাশি রাজ্যে বিভিন্ন প্রান্তে বারুদের স্তূপের খোঁজ মেলার প্রসঙ্গে মঙ্গলবার সৌগত রায়ের সাফাই, 'রাজ্যে ৩৮ হাজার গ্রাম, কোথায় বোমা লুকিয়ে আছে পুলিশ জানবে কী করে'?

## মমতা-কেজরিওয়াল বৈঠক নিয়ে তীব্র কটাক্ষ দিলীপের

কলকাতা, ২৩ মে (হি. স.) : মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে বৈঠক করতে মঙ্গলবার কলকাতায় আসছেন আম আদনি পার্টির নেতা অরবিন্দ কেজরিওয়াল। এই সাক্ষাৎ নিয়ে মঙ্গলবার মুখ খুললেন বিজেপির সর্বভারতীয় সহ সভাপতি দিলীপ ঘোষ।

দিল্লির আমলাদের উপর নিয়ন্ত্রণ বজায় রাখতে অর্ডিন্যান্স এনেছে মোদী সরকার। তা আইনে পরিণত করতে, কেন্দ্র যাতে রাজ্যসভায় বিল পাস করতে না পারে, তার জন্য অবিজেপি দলগুলিকে পাশে চাইছে আম আদমি পার্টি।

মঙ্গলবার দিলীপবাবু সংবাদমাধ্যমে বলেন, ''একটু হাওয়া দিলেই উনি অনেক সময় রাজি হয়ে যান। তাই একেক জন এসে হাওয়া দিচ্ছে। বলছে, দিদি আপনি রাজি হয়ে যান। ওনাকে আসরে নামানোর চেষ্টা চলছে। কেবল ওনাকে রাজি করাতে একেক সময়ে একেক জন কলকাতায় আসছেন। কিন্তু উনি জেনে গেছেন, মোদীর সামনে গেলে হাওয়া খারাপ হয়ে যাবে।''

## উন্নয়নমূলক প্রকল্পের মাধ্যমে জম্মু ও কাশ্মীরে সন্ত্রাসের বাস্তুতন্ত্র বিচ্ছিন্ন : মনোজ সিনহা



শ্রীনগর, ২৩ মে (হি.স.): জম্মু ও কাশ্মীর বিগত ৩০ বছর ধরে পাকিস্তানের দ্বারা মদতপুষ্ট সন্ত্রাসবাদের শিকার হয়েছে, কিন্তু সীমান্তের ওপার থেকে সমর্থনে সমৃদ্ধ হওয়া সন্ত্রাসী বাস্তুতন্ত্রকে বিচ্ছিন্ন করা হয়েছে। বললেন জম্মু ও কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহা। মঙ্গলবার শ্রীনগরে অনুষ্ঠিত জি-২০ পর্যটন সংক্রান্ত কর্মগোষ্ঠীর বৈঠকে তিনি বলেছেন, উন্নয়নমূলক প্রকল্পের মাধ্যমে জম্মু ও কাশ্মীরে সন্ত্রাসের বাস্তুতন্ত্র বিচ্ছিন্ন করা হয়েছে।

উপ-রাজ্যপাল মনোজ সিনহা আরও বলেছেন, জম্মু ও কাশ্মীর সর্বদা জ্ঞান, প্রজ্ঞা ও অপরূপ প্রাকৃতিক দৃশ্যের কেন্দ্র।

বিগত ৩০ বছর ধরে শান্তির এই ভূমিকে সন্ত্রাসের শিকার হতে হয়েছে। যাইহোক, প্রধানমন্ত্রী মোদী এমন উন্নয়ন প্রকল্প নিয়ে এসেছেন যা রাজ্যকে শক্তিশালী করেছে।

জম্মু ও কাশ্মীর এখন একটি নতুন যুগের জন্য উন্মুক্ত, বৃদ্ধি, শান্তি এবং উন্নয়নের জন্য উন্মুক্ত জম্মু ও কাশ্মীর। এখন জম্মু ও কাশ্মীর দেশের একটি উন্নত রাজ্য হিসাবে উঠে দাঁড়িয়েছে।'

# পেঁয়াজের আকাশ ছোঁয়া দামে নাজেহাল বাংলাদেশবাসী

ঢাকা, ২৩ মে (হি. স.) : বাংলাদেশে মাস দেড়েকের মধ্যে পেঁয়াজের দাম বেড়েছে দিগুণেরও বেশি ফলে পেঁয়াজের আকাশ ছোঁয়া দামে নাজেহাল অবস্থা ক্রেতাদের। পেঁয়াজের ঝাঁঝে দিশেহারা বাংলাদেশবাসী।

সোমবার রাতে রাজধানীর কারওয়ান বাজারের পেঁয়াজ কিনতে আসেন বেসরকারি চাকরিজীবী ইমরান হোসেন। যে পেঁয়াজ মাস দেড়েক আগে ৩০ টাকা কেজি কিনেছেন, সেটি এখন ৮০ টাকা দরে বিক্রি হচ্ছে শুনে হতভম্ব হয়ে যান তিনি। পুরো মাসের জন্য ১০ কেজি পেঁয়াজ কেনার ইচ্ছা থাকলেও চড়া মূল্যের কারণে পাঁচ কেজি কিনেই বাসায় ফিরেন তিনি।

ইমরান হোসেন বলেন, পেঁয়াজের এমন অস্বাভাবিক দাম মেনে নেওয়া যায় না। দেড় মাসের ব্যবধানে একটি পণ্যের দাম প্রায় দিগুণের বেশি হয়ে যায় কীভাবে?

তার ধারণা সামনে কোরবানির ঈদকে কেন্দ্র করেই ব্যবসায়ীরা পেঁয়াজের বাজার অস্বাভাবিক করে তুলেছেন। যদিও ব্যবসায়ীরা বলছেন, এবার পেঁয়াজের আবাদ কম হয়েছে, নষ্টও হয়েছে অনেকে। তাই চাহিদার তুলনায় বাজারে সরবরাহ কম থাকায় পেঁয়াজের দাম বেশি।

সোমবার কারওয়ান বাজারে পাইকারি বাজারে মানভেদে প্রতি পাল্লা (পাঁচ কেজি) দেশি পেঁয়াজ ৩৫০ থেকে ৪০০ টাকায় বিক্রি হতে দেখা যায়। এর মধ্যে পাবনার পেঁয়াজ বিক্রি হচ্ছে ৩৮০ থেকে ৪০০ টাকায়, কেজি হিসেবে ৭৬ থেকে ৮০ টাকা। রাজশাহীর পেঁয়াজ বিক্রি হচ্ছে ৩৭০ টাকা পাল্লা, কেজি ৭৪ টাকা এবং ফরিদপুরের পেঁয়াজ বিক্রি হচ্ছে ৩৫০ থেকে ৪০০ টাকা পাল্লা, কেজিতে ৭০ থেকে ৮০ টাকায়।

অথচ গত দেড় মাস আগেও এই বাজারে প্রতি কেজি পেঁয়াজ মানভেদে বিক্রি হয়েছে ১৫০ থেকে ১৭৫ টাকায়। কেজির হিসেবে ৩০ থেকে ৩৫ টাকায়।

পেঁয়াজের দাম বাড়ার কারণ নিয়ে পাইকারি ব্যবসায়ী মো. মজনু মিয়া বলেন, গত দুই বছর পেঁয়াজ চাষ করে কৃষকরা লস করেছে। তাই এবার আবাদ কম। এজন্য বাজারে পেঁয়াজের সরবরাহ কম। যেখানে ১০ ট্রাক পেঁয়াজ দরকার, সেখানে আসছে ৪-৫ ট্রাক। যার কারণে দাম বেশি।

তিনি আরও বলেন, আমরা ব্যবসায়ীরা যেই দামে পেঁয়াজ কিনে আনি, সেই দামেই বিক্রি করি। দাম যদি বেশি হয়, তাহলে বেশি দামেই বিক্রি করতে হবে। কম হলে, কম দামে বিক্রি করবো। পেঁয়াজের দাম কমলে আমাদেরই সুবিধা। ক্রেতাদের সঙ্গে আর দাম নিয়ে ঝগড়া করতে হবে না।

তবে ভারত ও মিয়ানমার থেকে পেঁয়াজ আমদানি করলে দাম কমতে পারে বলে জানান এই ব্যবসায়ী।

পেঁয়াজের দাম বাড়া নিয়ে বাংলাদেশের বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেন, দেশে পর্যাপ্ত পেঁয়াজ উৎপাদন হয়েছে। কিন্তু বেশি মুনাফা লাভের আশায় অনেকে পেঁয়াজ মজুদ রেখে সংকট তৈরি করে বাজারকে অস্থিতিশীল করছে। বাজারে ভোক্তা পর্যায়ে পেঁয়াজের দাম বাড়ায় আমদানি করার জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে থেকে কৃষি মন্ত্রণালয়ে চিঠি দেওয়া হয়েছে।

প্রসঙ্গত, কৃষকদের স্বার্থের কথা বিবেচনা করে সরকার গত ১৫ মার্চ ভারত থেকে পেঁয়াজ আমদানির অনুমতিপত্র বন্ধ রেখেছে। ফলে এখন চাহিদার পুরোটা মেটানো হচ্ছে দেশি পেঁয়াজে।

## শিমলার রোহরুতে নদীতে পড়ল গাড়ি, মর্মান্তিক মৃত্যু ৩ যুবকের

শিমলা, ২৩ মে (হি.স.): হিমাচল প্রদেশের শিমলা জেলার রোহরুতে নিয়ন্ত্রণ হারিয়ে পাব্বার নদীতে পড়ে গেল যাত্রীবাহী একটি গাড়ি। এই দুর্ঘটনায় মর্মান্তিক মৃত্যু হয়েছে ৩ যুবকের, এছাড়াও দু''জন প্রাণে বেঁচে গিয়েছে। দুর্ঘটনাগ্রস্ত গাড়িতে মোট ৫ জন ছিলেন। মৃতদের নাম-শ্রেয় নেগি (১৮), শিবং (১৮) ও জতির (২০)। প্রত্যেকের বাড়ি রামপুরে। আহত দু''জন হলেন-করুণ চৌহান ও রমন। তাঁদের রোহরুর একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পুলিশ মঙ্গলবার সকালে জানিয়েছেন, সোমবার রাতে শিমলা জেলার রোহরু মহকুমায় একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে পাব্বার নদীতে পড়ে যায়। এই দুর্ঘটনায় ৩ যুবকের মৃত্যু হয়েছে। গাড়িতে থাকা ৫ জন একটি বিয়ের অনুষ্ঠানে যোগ দেওয়ার পর রামপুরে ফিরছিল। পুলিশ মামলা রুজু করে দুর্ঘটনার তদন্ত শুরু করেছে।

# মালদার বিস্ফোরণে মৃত বেড়ে দুই, বাজির গুদামে ছড়াল আগুন

মালদা, ২৩ মে (হি. স.) : মালদায় বাজির গুদামে আগুন ও বিস্ফোরণে মঙ্গলবার ঘটনাস্থলে অগ্নিদগ্ধ হয়ে এক শ্রমিকের মৃত্যু হয়। ঘটনায় অন্তত তিন জন গুরুতর জখম হন। আশঙ্কাজনক অবস্থায় তাঁদের মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করানো হয়। পরে সেখানে আরও এক জনের মৃত্যু হয়।

দমকলের পাঁচটি ইঞ্জিন আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা চালায়। সম্প্রতি এগরা এবং বজবজের পর মালদার এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। ইংরেজবাজার পুরসভার নেতাজি পুরবাজার এলাকায় মঙ্গলবার সকাল ৬টা ৪৫ মিনিট নাগাদ বিস্ফোরণ হয়। বিস্ফোরণের শব্দ শুনে স্থানীয়েরা প্রথমে ভেবেছিলেন, কোথাও বোমা ফেটেছে। কিন্তু পরে জানা যায়, বাজারে যে বাজির গুদাম রয়েছে, সেখানে বিস্ফোরণ হয়েছে।

স্থানীয় সূত্রে খবর, ওই বাজির গুদাম ঘিরে একাধিক বাজির দোকানও ছিল। মঙ্গলবার সকালে গুদামের সামনে গাড়ি থেকে কার্বাইড নামানো হচ্ছিল। সেই কার্বাইড অসাবধানতায় নীচে পড়ে যায়। তার পরেই হয় বিস্ফোরণ।

বিস্ফোরণের ফলে গুদামে আগুন ধরে যায়।

দাহ্য পদার্থ মজুত থাকায় আগুন দ্রুত ছড়িয়ে পড়ে চারপাশে। মৃতদের মধ্যে এক জনের পরিচয় জানা গিয়েছে।

তাঁর নাম মঙ্গল ঋষি। তিনি ইংরেজবাজারের বাগবাড়ির বাসিন্দা।

এদিকে ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়ে গিয়েছে চাপানউতোর। ইতিমধ্যেই অভিযোগ উঠতে শুরু করেছে, বাজারের বহু দোকান প্রয়োজনীয় অনুমতি না নিয়েই ব্যবসা করছে।

## কর্ণাটক বিধানসভার অধ্যক্ষ পদের জন্য মনোনয়ন পেশ ইউ টি খাদেরের

বেঙ্গালুরু, ২৩ মে (হি.স.): কর্ণাটক বিধানসভার অধ্যক্ষ পদের জন্য মনোনয়ন পত্র জমা দিয়েছেন কংগ্রেস বিধায়ক ইউ টি খাদের। মঙ্গলবার কর্ণাটকের মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া ও কর্ণাটকের উপ-মুখ্যমন্ত্রী ডি কে শিবকুমারের উপস্থিতিতে অধ্যক্ষ পদের জন্য মনোনয়ন পত্র পেশ করেছেন ৫-বারের বিধায়ক ইউ টি খাদের।

কর্ণাটকের ৫-বারের এই বিধায়ক রাজ্য বিধানসভার সর্বকনিষ্ঠ স্পিকার হতে চলেছেন। এদিন মনোনয়ন পত্র পেশ করার সময় সিদ্দারামাইয়া ও শিবকুমারের পাশাপাশি উপস্থিত ছিলেন দলের অন্যান্য নেতারা। খাদের কর্ণাটকের ম্যাঙ্গালুরুর ৫-বারের বিধায়ক।

## শীঘ্রই প্রথম বন্দে ভারত এক্সপ্রেস পেতে চলেছে উত্তরাখণ্ড, ২৫ মে সূচনা করবেন প্রধানমন্ত্রী

দেহরাদূন, ২৩ মে (হি.স.): খুব শীঘ্রই প্রথম বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন পেতে চলেছে দেবভূমি উত্তরাখণ্ড। মঙ্গলবার এমনটাই জানিয়েছেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। মুখ্যমন্ত্রী ধামি জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে উত্তরাখণ্ডের প্রথম বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা হবে আগামী ২৫ মে। ওই দিন ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে সুপারফাস্ট এই ট্রেনের সূচনা করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

এই নতুন বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনটি দিল্লি-দেহরাদূন রুটে চলবে। দিল্লি-দেহরাদূন রুটে চলা বন্দে ভারত এক্সপ্রেসটিতে আটটি কোচ থাকবে। আটটি কোচই হবে চেয়ার কার। উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর যোগ্য নেতৃত্বে উত্তরাখণ্ডের উন্নয়ন যাত্রায় একটি নতুন অধ্যায় যুক্ত হতে চলেছে। ২৫ মে প্রধানমন্ত্রীর হাতে ''বন্দে ভারত ট্রেন'' উপহার পেতে চলেছে উত্তরাখণ্ড, যা দেহরাদূন থেকে নতুন দিল্লির মধ্যে চলবে। এই নজিরবিহীন উপহারের জন্য রাজ্যবাসীর পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রীকে অসংখ্য ধন্যবাদ!

# মাফিয়াদের দৌরাত্ম্য, প্রতিবাদে ব্যবসায়ীরা অবরোধ করলেন সোনামুড়া-বক্সনগর সড়ক

নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২৩ মে।। আজ সকাল ৮ঃ০০ ঘটিকা হইতে বক্সনগর সোনামুড়া মেন রোড অবরোধ করে বসেন উত্তর কলমচৌড়া বাজার ব্যবসায়ী সমিতির ব্যবসায়ীমহল এবং এলাকার সাধারণ জনগণ। রাস্তা অবরোধের কারণ হিসেবে এলাকার ব্যবসায়ীর মূল থেকে খুব রাগ অভিমান এবং প্রচন্ড ধিক্কার জানিয়ে প্রতিবাদ জানিয়েছেন ব্যবসায়ী মহল বক্সনগর এলাকার তুলাবাজ মাফ মাফিয়াদের দূর দূরান্ত বৃদ্ধিতে তাদের ব্যবসা লাটে উঠেছে। ব্যবসা করতে গেলে আগরতলা বিশালগড় হইতে বিভিন্ন পণ্য সামগ্রী মাল আসার পথে গাড়ি থেকে নামিয়ে ফিল্মি কাদা য় ছিনতাই করে নিয়ে যাচ্ছে পণ্য সামগ্রী। দাবি করছেনমোটা অংকের টাকা। সন্ত্রাস মাফিয়া দের টাকা পয়সা দিতে পারলেই ব্যবসা করা যাবে নয়তোবা ব্যবসা ছেড়ে পালিয়ে আসতে হবে। ব্যবসায়ী মহল মিশন টেনশনে পড়েছে পুলিশ প্রশাসনকে জানিয়েও কোন কাজে হচ্ছে না কারণ পুলিশ প্রশাসন পর্যন্ত তাদের প্রকাশিত করেছে। আপনারা আপনাদের ডিউটি করেন আমরা আমাদের ডিউটি করছি এই হল মাফিয়াদের কঠিন কঠোর আইন বলব ৎ।

বিশেষ করে ২০২৩বিধান সভা নির্বাচনের পরে এবার আজগতা সৃষ্টি করেছে বক্সনগর মন্ডল আশ্রিত বেশ কিছু বিজেপি ছত্রছায়া মাফিয়াচক্র সিন্ডিকেট গজে উঠেছে তাদের দাঁড়ায় পুরা বক্সনগর এলাকায় তোলাবাজি শুরু বক্সনগর বিশালগড় রোড এমনকি মোড়াবাড়ি এক কথায়। গোটা বিশালগড় বক্সনগর রোড এখন তোলাবাজি মাপে এদের দখলে তাদের হাত থেকে রক্ষা করতে গেলে রাজ্যের মন্ত্রিসভার মন্ত্রিপরিষদ পুলিশ প্রশাসন কঠোর থেকে কঠোর পদক্ষেপ নিতে হবে তাহলে সেই সন্ত্রাসী মাফিয়া গিরি চিনি ছিনতাই অন্যান্য মাল ছিনতাই এইসবের ঘটনা বন্ধ হবে। গতকাল রাতে সন্ধ্যা সাতটা থেকে আটটার মধ্যে বক্সনগর এলাকা দিয়ে উত্তরণ যারা ব্যবসায়ী মহলের চিনি আসার পথে গাড়ি থেকে কিনে গুলি নামিয়ে হাইজ্যাক করে নিয়ে গেছে এবং কোথায় নিয়ে গেছে কিছু বলতে পারছে না। অন্য সূত্র মারফত খবর আসে মোটা অংকের টাকা দিলে জিনিসগুলো ছাড়া হবে না হলে ছাড়া হবে না। তারই প্রতিবাদে গতকাল রাত ৯ টা ৯:৩০ টার সময় উত্তরগুলো ব্যবসায়ী মহল বাজার ব্যবসায়ী মিলে এক আলোচনা পর্যালোচনা করে আজকের এই অবরোধের প্রস্তুতি নিয়েছে এবং সন্ত্রাসীর বিরুদ্ধে মাফিয়ার বিরুদ্ধে জিহাদ ঘোষণা করে রাস্তা অবরোধ করবে। সারা রাজ্যবাসী পুলিশ প্রশাসন এমন কে আমরা মন্ত্রীরা প্রেসার সংবাদের মাধ্যমে জানতে পারবে উত্তর ব্যবসায়ী মহলের প্রতিবাদ। সেটাকে কেন্দ্র করে সরকার যথেষ্ট গুরুত্ব দিয়ে প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলতে হবে তবে ব্যবসায়ী মহল থেকে কারা কারা সেই মাফিয়া তোল্লা চক্রের সঙ্গে জড়িত চার পাঁচ জনের নামমিডিয়ার সামনে বলেছেন।তারা হলেন বক্সনগর বিজেপি মন্ডল আশ্রিত মনির হোসেন আনোয়ার হোসেন জিমুল এবং কেরো আরো কিছু তোলাবাজির চক্রের গোপনে থেকে সেই কাজটি সংগঠিত করছে। এর পেছনে রয়েছে বিরাট মাফিয়ার চক্রের হাত সমস্ত কিছুই রাজনৈতিক প্রভাব খাটিয়ে এ কাজগুলি সংঘটিত করছে।

বিশেষ করে সন্ধ্যা পর থেকে ভোর রাত পর্যন্ত বক্সনগর বিশালগড় রুটের বিভিন্ন জায়গাতে দুর্গানগর মানিকনগর আড়ালিয়াবাড়ি এইসব রাস্তার মাঝে বসে পাঁচজন দশজন করে গ্রুপ সাজিয়ে এই সন্ত্রাস কায়েম করছে। ব্যবসায়ী মহল থেকে প্রতিবাদ প্রতিরো ধ গড়ে তোলার চেষ্টা হচ্ছে এবং সে বিষয়টি অনেকবার প্রশাসনের দৃষ্টিগোচরে এবং রাজনৈতিকভাবে নেওয়া হয়েছে কিন্তু কারোর কোন হেল্প নেই আজকে অবরোধের ফলে পুলিশ প্রশাসনের তরফে ও সিএবং ব্লক মন্ডল সভাপতি সুভাষচন্দ্র সাহা এসে প্রত রাস্তা অবরোধ উঠানোর জন্য আবেদন করেন তখনই ব্যবসায়ী মহল থেকে দাবী করা হয়েছে যে তাদের যে চিনি গুলি মাফিয়াচক্র সন্ত্রাসীরা ছিনিয়ে নিয়ে গেছে ফিরিয়ে দিতে হবে এবং তাদেরকে গ্রেফতার করতে হবে। সেই চিনি গুলি ছিল ব্যবসায়ী সোলেমান মিয়া বিপ্লব সরকার সুজিত সরকার দিলীপ দেবনাথ। তাদেরকে আশ্বস্ত করেন তাদের মালগুলি ফিরিয়ে দেবে এবং প্রয়োজনীয় পুলিশ প্রশাসন কঠোর শাস্তির ভিতর তৈরি করবেন এরকম যাতে রাস্তা ছিনতাই না হওয়ার জন্য প্রশাসন কোডের ব্যবস্থা নেবে। এই বলে রাস্তা অবরোধ উঠিয়ে নেন ব্যবসায়ী মহল। রাজ্য প্রশাসন এইসব সন্ত্রাসী মাফিয়া গুন্ডারাজ দমন প্রেরণ করতে পারলেই আগামী দিন রাজ্যে সুশাসন প্রতিষ্ঠিত হবে এটা ব্যবসায়ী মহলের দাবি এবং সিএম এর প্রতি আশাভরসা রেখেই রাস্তা উপরে তুলে দেন।

## দমকল কর্মী

● প্রথম পাতার পর

অবশেষে সোমবার রাতে অভিযুক্ত সুজিত দেবকে গ্রেফতার করে থানায় নিয়ে আসে পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে ধর্মনগর থানায় পুলিশ।

উল্লেখ্য বিভিন্ন সময়ে অগ্নিকাণ্ডের ঘটনার পর দম কর বাহিনীর জোয়ানরা ঘটনাস্থলে পোস্টে খানিকটা দেরি হলেই তাদের উপর অতর্কিত হামলা চালানো হয় এমনকি তাদেরকে মারধর করে যখন করা হয়। এধরনের ঘটনা খুবই অপ্রত্যাশিত। অনেক ক্ষেত্রেই অগ্নিকাণ্ডের খবর পৌঁছতে দেরি হয়।

স্বাভাবিক কারণেই দমকল বাহিনীকেও ঘটনাস্থলে পৌঁছতে খানিকটা দেরি হয়ে যায়। এক্ষেত্রে বাস্তব পরিস্থিতি অনুধাবন না করে দমকল বাহিনীর কর্মীদের উপর এভাবে হামলার ঘটনা শুভবুদ্ধি সম্পন্ন মানুষজন কোনভাবেই মেনে নিতে নারাজ। ধর্মনগরের আলগাপুরে দমকল বাহিনীর উপর হামলার ঘটনায় জড়িতের বিরুদ্ধে কঠোর আইনে ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে।

## পৃথক স্থানে

● প্রথম পাতার পর

লোকজনেরা। শোকের ছায়া নেমে আসে দুই পরিবারের মধ্যে।

বিশালগড় ইংলিশ মিডিয়াম স্কুল সংলগ্ন সড়কে বাইক ও বুলেরো গাড়ির সংঘর্ষে আহত এক জন। জানা যায় ধৃত গাড়ি চালক শিমুল দাস মদমত্ত অবস্থায় ছিল। মঙ্গলবার সকালে বিশালগড় ইংলিশ মিডিয়াম স্কুল সংলগ্ন সড়কে একটি বুলেরো গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে সজোরে ধাক্কা দেয় একটি বাইককে। এতে করে বাইক চালক সঞ্জিত দাস রাস্তায় ছিটকে পড়ে আহত হয়। দমকল বাহিনীর কর্মীরা ঘটনার খবর পেয়ে ঘটনাস্থল থেকে আহত ব্যক্তিকে উদ্ধার করে বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে যায়।

হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক সুস্মিতা দাস আহত সঞ্জিত দাসের অবস্থা আশঙ্কা জনক দেখতে পেয়ে উন্নত চিকিৎসার জন্য তাকে জিবি হাসপাতালে রেফার করে দেন। এইদিকে ঘটনার খবর পেয়ে পুলিশ দুর্ঘটনাগ্রস্ত বুলেরো গাড়িটিকে আটক করার জন্য অভিযানে নামে। পরবর্তী সময় বুলেরো গাড়ির চালক শিমুল দাসকে পুটিয়া এলাকা থেকে গ্রেপ্তার করে পুলিশ।

## বিএসএফ

● প্রথম পাতার পর

কোম্পানি কমান্ডার সুরেন্দ্র সিং বেশ কয়েকজন বিএসএফ নিয়ে এসে আচমকা তাদের উপর আক্রমণ চালায়ন তাদের আক্রমণের তীব্রতা এতটাই ছিল যে তাদের চিৎকারে এলাকার সকল জনগণ জড়ো হয়। ছুটে আসে রাজু লস্করের বাবা হরিপদ লস্কর, মা মিঠু লস্কর সহ পার্শবর্তী বাড়ির এক মহিলা কাকলি দাসন বিএসএফের আক্রমণের হাত থেকে মহিলারা পর্যন্ত বাদ যায়নি।

## ঠিকেদার

● প্রথম পাতার পর

বলেন, নিয়ম অনুযায়ী শ্রমিকদের বীমা করার কথা থাকলেও একজনও সেই সুবিধা পাননি। গত বছর দুর্ঘটনায় তিন শ্রমিকের মৃত্যু হয়েছিল। তারাও কোনো রকম ভাবে সরকারি সাহায্য পাননি।

## মৎস্য মন্ত্রী

● প্রথম পাতার পর

১২০০ টাকা দরে সাধারণ মানুষ কিনতে পারবেন। ত্রিপুরা সরকারের এই পদক্ষেপে সাধারণ মানুষ ভীষণ খুশি হবেন বলে আশা ব্যক্ত করে বলেন সুধাংশু দাস।

## কেন্দ্রকে তোপ মমতার

কলকাতা, ২৩ মে (হি. স.) : "দেশে গণতন্ত্র নেই। গণতন্ত্র বাঁচাতে পারে সুপ্রিম কোর্ট। সেই সুপ্রিম কোর্টের নির্দেশও ওরা মানছে না। এই সরকার বুলডোজারের সরকার, এজেন্সির সরকার, ওরা সংবিধানের উপর বুলডোজার চালিয়ে দিচ্ছে।"মঙ্গলবার নবান্নে কেজরিয়াল-মান ভিন রাজ্যের দুই মুখ্যমন্ত্রী-সহ বিজেপি-বিরোধী নেতৃবৃন্দের সঙ্গে আলোচনার পর এই মন্তব্য করেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর আশঙ্কা, আগামী দিনে দেশের নাম তথা সংবিধানও বদলতে দিতে পারে বিজেপি।

## সরগরম রাজ্য রাজনীতি

● প্রথম পাতার পর

পুরো কন্ট্রোল সিস্টেম রয়েছে তা বলার মত শক্তিশালী নেতা নেই রাজ্যে। জনজাতিদের ক্ষেত্রেও একই অবস্থা। জনজাতিরা চুপ করে থাকবে আর সিবিএসসি পরীক্ষায় বাংলায় লিখতে হবে। এয়ারপোর্টে সব ভাষায় ঘোষণা দেওয়া হচ্ছে অথচ ককবরক ব্রাত্য। উজ্জয়ন্ত প্রসাদের সামনে সেলফি তোলার ব্যবস্থা থাকবে অথচ মহারাজাদের মূর্তি থাকবে না, আস্তাবলের নাম পাল্টানো নিয়েও কটাক্ষ করলেন প্রদ্যোত।

তিনি বলেন নির্বাচনের আগে আসামের মুখ্যমন্ত্রী বলেছিলেন এডিসি ম্যাক্সিমাম অটোনোমাস তথা সর্বোচ্চ স্বশাসন করা হবে। ইন্টারলোকেটর প্রসঙ্গে তিনি বলেন দেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসামের মুখ্যমন্ত্রী বারবার ফোন করে এবং আলাপচারিতার মধ্যে এর আশ্বাস দিয়েছিলেন। মথার শীর্ষ নেতৃত্বও এই আলাপচারিতায় উপস্থিত ছিলেন। নোটিফিকেশনও করা হয়েছিল। মণিপুরের ইস্যু টেনে সবকিছু বাতিল করে দেয়া হয়। এর পেছনে কি রহস্য রয়েছে তা সকলেই ভালোভাবে বুঝে গেছে। তিনি বলেন আসলে এই সমস্ত করে আমার ভাবমূর্তি নষ্ট করা এবং দলীয় কর্মী সমর্থকদের কাছ থেকে দূরে সরিয়ে দেওয়ার কৌশল। তিনি বলেন রাজনীতি করতে এসেছি। পয়সা কামানোর জন্য নয়। এমপি বা এম এল এ হওয়ার জন্য নয়। এসেছি মানুষকে কিছু দেবার জন্য। সোশ্যাল মিডিয়ায় আমার বিরুদ্ধে উঠে এসেছিল নির্বাচনের আগে বিজেপির বিরুদ্ধে লড়াইয়ের জন্য ৩০০ কোটি টাকার দেয়া হয়েছে। তিনি তা খন্ডন করে বলেন নির্বাচনে মানুষ বিভিন্নভাবে আমাদের সাহায্য করেছে। এখনো আমার বাজারে ঋণ রয়েছে এক কোটি নব্বই লাখ টাকা। প্রতিনিয়ত মানুষ এর জন্য ফোন করে যাচ্ছে।

অথচ এডিসির হাতে কোন পয়সা নেই। পয়সা দিচ্ছেন না সরকার। জনতা ভোট দিয়ে এডিসির প্রশাসনে এনেছে। এরপর অধিকারের জন্য গেলে দরজা বন্ধ করে দিচ্ছে দিল্লি। তিনি বলেন তাই বলে ভিক্ষা চাইবো না। লড়াই আন্দোলনের মাধ্যমে তা আদায় করবে মথা। বহু কর্মী মথা ছেড়ে বিজেপিতে যোগ দিতে চাইছে। কারণ বিজেপিতে যোগ দিলে তারা রেগার কাজ পাবে, চাকরি পাবে ইত্যাদি সুযোগ-সুবিধা পাবে। যারা ক্ষমতায় বসে এভাবে কর্মীদের প্রলোভন দেওয়ার চেষ্টা করছে তারা সরকার নয় দালাল বলে তার মন্তব্য। এই অভিযোগ করে তিনি বলেন বিষয়টি প্রধানমন্ত্রীকে দেখা দরকার। কারণ গত বিধানসভায় ৬১ শতাংশ লোক ভোট দেয়নি বিজেপিকে। তাদের ছাড়া কি সরকার রাজ্য চালাতে পারবে, প্রশ্ন প্রদ্যোতের। তিনি এও বলেন মথার মূল দাবি হচ্ছে গ্রেটার তিপ্রাল্যান্ড এবং সাংবিধানিক অধিকার।

কেউ যদি এই অধিকার ছেড়ে নিজেদের স্বার্থ রক্ষায় শাসক দলে চলে যেতে চান তবে যেতে পারেন। বুবাগ্রা মৃত্যুর আগে পর্যন্ত এই লড়াই চালিয়ে যাবে জনজাতিদের স্বার্থে। বুবাগ্রাকে খতম করার রাজনৈতিক প্রয়াস চলছে। তার জন্য প্রতিনিয়ত নানা ধরনের কথা বলে সোশ্যাল মিডিয়া এবং পত্রপত্রিকায় বিভ্রান্ত করার চেষ্টা করছে দলকে। তবে রাজ্যে রাজনৈতিক পরিস্থিতি যে খারাপ এনিয়েও উদ্বেগ প্রকাশ করেন তিনি। তবে তিনি এও বলেন ষড়যন্ত্রকারীরা ভালোভাবেই জানেন বুবাগ্রা যতদিন থাকবে জনজাতিদের থানসা ভাঙবে না। শেষ রক্ত দিয়েও বুবাগ্রা জনজাতিদের অধিকার রক্ষার লড়াই করে যাবে যাতে আগামী প্রজন্ম সুরক্ষিত থাকে। গত বিধানসভা নির্বাচনের লড়াই প্রসঙ্গে প্রদ্যোত দেববর্মা বলেন বিধানসভায় যাতে একত্রিশ জন জনজাতি বিধায়ক থাকে এই লক্ষ্যেই সাব্রুমে সিপিএম নেতা জিতেন্দ্র চৌধুরীর বিরুদ্ধে প্রার্থী দেয়নি মথা। রাধাচরণ দেববর্মার জয়ের জন্য বুবগ্রা পাশে দাঁড়ানোর চেষ্টা করেছিল কিন্তু সিপিএম তা মানেনি।

বিজেপির কার্যকারিণী বৈঠক প্রসঙ্গ তিনি বলেন বৈঠকে সংগঠন কিভাবে মজবুত হবে এই বিষয় নিয়ে আলোচনা না করে ব্যক্তিগতভাবে প্রদ্যোতকে মহারাজ না বলার জন্য দলীয় কর্মীদের যেভাবে নির্দেশ দিয়েছেন দলের কর্তা তা ঠিক নয়। তার তীব্র নিন্দা জানিয়ে তিনি বলেন প্রদ্যোত জনজাতিদের মনের মধ্যে রয়েছে তাতেই সন্তুষ্ট এর জন্য কাউকে মহারাজ বলা বা না বলা কিছু আসে যায় না। তিনি দুঃখের সঙ্গে বললে ওই বৈঠকে যে সমস্ত জনজাতিরা ছিলেন তারা মুখে কুলুপ এঁটে বসে রয়েছেন। অথচ এ রাজ্য ত্রিপুরা জনজাতিদের। বাংলাদেশ থেকে এসে এখন তারা ত্রিপুরার নাগরিকত্ব এবং রেশন কার্ড পেয়ে যাচ্ছেন বলে অভিযোগ তার। তবে নিজের ব্যর্থতা ঢাকতে তিনি শাসকদলের ওপর নানাভাবে এদিন আক্রমণ চালান। ঘুরিয়ে ফিরিয়ে তিনি শাসকদলের উপর যেভাবে আক্রমণ এনেছেন আগামী দিনে তিপ্রাল্যান্ড এবং সাংবিধানিক সমাধানের জন্য তাকে রাস্তায় নামা ছাড়া আর কোন উপায় নেই বলে রাজনৈতিক বিশেষজ্ঞদের অভিমত।

# বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শনে পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের অধিকর্তা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।। সিপাহীজলা জেলার অধীন বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র সরজমিনে পরিদর্শন করেন পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের ভারপ্রাপ্ত অধিকর্তা ডাঃ সুপ্রিয় মল্লিক। গত ১৮ মে উক্ত পরিদর্শন কালে তিনি স্বাস্থ্যকেন্দ্রের বিভিন্ন পরিষেবা প্রদান সম্পর্কে অবগত হন এবং অন্তর্বিভাগ ও বহির্বিভাগের পরিষেবা নিয়ে খোঁজ খবর নেন। পাশাপাশি স্বাস্থ্যকেন্দ্রের বিভিন্ন ওষুধ ও ওষুধের স্টক খতিয়ে দেখেন। এই পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন বিশ্রামগ' প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক ডাঃ পুজা দেব, ডাঃ রিয়া দেববর্মা, ডাঃ সাদিকুর রহমান সহ অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট (এএএ) কবিতা দেববর্মা। উল্লেখ্য তিনি সম্পতি পত্রিকায় বিশ্রামগম' হাসপাতলের সম্পর্কে ডাঃ সাদিকুর রহমানকে উদ্ধ'ত করে যে সংবাদ প্রকাশের বিষয়টি জানতে চান। ডাঃ রহমান তা অস্বীকার করেন। যদিও উক্ত অভিযোগের বিষয়টি নিয়ে দপ্তর তদন্তের জন্য একটি কমিটি গঠন করেছেন। এই কমিটির চেয়ারম্যান নিযুক্ত হয়েছেন ডাঃ বিশ্বজিৎ দেববর্মা সদস্য সচিব ত্রিপুরা রাজ্য রক্ত স'ালন পর্ষদ এবং অন্যান্য সদস্যারা হল জাতীয় স্বাস্থ্য মিশনের ডি ডি ও নীলা'ন ভ-াচার্য, অ্যাকাউন্টস অফিসার উত্তম দাস ও অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার প্রণয় সাহা। এই কমিটি গত ১৯ মে বিশ্রামগ' প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র যান। সহসাই তাঁরা রিপোর্ট জমা দেবান। পরিদর্শন শেষে অধিকর্তা ডাঃ সুপ্রিয় মল্লিক বিশ্রামগ' প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক সহ সকল স্বাস্থ্যকর্মীদের জনগণকে সুষ্ঠ ভাবে চিকিৎসা পরিষেবা প্রদানের জন্য আহ্বান রাখেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

# মালেগড় শহীদদের শ্রদ্ধাঞ্জলি রাজ্যপালের করিমগঞ্জ জেলা প্রশাসনের কাজে সন্তুষ্টি প্রকাশ

করিমগঞ্জ (অসম) ২৩ মে (হি.স.) : আসামের রাজ্যপাল গোলাব চান্দ কাটারিয়া মঙ্গলবার করিমগঞ্জ জেলা সফর করেছেন। তিনি সোমবার রাতে করিমগঞ্জে এসে অবস্থান করেন। মঙ্গলবার সকাল সাড়ে নয়টায় করিমগঞ্জের জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে জেলাশাসক মৃদুল যাদব, পুলিশ, বিএসএফ সহ জেলার সব কয়টি সুরক্ষা এজেন্সির উচ্চপদস্থ কর্মকর্তা এবং বিভাগীয় প্রধানদের সাথে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন। পর্যালোচনা সভার শুরুতে করিমগঞ্জের জেলাশাসক মৃদুল যাদব রাজ্যপালকে উত্তরীয় ফুলের তোড়া ইত্যাদি দিয়ে বরণ করেন। এরপর রাজ্যপাল কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্ম, জনহিতকর প্রকল্প, অনুদানমূলক স্কিম নিয়ে আলোচনা করেন। যার মধ্যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের প্রধানমন্ত্রী আবাস যোজনা, জনসাস্থ্য কারিগরির জল জীবন মিশন সহ শিক্ষা, স্বাস্থ্য, পূর্ত, জলসম্পদ, জলসিঞ্চন, কৃষি, ফিসারী, পশুপালন ইত্যাদি বিভাগের কাজকর্মের অগ্রগতি ও রূপায়ণ নিয়ে পর্যালোচনা করেন। পাশাপাশি তিনি সুরক্ষা এজেন্সির কর্মকর্তাদের সাথে সুরক্ষার বিষয়গুলিও খতিয়ে দেখেন। পর্যালোচনা বৈঠক শেষে রাজ্যপাল সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে করিমগঞ্জ জেলা প্রশাসনের তৎপরতা এবং বিভাগীয় উন্নয়নমূলক কাজকর্ম সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করেন। তিনি জেলায় কৃষি ক্ষেত্রে প্রতিটি মরশুমে চাষাবাদের ব্যবস্থার উপর গুরুত্ব আরোপ করেন। পাশাপাশি জেলায় ডায়েরি ফার্মের স্বল্পতা রয়েছে বলে জানান যার জন্য ডায়েরি ফার্ম স্থাপনের পরামর্শ দেন।

এরপর তিনি সুতারকান্দি ইনল্যান্ড পোর্ট অথরিটির ইন্দো বাংলা আন্তর্জাতিক বাণিজ্য কেন্দ্র সফর করেন। সেখানে বিএসএফ, ইন্দো বাংলা আন্তর্জাতিক আমদানি রফতানি সংস্থা এবং ইনল্যান্ড পোর্ট অথরিটির কর্মকর্তারা তাকে সংবর্ধনা জানান। সেখানে তাদের সাথে রাজ্যপাল বাংলাদেশের সাথে চলতি বাণিজ্য এবং ভবিষ্যতে এর উন্নয়নের সম্ভাবনা নিয়ে পর্যালোচনা করেন। এদিন তিনি সুতারকান্দি সীমান্তে গাছের চারাও রোপন করেন।

এরপর তিনি সুতারকান্দি থেকে মালেগড় পর্যন্ত ভারত বাংলাদেশ সীমান্ত পরিদর্শন করে মালেগড় সিপাহী বিদ্রোহের স্মৃতিসৌধে উপস্থিত হন। সেখানে তাকে মালেগড় সীমান্তে কর্তব্যরত বিএসএফের পক্ষ থেকে গার্ড অফ অনার প্রদান করা হয়। এরপর রাজ্যপাল সিপাহী বিদ্রোহের স্মৃতি বিজড়িত স্মৃতিসৌধে উপস্থিত হয়ে বীর শহীদদের প্রতি শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন। এতে তিনি জানান যে ভারতের স্বাধীনতার প্রথম সংগ্রাম ১৮৫৭ সালে সিপাহী বিদ্রোহের মাধ্যমে শুরু হয়। এই বিদ্রোহে যেসব বীর সেনানি মালেগড়ে এসে আশ্রয় নেন এবং ওই এলাকার জনগণ তাদেরকে যেভাবে সহায়তা করেন যার পরিনাম স্বরূপ স্বাধীনতা সংগ্রামের স্ফুলিঙ্গ জাগ্রত হয়। তাই এই এলাকার গুরুত্ব অপরিসীম। তিনি সিপাহী বিদ্রোহের ওই বীর সেনানিদের স্মরণ করে এই পবিত্র ভূমিকে আরও উন্নত করতে সরকার থেকে ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা করবেন বলে জানান। পাশাপাশি তিনি দেশ বিভাজন সম্পর্কে উল্লেখ করে বলেন সীমান্তে যদিও দেশ বিভাজনের ফলে এপার ভারত ওপার বাংলাদেশ হয়েছে কিন্তু এই এলাকায় বসবাস করা জনগণের ভাষা, কৃষ্টি, সংস্কৃতি সব এক। এ প্রসঙ্গে সীমান্তে কাঁটাতারের বাইরে থাকা ভারতের এলাকার গোবিন্দপুরে বসবাস করা জনগণের কথা উল্লেখ করে জানান ওই বসতির জনগণকে কাঁটাতারের এপারে পুনর্বাসনের জন্য প্রশাসনের পক্ষ থেকে প্রয়াস করা হলেও তারা কিন্তু নাড়ীর টানে এপার এসে বসতি করতে রাজি হননি। তিনি করিমগঞ্জ জেলার ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকার সুরক্ষা সম্পর্কে সন্তোষ ব্যক্ত করেন।

এরপর রাজ্যপাল মালেগড় থেকে সরাসরি করিমগঞ্জ আবর্ত ভবনে ফিরে এসে বিকেলের দিকে হাইলাকান্দির উদ্দেশ্যে যাত্রা করেন। যাত্রার আগে করিমগঞ্জ আবর্ত ভবনে রাজ্যপালকে পুলিশের পক্ষ থেকে সেলামি প্রদান করা হয়। এতে তিনি টিম লিডার ও ব্যান্ড মাস্টারের হাতে উপহার সামগ্রী তুলে দেন।

## দামছড়ায়

● প্রথম পাতার পর

এলাকা থেকে গাড়িটিকে নিয়ে আসা হয় দামছড়া থানায়।,থানায় নিয়ে এসে তল্লাশি চালালে গাড়ির ভিতরের গোপন কক্ষ থেকে উদ্ধার হয় আটশো ত্রিশ কেজি অবৈধ বার্মিস সুপারি। পুলিশ জানিয়েছে,এ বিষয়ে একটি মামলা গ্রহণ করে তদন্ত শুরু করে দিয়েছে। এদিকে এও গুঞ্জন রয়েছে উওরের রামনগর নিবাসী সুদীপ দাস ও তার নিজ কাকা নান্টু দাস এই বার্মিজ সুপারি পাচার ও গরু পাচার বাণিজ্যের সাথে জড়িত রয়েছে বলে খবর।

## হাইকোর্টে

● প্রথম পাতার পর


বিচার বিশ্লেষণ করা হবে। এরপর পরবর্তী সিদ্ধান্ত আইন মোতাবেক গ্রহণ করা হবে বলে জানান আইনজীবী কৌশিক রায়। ত্রিপুরা সমগ্র শিক্ষা কর্মচারী সমিতির চেয়ারম্যান বাস্তব দেববর্মা জানান রায়ের কপি হাতে পেলে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে। তবে ডিভিশন ব্যাঞ্চে যাওয়ার কথা জানান তিনি।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল :** জিবি : ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# বাংলাদেশকে উপহারের হিসেবে রেলের ২০টি লোকোমেটিভ হস্তান্তর করলো ভারত

কিশোর সরকার

ঢাকা, ২৩ মে (হি.স): বাংলাদেশের দীর্ঘদিনের রেল ইঞ্জিনের (লোকোমোটিভ) সংকট নিরসনে বাংলাদেশকে অনুদান হিসেবে ২০টি ডব্লিউডিএম-৩ডি ব্রডগেজ লোকোমোটিভ হস্তান্তর করলো ভারত সরকার। মঙ্গলবার বিকার সাড়ে ৪টায় লোকোমোটিভ হস্তান্তর অনুষ্ঠানে ভার্চুয়ালি দুই দেশের রেলমন্ত্রী যোগ দেন।

বাংলাদেশ রেল ভবন থেকে রেলপথ মন্ত্রী মো. নুরুল ইসলাম সুজন এবং নয়াদিল্লির রেলমন্ত্রক থেকে ভারতীয় রেলমন্ত্রী আশ্বিনী বৈষ্ণব ভার্চুয়ালী এ হস্তান্তর অনুষ্ঠানে যোগ দেন। এসময় দিল্লিতে রেলভবনে রানাঘাটের লোকসবা সাংসদ জগন্নাথ সরকার, বাংলাদেশের ডেপুটি হাইকমিশনার নুরুল ইসলামসহ ভারতীয় রেলওয়ের উর্ধতন কর্মকতারা উপস্থিত ছিলেন। বাংলাদেশের রেলভবনে বাংলাদেশস্থ ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা, বাংলাদেশের রেল সচিব ড় হুমায়ুন কবির, রেলের মহাপরিচালক কামরুল আহসান সহ রেলের উর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

গত বছরের ১ জুন (২০২২) দিল্লিতে অনুষ্ঠিত দু দেশের রেলমন্ত্রীর মধ্যে বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে লোকোমোটিভ সংকটের কথা বলা হয়। এ-সময় ভারতের পক্ষ থেকে উপহার হিসেবে ২০ টি লোকমোটিভ দেয়ার ব্যাপারে প্রতিশ্রুতি দেয়া হয়। পরবর্তিতে ২০২২ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফরের সময় ভারত সরকার এই রেল ইঞ্জিন সরবরাহ করবে বলে যৌথ বিবৃতিতে উল্লেখ করেন।

এর আগে, ২০২০ সালের জুলাই মাসে ভারত ১০টি লোকোমোটিভ দিয়েছিল। এ নিয়ে গত তিন বছরের মধ্যে বাংলাদেশকে ৩০ লোকোমোটিভ উপহার দিল ভারত। যাতে করে রেলওয়ের ইঞ্জিনের অভাব কিছুটা দুর হবে বলে রেলকর্মকর্তারা জানান।

রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজন বাংলাদেশ রেলওয়েকে ২০ টি লোকমোটিভ দেয়ার জন্য ভারতীয় রেলমন্ত্রী তথা ভারত সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করেন।


তিনি বলেন, ৭১ এর মহান স্বাধীনতা যুদ্ধে ভারত আমাদেরকে সার্বিক সহায়তা করেছে। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে সহযোগিতা করতে গিয়ে ১৬ হাজার ভারতীয় সৈনিক শহীদ হয়েছেন। তাই দুদেশের বন্ধুত্ব রক্তের আকরে আবদ্ধ। ভারত সরকার বাংলাদেশের রেলওয়ের উন্নয়নে বহু প্রকল্পে সহায়তা করছে। এসময় তিনি রেলের উনরনয়নে ভারতীয় অর্থায়ন অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

ভারতীয় রেলমন্ত্রী বলেন, বাংলাদেশ ভারতের দীর্ঘদিনের পরিক্ষীত বন্ধু। এ দু দেশের বন্ধুত্ব উত্তরোত্তর আরো বাড়বে। যা বিভিন্ন ক্ষেত্রে প্রতিমান হচ্ছে। সাংস্কৃতিক ও অর্থনৈতিক ভাবে দু দেশ এগিয়ে যেতে একত্রে কাজ করছে। ১.৭ বিলিয়ন ডলারের ঋণ ভারত বাংলাদেশের বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকাণ্ডে দিয়েছে। ভারত সরকার বাংলাদেশের রেলওয়ের বিভিন্ন সেকশনের উন্নয়নে কাজ করে চলেছে। তিনি বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন ভারত ও বাংলাদেশ এক সঙ্গে অর্থনৈতিক, বাণিজ্যিক, সামাজিক, সাংস্কৃতিকসহ সামগ্রিকভাবে এগিয়ে যাচ্ছে, যাবে। দু দেশের বন্ধুত্ব চিরদিন অটুট থাকবে।

২০ টি লোকমোটিভ পশ্চিমবঙ্গের স্থলবন্দর গেদে হয়ে বাংলাদেশের দর্শনা রেল জংশনের কর্মকর্তারা গ্রহন করেন। লোকোমোটিভ হস্তান্তর অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বাংলাদেশের দর্শনা রেলস্টেশন থেকে অনলাইনে যুক্ত ছিলেন বাংলাদেশের পশ্চিম রেলওয়ের জেনারেল ম্যানেজার অসীম কুমার তালুকদার। গেদ রেলওয়ে স্টেশন থেকে অনলাইনে যুক্ত ছিলেন ভারতের রেলওয়ে কর্মকর্তারা।

# পুলিশকর্তাদের ক্ষোভের মুখে এসপি-রা

কলকাতা, ২৩ মে (হি. স.) : এগরা, বজবজের বাজি কারখানায় বিস্ফোরণে রাজ্যের পুলিশ আধিকারিকদের ক্ষোভের মুখে পড়লেন পুলিশ সুপাররা। কেন বিস্ফোরণের আগে বেআইনি কারখানা সম্পর্কে খবর মিলছে না? কেন কোথায় কত বাজি মজুত রয়েছে তা সম্পর্কে আগাম খবর পাচ্ছেন না সুপাররা?মঙ্গলবার এক ভারচুয়াল বৈঠকে এ নিয়ে প্রশ্ন তুলেছেন রাজ্য পুলিশের আইজি, ডিআইজিরা। একের পর বাজি কারখানায় বিস্ফোরণের ঘটনায় এদিন পুলিশ সুপার ও কমিশনারদের নিয়ে ভারচুয়াল বৈঠক বসেন এডিজি আইনশৃঙ্খলা ও রাজ্য পুলিশের ডিজি। সেখানেই সুপারদের ভূমিকা নিয়ে প্রশ্ন ওঠে।পরপর বিস্ফোরণে ইতিমধ্যে প্রাণ গিয়েছে অন্তত ১৫ জনের। এগরার বিস্ফোরণের পরই পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছিলেন মুখ্যমন্ত্রী। এলাকার আইসিকে শোকজও করা হয়। দীর্ঘসময় ধরে বাজি কারখানা চলার পরও কেন এলাকার আই সি সেসম্পর্কে জানতেন না, তা নিয়ে প্রশ্ন তুলেছিলেন খোদ মুথ্যমন্ত্রী। এবার সেই প্রশ্ন তুললেন রাজ্য পুলিশের পদস্থ আধিকারিকরা।



# লীগে বিসিসির কাছে পরাজয়ের জবাব দিতে মুখিয়ে ব্লাডমাউথ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।। লীগ ম্যাচে কিন্তু বিসিসি দুর্দান্ত জয় পেয়েছিল। সুপার ফোর-এর সুপারলিগে শীর্ষস্থানাধিকারী ব্লাডমাউথ চাইছে এর মোক্ষম জবাব দিতে। ত্রিপুরা ক্রিকেটে এসোসিয়েশন আয়োজিত এ-ডিভিশন সুপার ফোর ক্রিকেট টুর্নামেন্ট আগামীকাল থেকে শুরু হচ্ছে। ৫০ ওভারের ডে ম্যাচ থেকে এখন টুর্নামেন্ট দুই ইনিংসে রূপান্তরিত। যদিও প্রথম ইনিংসের খেলা ৯০ ওভারে সীমিত রাখা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, গত ১২ মে প্রথম ডিভিশন লিগ ক্রিকেটে কিন্তু বনমালীপুর ক্রিকেট ক্লাব ৪৫ রানের ব্যবধানে ব্লাড মাউথ ক্লাবকে পরাজিত করেছিল।

খেলা ছিল এমবিবি স্টেডিয়ামে। ম্যাচ শুরুতে টস জিতে ব্লাডমাউথ প্রথমে বোলিংয়ের সিদ্ধান্ত নেয় ব্যাটিংয়ের আমন্ত্রণ পেয়ে বনমালীপুর ক্রিকেট ক্লাব সীমিত ৫০ ওভারের খেলায় ৪৫.৪ ওভার খেলে সবকটি উইকেট হারিয়ে ১৩৫ সংগ্রহ করেছিল। দলের পক্ষে সাগর শর্মা সর্বাধিক ৫৪ রান পেয়েছিল।

জবাবে ব্যাট করতে নেমে ব্লাড মাউথ ২৭.২ ওভার খেলে ৯০ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়।

বিসিসি-র রাজদীপ দত্ত ২৪ রানে পাঁচটি উইকেট তুলে নিয়ে দুর্দান্ত সাফল্য পেয়েছিল। আগামীকাল থেকে শুরু হতে যাওয়া দুই দিনের ম্যাচে পরস্পরের বিরুদ্ধে দুই দল কেমন জবাব দেয় তা এখন দেখার বিষয়।

# লীগে চলমানের কাছে পরাজয়ের ভুল শুধরে মোক্ষম জবাবের লক্ষ্যে পোলস্টার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।। লীগ ম্যাচে পোলস্টার প্রথম যে হোঁচটটা খেয়েছিল সেটা সেই চলমানের কাছেই। সেই চলমান সংঘের সঙ্গেই আগামীকাল থেকে পোলস্টার দুদিনের ম্যাচে খেলতে নামছে।

টিসিএ আয়োজিত এ-ডিভিশন সুপার ফোর-এর সুপার লিগ ক্রিকেটের খেলা এমবিবি স্টেডিয়ামে। দুদিনের ম্যাচ শুরু আগামীকাল সকাল সাড়ে আটটায়।

তবে লীগের লড়াই টা হয়েছিল ৬ মে নরসিংগড়ের পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে। ওই ম্যাচে চলমান সংঘ ছয় উইকেট-এর ব্যবধানে পোলস্টার কে পরাজিত করেছিল। ম্যাচ শুরুতে টস জিতে পোলস্টার প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নেয়। কিন্তু পঞ্চাশ ওভারের ম্যাচে পোলস্টারের ব্যাটার্সরা কিছুটা ব্যাটিং ব্যর্থতায় ৩৯.৫ ওভার খেলে ১১১ রানে ইনিংস গুটিয়ে নেয়।

জবাবে চলমান সংঘ ২৮.৩ ওভার খেলে চার উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। চলমান সংঘের কৃষ্ণ ধন নম: ৩৫ রানে পাঁচটি উইকেট তুলে নিয়ে বেশ সাফল্য পেয়েছিল। এছাড়া, জয়দেব দেব পেয়েছিল তিন উইকেট ৮ রানের বিনিময়ে।

# সর্বত্রই ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরীক্ষার আসনে অর্ধশতক স্কোরার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।। গ্র্যাডেশন পাওয়ার লক্ষ্যে স্কোরাররা পরীক্ষায় বসলেন। প্রথমত দু-তিন দিনের শিবিরে অনলাইন ও অফলাইনে স্কোরিং বিষয়ে অনেক কিছু শিক্ষনীয় বিষয়ে অবগত হয়ে স্কোরাররা আজ পরীক্ষার টেবিলে বসেছেন। কতটুকু অভিজ্ঞতায় রয়েছে বা শিবিরে কতটুকু নতুন কিছু জেনেছেন তার পুরোটাই কাগজে-কলমে প্রয়োজনে অনলাইনে নিজেদের দক্ষতার জানান দিতে ৪৮ জন স্কোরার আজ পরীক্ষার্থীর ভূমিকা পালন করেছেন।

এবার নির্দিষ্ট সময় অপেক্ষায় কাটাবেন ফলপ্রকাশের জন্য। প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই স্কোরারদের গ্র্যাডেশন দেওয়া হবে বলে টিসিএ থেকে জানানো হয়েছে। উল্লেখ্য, ক্রিকেটের সাথে যুক্ত অন্যান্য কর্মীদেরও মান উন্নয়নে বদ্ধপরিকর ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন। আর সেই লক্ষ্যেই আগরতলা এমবিবি ক্লাব হাউজে অনুষ্ঠিত হয়েছে স্কোরারদের নিয়ে বিশেষ কর্মশালা।

সঠিক পদ্ধতিতে নির্ভুল স্কোরিং করার জন্যই এই কর্মশালা সম্পন্ন হয়েছে।

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত তিন দিনের কর্মশালার শেষ দিন আজ, মঙ্গলবার অনুষ্ঠিত হয়েছে পরীক্ষা। গুরুত্বপূর্ণ এই পরীক্ষার আসনে ৪৮ জন স্কোরার নিজেদের অভিজ্ঞতা ও দক্ষতার পরিচয় দিয়েছেন।

# টিসিএ-র উদ্যোগে ক্রিকেট স্কোরারদের পরীক্ষা আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।। রাজ্যের ক্রিকেটারদের মান উন্নয়নে বিভিন্ন দিক দিয়ে কাজ করে চলেছে ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন। একদিকে চলছে পরিকাঠামগত উন্নয়ন, ঠিক তেমনি আবার অন্যদিকে ক্রিকেটারদের সঠিকভাবে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তৎপর অ্যাসোসিয়েশনের কর্মকর্তারা। শুধুমাত্র ক্রিকেটার ও পরিকাঠামগত উন্নয়নই নয়, ক্রিকেটের সাথে যুক্ত অন্যান্য কর্মীদেরও মান উন্নয়নে বদ্ধপরিকর এসোসিয়েশন। আর সেই লক্ষ্যেই আগরতলা এমবিবি ক্লাব হাউজে চলছে এখন স্কোরারদের নিয়ে বিশেষ কর্মশালা। সঠিক পদ্ধতিতে নির্ভুল স্কোরিং করার জন্যই এই কর্মশালার আয়োজন। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত তিন দিনের কর্মশালার শেষ দিন মঙ্গলবার অনুষ্ঠিত হবে পরীক্ষা। গুরুত্বপূর্ণ এই পরীক্ষার ফলাফলের উপর নির্ভর করবে স্কোরারদের গ্রেডেশন। কর্মশালায় প্রশিক্ষক হিসেবে রয়েছেন বোর্ড অফ ক্রিকেট কন্টোল অফ ইন্ডিয়ার স্কোরার দিবাকর নাহা ও সুভাষ ঘোষ। সোমবার কর্মশালার দ্বিতীয় দিন স্কোরার সুভাষ ঘোষ জানান, আগামীকালকের পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে স্কোরারদের গ্রেডেশন নির্ণয় করা হবে। তিনি আরো জানান, টিসিএ চাইছে নির্ভুল স্কোরিং। এখন সব ম্যাচের তথ্য অনলাইনের মাধ্যমে জানা যায়। রাজ্যের যে কোন প্রান্তেই ক্রিকেট ম্যাচ হোক না কেন, সব ম্যাচের তথ্য অনলাইনে তুলে ধরা হয়। তাই নতুন এই পদ্ধতির মান উন্নয়নের লক্ষ্যেই কর্মশালা ও পরীক্ষার আয়োজন।

# শান্তিরবাজারে ক্রিকেট আজ থেকে ফের শুরু

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।। স্কোরারদের সেমিনার এবং পরীক্ষার জন্য চারদিন বন্ধ থাকার পর আগামীকাল থেকে পুনরায় শুরু হচ্ছে আসর। আজ ব্রু জোয়াইন মথৌ দল খেলবে অঙ্কুর ইউনিটের বিরুদ্ধে। মহকুমা ক্রিকেট সংস্থার আয়োজিত চ্যালেঞ্জার ট্রফি সিনিয়র ক্রিকেট আসরে। বাইখোরা স্কুল মাঠে হবে ম্যাচটি। আসরের উদ্বোধনী ম্যাচে ইউনিটি পাঠচক্র সোসাইটি ৭১ রানে পরাজিত করেছিলোকুষারঘাট তরুণ সঙ্ঘকে। উদ্বোধনী ম্যাচে উপস্থিত ছিলেন রাজ্য সরকারের মাননীয় মন্ত্রী শুক্ল চরণ নোয়াতিয়া, বিশিষ্ট সমাজসেবক রতন বৈদ্য, মহকুমা ক্রিকেট অ্যাসোসিয়েশন এ-র সভাপতি অসীম কান্তি মিত্র, সচীব সাধুঅং মগ, সহ-সচীব সৌরজিৎ বিশ্বাস, কোষাধ্যক্ষ নারায়ণ শীল, আম্পায়ার কমিটির কনভেনর মনোরঞ্জন পাল এবং অ্যাসোসিয়েশন এ-র বরিস্ট আম্পায়ার তথা অ্যাসোসিয়েশন এ-র অফিস বিয়ারার ইঞ্জিনিয়ার কিশোর কুমার ভৌমিক। এদিকে মঙ্গলবার কার্যত সারাদিনই কালো চাদরে ঢেকে ছিলো। ফলে আজ সঠিক সময়ে খেলা শুরু হতে পারবে কীনা তা নিয়েও দেখা দিয়েছে সন্দেহ। তবে আশাবাদী মহকুমা ক্রিকেট সংস্থার কর্তারা।

# আমবাসায় সিনিয়র ক্লাব ক্রিকেট বৃষ্টিতে মাঝপথে পরিত্যক্ত ম্যাচ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।। বৃষ্টিত মাঝপথে ভেস্তে গেলো ম্যাচ। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র ক্রিকেটে। মঙ্গলবার ঐকতান ক্লাবের মুখোমুখি হয়েছিলো যুবসমাজ ক্লাব। দশমীঘাট মাঠে ছিলো ম্যাচটি। সকালে বৃষ্টি হওয়ায় ম্যাচ শুরু হতে দেরি হয়। পরে টসে জয়লাভ করে ঐকতান ক্লাব প্রথমে ব্যাট নেয়। এবং ৯.১ ওভারে ব্যাট করে ২ উইকেট হারিয়ে ৪৫ রান করার পর মুষলধারে বৃষ্টি নামে। শেষ পর্যন্ত খেলা শুরু করা যায়নি। ঐকতান ক্লাবের পক্ষে নির্মল পাল ২ টি বাউন্ডারির সাহায্যে ১৩, নালিনী বিশ্বাস ৯ এবং দিবাকর চক্রবর্তী ৮ রান করেন। যুব সমাজ ক্লাবের রাহুল দাস ২ উইকেট পেয়েছেন। ম্যাচটি ভেস্তে যাওয়ায় দুদলই ১ পয়েন্ট করে পেয়েছে।

# রাজ্য অ্যাথলেটিক্স সংস্থার বৈঠক ২৮শে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।। কার্যকরি কমিটির সভা ২৮ মে। রাজ্য অ্যাথলেটিক্স সংস্থার। ওই দিন সকাল ১১ টায় নেতাজি সুভাষ আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের মিলনায়তনে হবে সভা। তাতে বার্ষিক সাধারন সভার দিনক্ষণ চূড়ান্ত করা হবে। সভায় কার্যকরি কমিটির সকল সদস্য এবং সদস্যাদের উপস্থিত থাকার জন্য সচিব বিপ্লূ কুমার দত্ত অনুরোধ করেছেন।

# জাতীয় হকিতে আবারও লজ্জার পরাজয় ত্রিপুরার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মে।। জাতীয় ক্রীড়ায় লজ্জার পরাজয় ত্রিপুরার। নষ্ট হলো ত্রিপুরার সম্মান। দুই ম্যাচ খেলে ত্রিপুরা হজম করলো ৯৬ গোল। দিল্লিতে অনুষ্ঠিত হচ্ছে ১৩ তম জাতীয় সাবজুনিয়র হকি প্রতিযোগিতা। তাতে ত্রিপুরাকে রাখা হয়েছিলো 'ই' গ্রুপে। ওই গ্রুপে ত্রিপুরা ছাড়া রয়েছে দিল্লি হকি, অসম হকি এবং হকি পাঞ্জাব। ২০ মে হকি পাঞ্জাবের বিরুদ্ধে ৪২-০ গোলে এবং ২১ মে দিল্লি হকি দলের বিরুদ্ধে ৫৪- ০ গোলে লজ্জাজনক পরাজয় হয় ত্রিপুরার।

**বিজ্ঞপ্তি**

Ref :- Kalamchoura PS UD Casse No-03/2023 dated 21.05.2023 U/S 174 Cr. P.C.

উপরিউক্ত ছবিটি অজ্ঞাত পরিচয় মহিলা ব্যক্তির মৃতদেহ। যাহার উচ্চতা- ৪ ফুট, গায়ের রং- ফর্সা, চুল- কালো, পরনে প্রিন্টেড ব্লাউড এবক্তং গোলাপী কালারের সায়া। গত ২১-০৫-২০২৩ ইং তারিখে উক্ত অজ্ঞাত পরিচয় মহিলা ব্যক্তির মৃতদেহটি দক্ষিণ কলমচৌড়া হাসেরডং জঙ্গলে পাওয়া যায়। বর্তমানে অজ্ঞাত পরিচয় মহিলা ব্যক্তির মৃতদেহটি বক্সনগর হাসপাতাল মর্গে রক্ষিত আছে। কিন্তু এই অজ্ঞাত পরিচয় পুরুষ ব্যক্তির প্রকৃত পরিচয় সমন্ধে কেউ কিছু জানেনা।

উপরিউক্ত অপরিচিত মৃত ব্যক্তি সম্বন্ধে কেহ কোনো পরিচয় পাইলে অনুগ্রহ করে নিকটবর্তী থানা বা নিম্নলিখিত ঠিকানায় বা দূরভাষ নম্বরে যোগাযোগ করিবেন।

পুলিশ সুপার সিপাহীজলা, ত্রিপুরা
০৩৮১-২৮৬৭-৩১৮ (এসপিডিআইবি)
৯৮৬২১৫৬৫৯৭ (ওসি কলমচৌড়া থানা)



পুলিশ সুপার
সিপাহীজলা, ত্রিপুরা।

ICA-D-261/23

**Notice Ininvith - tender**

**PNIe-T- 09/EE/RD/BSGD/SPJ/2023-24/ 933 dt.22/05/2023**

The Executive Engineer, R.D. Bishramganj Division, Bishramganj, Sepahijala District, Tripura invites on behalf of the 'Governor of Tripura' Percentage rate two bid system e-tender from the eligible Contractors/Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/ MES /CPWD/Railway/OtherState PWD up to 3.00 P.M. on 05/06/2023 for 5 (five) nos work. . Eligible bidders shall participate in bidding only in online through website https:// tripuratenders.gov.in. Pre-Bid Conference: Date: 29.05.2023 Time: 11.00 AM in the chamber of the Executive Engineer, RD Bishramganj Division. For any enquiry, please contact by e-mail to eerdbsg@gmail.com.

(Er. Dibakar Shill)
Executive Engineer
R.D. Bishramganj Division
Bishramganj, Sepahijala District, Tripura

ICA/C-655/23

**Notice Inviting Tender**

Notice Inviting Tender in plain paper is hereby invited for "RATE FOR HIRING OF M&M BOLERO VEHICLE INCLUDING DRIVER, FUEL, LUBRICANT AND RELATED EXPENDITURE FOR USE IN THE DEPARTMENT OF COMMUNITY MEDICINE, AGARTALA GOVERNMENT MEDICAL COLLEGE & GBPH, AGARTALA" subject to certain terms & conditions vide file No.F.6(1-70)-AGMC/P&P/ College/H V/2023-2024.

Last date of submission of offer to the Principal, Agartala Government Medical College & G.B.P. Hospital, Agartala on or before 4:00 pm of 09/06/2023 by Speed post/courier/registered post only.

The Terms & conditions for the same may be collected free of cost from www.agme.nic.in , A.G.M.C, Agartala prior to the last date of submission of the NIT.

ICA/C-647/23

Medical Superintendent & Head of Department
A.G.M.C, & G.B.P. Hospital, Agartala.

**NOTICE INVITING TENDER (NIT)**

PNIeT No: 03/EE/WR/D-V/KMP/2023-24 Dated 20-05-2023

The Executive Engineer, W.R Division No-V, Kamalpur, Dhalai Tripura* on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender for the following work:

| Sl No. | DNIeT No. | Estimated Cost | Earnest Money | Bid Fee |
|---|---|---|---|---|
| 1. | No. 11/EE/WR/D-V/KMP2023-24 | Rs. 4,67,701.00 | Rs. 9,354.00 | Rs. 1,000/- |
| 2. | No. 12/EE/WR/D-V/KMP2023-24 | Rs. 5,23,427.00 | Rs.10,469.00 | Rs. 1,000/- |
| 3. | No. 13/EE/WR/D-V/KMP2023-24 | Rs. 4,71,586.00 | Rs 9,432.00 | Rs. 1,000/- |
| 4. | No. 14/EE/WR/D-V/KMP2023-24 | Rs 5,56,784.00 | Rs.11,136.00 | Rs. 1,000/- |
| 5. | No. 15/EE/WR/D-V/KMP2023-24 | Rs 5,79,395.00 | Rs.11,588.00 | Rs. 1,000/- |

Last date & time for online Bidding: 17-06-2023 upto 3:00 PM

Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in

ICA/C-643/23

Executive Engineer
WR Division No.V
Kamalpur Dhalai Tripura

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি

উন্নত মুদ্রণ

সাদা, কালো, রঙিন
নতুন ধারায়

রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# উন্নয়ন প্রকল্পের সুবিধা সমাজের একেবারে গরীব মানুষের কাছে গিয়ে পৌঁছাতে হবে : প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।। রাজ্যের গ্রাম শহর সর্বত্র কেন্দ্র এবং রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা পৌঁছে দেওয়ার কাজ ত্বরান্বিত করার জন্য কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। আজ সিপাহীজলা জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত জেলাভিত্তিক দিশা কমিটির পর্যালোচনা সভায় তিনি গুণমান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে বিভিন্ন প্রকল্প রূপায়ণের কাজ শেষ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন। তিনি বলেন, সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের সুবিধা সমাজের একেবারে গরীব মানুষের কাছে গিয়ে পৌঁছাতে হবে। এ বিষয়ে কোনও রকম আপোষ করা যাবে না। ক'ষকদের আর্থিক অবস্থার উন্নয়নে বিভিন্ন দপ্তরের আধিকারিকদের যৌথভাবে কাজ করার পরামর্শ দেন তিনি।

বৈঠকে পূর্ত, বিদ্যুৎ, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, মৎস্য, ক'ষি, উদ্যানপালন ও ভূমি সংরক্ষণ, বিদ্যালয় শিক্ষা, স্বাস্থ্য, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, খাদ্য, গ্রামোন্নয়ন ইত্যাদি দপ্তরের কাজকর্ম পর্যালোচনা করা হয়। সভার আলোচনায় জেলাশাসক ও সমাহর্তা ডা. বিশাল কুমার পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের অগ্রগতি নিয়ে আলোচনা করেন। সভায় পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের আধিকারিক জানান, জেলায় জল জীবন মিশনের মাধ্যমে এখন পর্যন্ত ৫৯ হাজার ৪১টি বাড়িতে পাইপলাইনের মাধ্যমে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে এবং অবশিষ্ট বাড়িগুলিতে এই সংযোগ দেওয়ার কাজ চলছে। চলতি অর্থবছরে জেলায় ২০০টি আইআরপি স্থাপনের লক্ষ্যমাত্রা রয়েছে। প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অগ্রগতির তথ্য দিয়ে বৈঠকে জানানো হয়, পিএমজিএসওয়াই ১ এবং ২ প্রকল্পে জেলায় ১৬৭টি রাস্তা এবং ৪টি ব্রিজ স্থাপন করা হয়েছে। ক'ষি ও ক'ষক কল্যাণ দপ্তরের আধিকারিক জানান, জেলায় এখন পর্যন্ত ২৯ হাজার ৮৪ জন ক'ষককে কিষাণ সম্মাননিধির আওতায় আনা হয়েছে। পূর্ত দপ্তরের আধিকারিক জানান, গত অর্থবছরে সোনামুড়ায় ৭১৮ কিলোমিটার পিচের রাস্তা নির্মাণ করা হয়েছে এবং বিভিন্ন রাস্তা সংস্কারের কাজ চলছে।

পর্যালোচনা সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, সহ-সভাধিপতি পিন্টু আইচ, বিধায়ক সুশান্ত দেব, বিধায়ক অন্তরা সরকার দেব, অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা জে ভি দোয়াতি, বিশালগড় ও সোনামুড়া মহকুমার মহকুমা শাসক, বিভিন্ন প'ায়েত সমিতি এবং বিএসির চেয়ারম্যানগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

# জামাই ষষ্ঠী উপলক্ষে বাজারে এসেছে চাঁদপুরের ইলিশ



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।। বৃহস্পতিবার জামাইষষ্ঠী। জামাই ষষ্ঠী উপলক্ষে বাজারে চলে এসেছে বাংলাদেশের চাঁদপুরের ইলিশ। রাজধানী আগরতলা শহরের বাজার গুলিতে চাঁদ পুরের ইলিশ মাছ নিয়ে বসেছেন বিক্রেতারা। জ্যৈষ্ঠ মাসের শুক্ল পক্ষের ষষ্ঠী তিথিতে ষষ্ঠী দেবীর পুজো করা হয়। বিবাহিত মেয়ে এবং জামাইকে আমন্ত্রণ করে খাওয়ানো হয়। জামাইয়ের কপালে মা ষষ্ঠীর ফেঁটা এবং হাতে হলুদ মাখানো সুতো বেঁধে মঙ্গল কামনা করেন শাশুড়ি মায়েরা। বৃহস্পতিবার জামাইষষ্ঠী। জামাই ষষ্ঠী উপলক্ষে বাজারে চলে এসেছে বাংলাদেশের চাঁদপুরের ইলিশ। রাজধানী আগরতলা শহরের বাজার গুলিতে চাঁদ পুরের ইলিশ মাছ নিয়ে বসেছেন বিক্রেতারা। চাহিদা ও জোগান ভালো রয়েছে বলে জানান বিক্রেতারা। বিক্রেতারা জানান এইবার অন্যান্য বছরের তুলনায় ভালো ইলিশ মাছ এসেছে। প্যাকেট করা ১ কেজি ২০০ কিংবা ১ কেজি ৩০০ ওজনের মাছ বাজারে এসেছে। দাম প্রতি কেজি ১৫০০ টাকা। ৯০০ গ্রাম থেকে ১ কেজি ওজনের ইলিশ মাছের দাম ১২০০ টাকা। চাহিদাও ভালো রয়েছে।

# মধুপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শনে পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের অধিকর্তা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।। বিশালগড় মহকুমা হাসপাতালের অধীন মধুপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের ভারপ্রাপ্ত অধিকর্তা ডাঃ সুপ্রিয় মল্লিক গত ২০ মে পরিদর্শন করেন। এই পরিদর্শনে ছিলেন ত্রিপুরা মেডিকেল কলেজ এণ্ড ডাঃ বি.আর আম্বেদকর মেমোরিয়াল হসপিটাল এর প্রিন্সিপাল ডাঃ অরিন্দম দত্ত, ত্রিপুরা মেডিকেল কলেজ এণ্ড ডাঃ বি.আর আম্বেদকর মেমোরিয়াল হসপিটাল এর চিফ এর্িকিউটিভ অফিসার (সি ই ও) স্বপন সাহা, প্রফেসর ডাঃ শিবশেখর দত্ত ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসার কৌশিক নাগ, সিপাহীজলা জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ র'ন বিশ্বাস বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডাঃ জ্যোর্তিময় দাস, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের প্ল্যানিং ও বাজেটের বা' অফিসার ডাঃ সুপ্রতীম বীর এবং পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের এর্িকিউটিভ ই'িনিয়ার প্রীতেশ দাস সহ ত্রিপুরা মেডিকেল কলেজের জি এম নারায়ণ দেববর্মা ও অ্যাসিস্ট্যান্ট ই'িনিয়ার দীপঙ্কর দেববর্মা প্রমুখ। মধুপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ পারমিতা বিশ্বাসের সঙ্গে পরিদর্শন টিমের আধিকারিকরা বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। উক্ত পরিদর্শন কালে পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের ভারপ্রাপ্ত অধিকর্তা ডাঃ সুপ্রিয় মল্লিক মধুপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্বিভাগ ও বহির্বিভাগের পরিষেবা, ওষুধ সহ অন্যান্য সরবারহক'ত দ্রব্য নিয়ে খোঁজ খবর নেন। পাশাপাশি আধিকারিকরা মধুপুর স্বাস্থ্যকেন্দ্রে ত্রিপুরা মেডিকেল কলেজে এমবিবিএস-এ অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য নবনির্মিত বয়েজ ও গার্লস হোস্টেল এবং স্টাফ কোয়ার্টারের নির্মাণ কাজ পরিদর্শন করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

# রক্তদান শিবির করলে ন্যায্যমূল্য দোকান পরিচালক সমিতি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** রক্তদান শিবির করতে যাচ্ছে ন্যায্যমূল্য দোকান পরিচালক সমিতি এ এম সি কমিটি।সমিতির তরফে জানানো হয় বুধবার সকালে পুর এলাকায় এজন্য সমস্ত রেশন শপ বন্ধ থাকবে। মুখ্যমন্ত্রীর আহ্বানে সাড়া দিয়ে রক্তদান শিবির করতে যাচ্ছে ন্যায্যমূল্য দোকান পরিচালক সমিতি এ এম সি কমিটি। মঙ্গলবার সাংবাদিক সম্মেলনে একথা জানান সংগঠনের সভাপতি উত্তম কুমার ঘোষ। তিনি জানান, বুধবার সকালে হবে এই রক্তদান শিবির সমিতির কার্যালয়ে। এতে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা, খাদ্য মন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য সহ অন্যরা। সমিতির তরফে জানানো হয় বুধবার সকালে পুর এলাকায় এজন্য সমস্ত রেশন শপ বন্ধ থাকবে।

# টিসিএ'র স্কোরারদের গ্রেডেশন নির্ণয়ের পরীক্ষা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** মঙ্গলবার আগরতলায় ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের স্কোরারদের গ্রেডেশন নির্ণয়ের জন্য পরীক্ষা গ্রহন করা হয়।ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন ক্রিকেটকে অত্যাধুনিক রূপ দেওয়ার লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। এই পরিকল্পনার অংশ হিসেবে রাজ্যের বিভিন্ন মহকুমার স্কোরারদের পরীক্ষা গ্রহণের মাধ্যমে গ্রেড প্রদানের উদ্যোগ নেওয়া হয়। পরীক্ষা গ্রহণের আগে তাদেরকে নিয়ে তিন দিনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ শিবির শেষে মঙ্গলবার দুটি পর্যায়ে পরীক্ষা গ্রহণ করা হয়। মোট দেড়শত নম্বরের মধ্যে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা এবং ৫০ নম্বরের প্র্যাকটিক্যাল পরীক্ষা গ্রহণ করা হয়। এ বিষয়ে বিস্তারিত তথ্য দিতে গিয়ে ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের এক কর্মকর্তা সুভাষ ঘোষ জানান ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন অত্যাধুনিক প্রযুক্তি ও নির্ভুলভাবে স্কোরিং করার লক্ষ্যেই এই ধরনের উদ্যোগ গ্রহণ করেছে। তিনি জানান এই পরীক্ষায় মোট ৪৮ জন অংশ নিজ নিয়েছেন। পরীক্ষার ফলাফলের ভিত্তিতে গ্রান্ড ওয়ান, গ্রেড টু ও গ্রেট থ্রি হিসেবে তাদেরকে উত্তীর্ণ করা হবে। এই গ্রেটার ভিত্তিতেই তাদেরকে সাম্মানিক প্রদান করা হবে বলেও তিনি জানান। যারা কোচিং করাবেন তাদেরকে নিয়েও কিছুদিনের মধ্যে চার দিনের প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে বলে জানানো হয়।

# এয়ারটেল ফাইবারের কাজ করতে গিয়ে দূর্ঘটনায় গুরুতর অহত শ্রমিক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** এয়ারটেল ৫জি ফাইবারের কাজ করতে গিয়ে দুর্ঘটনার কবলে পড়ে আহত হয় এক শ্রমিক। ঘটনাটি ঘটে কৈলাশহর মহাদেব বাড়ি এলাকায়।

জানা যায় আগরতলা থেকে কিছু শ্রমিক এসে এয়ারটেল ফাইভ-জি ফাইবারের কাজ করছিল। কৈলাশহর মহাদেব বাড়ি এলাকায়। তখনই হঠাৎ করে ঘটে এক শ্রমিকের বিপত্তি। অসাবধানতা বসত ওই শ্রমিক একটি মেশিনের উপরে পড়ে যায় যার কারণে ওই শ্রমিকটির শরীরের পিছন দিকের কিছু অংশ কেটে যায়। প্রচন্ড রক্তক্ষরণ হওয়ার কারণে তাকে এম্বুলেন্স এর মাধ্যমে জেলা হাসপাতালে নেওয়া হয়। অভিযোগ এম্বুলেন্সের সাইরেন বিকল হওয়ার কারণে সাইরেন বাজছিলনা। যার কারনে হাসপাতালে নিয়ে যেতে কিছুটা বিলম্ব হয়। ফলে ওই ব্যক্তির রক্তক্ষরণ আরো বেড়ে যায়। এনিয়ে ক্ষোভে ফেটে পড়েন এয়ারটেল ৫জি ফাইবার কাজের সাথে যুক্ত শ্রমিকরা।

# কৈলাসহরে ফুটপাত দখলমুক্ত করার আহ্বান মহকুমা প্রশাসনের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** অবৈধ ফুটপাত দখলদারী ব্যবসায়ীদের বুঝিয়ে সুজিয়ে তাদের নিজ সস্থানে গিয়ে ব্যবসা করার জন্য আহ্বান জানালেন কৈলাসহর মহকুমা প্রশাসনের আধিকারিকরা। রাস্তার বিভিন্ন ফুটপাত গুলি অবৈধভাবে দখল করে নিয়েছে ব্যবসায়ীরা। তাদের ব্যবসা করার স্থান থাকা সত্ত্বেও বেশি মুনাফা লাভের আশায় রাস্তার মধ্যেই বসে পড়েন, যার কারণে সাধারণ মানুষের চলাফেরার ক্ষেত্রে অসুবিধা হয়। বিশেষ করে কৈলাশহর পানিচৌকি বাজারের দক্ষিণ গলি দিয়ে সকাল ১০ টা থেকে বিকাল চারটা পর্যন্ত কার্যত ভিড় লেগে থাকে, যার কারনে চলাচল করার জন্য অসুবিধা হয় সাধারণ মানুষের। এ হেন পরিস্থিতিতে কৈলাশহর মহকুমা প্রশাসন তাদের বুঝিয়ে সুজিয়ে তাদের সস্থানে গিয়ে ব্যবসা করার জন্য জানান। তারাও বিষয়টি বুঝতে পেরে আগামী দিন থেকে সস্তানে ব্যবসা করবেন বলে জানান। পাশাপাশি কৈলাশহরের বিভিন্ন দোকানের সামনে রোদ থেকে বা বৃষ্টি থেকে বাঁচার জন্য প্লাস্টিক বা টিন লাগিয়ে দোকানের সামনের অংশ বাড়িয়ে দিয়েছেন সেই কারণে সাধারণ মানুষের চলাফেরার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে কৈলাসহর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে এই অভিযানে নেতৃত্ব দেন ডিসিএম প্রবীর দেববর্মা, ডিসিএম সূর্য দেববর্মা এবং কৈলাশহর পুরপরিষদের সুপারভাইজার মনিশ দাস থেকে শুরু করে কৈলাশহর থানার বিশাল পুলিশ ও টিএসআর বাহিনী।

# ডুকলি এলাকায় বেহাল রাস্তা দেখলেন মেয়র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** বৃষ্টি হলেই ডুকলি মেড্ডা চৌমুহনী- রবীন্দ্রনগর যাওয়ার রাস্তা দিয়ে চলাছল করতে সমস্যা হয় লোকজনের। এই সমস্যা স্থানীয়দের দীর্ঘদিন ধরে।পুর নাগরিকদের কাছ থেকে তাদের সমস্যার কথা জানতে পেরে মঙ্গলবার এলাকাটি পরিদর্শনে যান পুর নিগমের মেয়র দীপক মজুমদার, মেয়র- ইন কর্পোরেটর উদয় ভাস্কর চক্রবর্তী, কর্পোরেটর অদিতি ভট্টাচার্য, স্থানীয় কর্পোরেটর সহ আধিকারিকরা। তাদের সঙ্গে ছিলেন এলাকার লোকজনও। মেয়র জল জমা রাস্তাটি ঘুরে দেখেন। পাশাপাশি এই এলাকায় একটি নতুন রাস্তা হয়েছে সেটিও ঘুরে দেখেন। পরে মেয়র জানান, সেখানকার রাস্তা নির্মাণে পূর্ত দপ্তর কাজ হাতে নিয়েছে। তৈরি করা হবে ড্রেনও। তিনি বলেন, চেষ্টা চলছে সমস্ত চাহিদা পূরণ করা যতটুকু সম্ভব। চেষ্টা থাকবে এই বর্ষাতে যাতে আগরতলা শহরে বৃষ্টির জম না জমে। বিজেপি সরকার আসার পরে চলাচলের অযোগ্য রাস্তা সংস্কার, ড্রেন নির্মাণ, নতুন রাস্তা তৈরি করার কাজ শুরু হয়েছে।

# নারী নির্যাতন রোধে মহিলা কমিশনের দ্বারস্থ তৃণমূলের মহিলা সংগঠন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।** প্রদেশ তৃণমূল কংগ্রেসের মহিলা সংগঠন নারী নির্যাতনের ঘটনা নিয়ে সরব হয়ে ময়দানে নেমেছে।সম্প্রতি রাজ্যে বেশ কয়েকটি নারীর নির্যাতনের ঘটনা সামনে তুলে ধরে মহিলা কমিশনের দ্বারস্থ হয়। রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সনের সাথে কথা বলে নারী নির্যাতনের ঘটনা বন্ধ করতে দাবি জানান তৃণমূল মহিলা সংগঠনের নেত্রী পান্না দেব। তিনি জানান, রাজ্যে প্রতিনিয়ত ধর্ষণ, গণধর্ষণ এবং গৃহবধূ খুনের ঘটনা সংঘটিত হচ্ছে। কিন্তু রাজ্যে মহিলা কমিশনের ভূমিকা নিয়ে এদিন তিনি বরাবরই আঙ্গুল তুলে বলেন গণধর্ষণের শিকার হওয়া ছাত্রীকে দেখতে মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী দীর্ঘ ৩২ ঘন্টা পর জিবি হাসপাতালে দেখতে যান। এবং এই ঘটনার পর মহিলা কমিশন মেয়েটির সুস্থতার দিকে কোন লক্ষ নেয়নি। কেন তিনি মহিলাদের পাশে দাঁড়াচ্ছেন না এবং ঘুমিয়ে কাটাচ্ছেন সে বিষয়ে জানতে ডেপুটেশনে এসেছেন বলে জানান পান্না দেব। মহিলা কমিশন আগামী দিন সক্রিয় ভূমিকা পালন না করলে বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে বলেও হুশিয়ারি দেন তিনি।

# আন্তর্জাতিক যোগ দিবসে এক কোটি মানুষকে সংযুক্ত করতে চায় মধ্যপ্রদেশের আয়ুষ বিভাগ

ভোপাল, ২৩ মে (হি.স.) : মধ্যপ্রদেশে প্রতি বছরের মতো, ২১ জুন ২০২৩, আন্তর্জাতিক যোগ দিবসে, একটি জনসচেতনতা প্রচার চালিয়ে এক কোটি মানুষকে সংযুক্ত করার জন্য আয়ুষ বিভাগ কার্যকর প্রচেষ্টা চালাচ্ছে। এর জন্য, বিভাগ রাজ্যের সমস্ত আয়ুর্বেদ, হোমিওপ্যাথি, ইউনানি কলেজের অধ্যক্ষদের নির্দেশ জারি করেছে বিভাগীয় এবং জেলা আয়ুষ অফিসারদের চিঠি লিখে সম্মিলিত প্রচেষ্টা করার জন্য।

আন্তর্জাতিক যোগ দিবসকে সফল করতে গ্রাম পর্যায় পর্যন্ত অনেক সংস্থা নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। মঙ্গলবার জনসংযোগ আধিকারিক মুকেশ মোদী এই তথ্য জানিয়েছেন। তিনি বলেন, মর্যাদাপূর্ণ স্বেচ্ছাসেবী সংস্থা রাম চন্দ্র মিশন এবং হার্টফুলনেস ইনস্টিটিউট রাজ্যের প্রতিটি গ্রামে ক্রমাগত যোগব্যায়াম এবং ধ্যানের কাজ করছে। কেন্দ্রীয় সরকারের সংস্কৃতি মন্ত্রক এ বছর "হর দিল ধ্যান, হর দিন ধ্যান" কর্মসূচি শুরু করেছে। এই থিমের উপর প্রতিষ্ঠান প্রতিটি গ্রাম পঞ্চায়েতে জন অভিযান পরিষদের সাথে তার কার্যক্রম শুরু করেছে। ২১ শে জুন আন্তর্জাতিক যোগ দিবসের কর্মসূচিতে অংশ নিতে আয়ুষ বিভাগ দ্বারা জনসাধারণকে নিবন্ধিত করা হচ্ছে।

# কেজরিওয়াল-মমতাকে ভোটপাখী বলে কটাক্ষ অধীরের

মুর্শিদাবাদ, ২৩ মে (হি. স.) : কেজরিওয়াল-মমতা বৈঠকের আগেই তাঁদের বিরুদ্ধে তোপ দাগলেন লোকসভার বিরোধী দলনেতা তথা প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী। মহাকরণে দুই নেতা-নেত্রীর বৈঠকের প্রাক্কালে অধীর তাঁদের ভোটপাখী বলে কটাক্ষ করেন।

অধীরবাবু মঙ্গলবার সংবাদমাধ্যমকে বহরমপুরে বলেন, বিজেপির বিরুদ্ধে মহাজোটের জন্য কলকাতায় এসে কেজরিওয়ালের আলোচনার প্রয়োজন নেই। আপ এবং তৃণমূল হচ্ছে কংগ্রেসকে খতম করে নিজেদের শ্রীবৃদ্ধি করার দল। অধীরবাবু বলেন, কর্নাটকের ভোটে দুশোটি আসনে লড়াই করেছে আপ। কংগ্রেসের প্রার্থীদের হারিয়েছে তারা। সেই আপ কি জোট করবে?প্রসঙ্গত, মঙ্গলবারই কলকাতায় এসে আম আদমি পার্টির প্রধান এবং দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল নবান্নে বৈঠক করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে। সূত্রের খবর, আসন্ন লোকসভা ভোটের আগে বিজেপি বিরোধী জোট নিয়ে কথা বলেন।মমতা এবং কেজরিওয়ালের বৈঠকের দিকে যখন রাজনৈতিক মহল তাকিয়ে ছিল, ঠিক তার আগেই অধীরবাবু এই বোমা বিস্ফোরণ ঘটান। এর আগে মেঘালয়, গোয়া, ত্রিপুরার ভোটে বিজেপিকে সাহায্য করার জন্যই তৃণমূল ওই তিন রাজ্যে প্রার্থী দিয়েছিল বলে কংগ্রেস অভিযোগ করে। গোয়ায় ভোটের প্রচারে গিয়ে খোদ রাহুল গান্ধী অভিযোগ করেছিলেন, কংগ্রেসের ভোট কাটার জন্যই তৃণমূল প্রার্থী দিয়েছে। গোয়া এবং ত্রিপুরায় তৃণমূলের শৌচনীয় ফলাফল হয়েছে। মেঘালয়ে পাঁচটি আসন পেয়েছিল তৃণমূল।

# ২৮ মে নতুন সংসদ ভবনের উদ্বোধন

**।। অভিজিৎ রায় চৌধুরী।। নয়াদিল্লি, ২৩ মে।।** ২৮ মে বৈদিক রীতি নীতি মেনে নতুন সংসদ ভবনের উদ্বোধন হতে চলেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই উপলক্ষ্যে যজ্ঞে অংশগ্রহণ করবেন। হিন্দু ঐতিহ্য অনুসারে যে কোন নতুন জায়গায় আরোহনের আগে অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও মন্ত্র উচ্চারণের মাধ্যমে এই সংসদ ভবনের উদ্বোধন করবেন। একটি সংবাদ সূত্রে জানা গেছে, কর্ণাটকের আদি শংকরাচারী মঠের শ্রী শৃঙ্গেরী শারদা পীঠম সকাল সাড়ে পাঁচটায় যজ্ঞ করবেন। সাড়ে সাতটায় নতুন ভবনে পৌঁছবেন প্রধানমন্ত্রী। সাড়ে দশটায় যজ্ঞ শেষ হবে। দুপুর বারটায় লোকসভার সদনে সংসদ ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন হবে। বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রী, রাজ্যপাল সহ বহু বিশিষ্ট ব্যক্তিদের আমন্ত্রণ জানিয়েছে লোকসভা সচিবালয়।



রাজ্যের বাজারে গ্রীষ্মের অন্যতম ফল আনারস। ছবি নিজস্ব।

# নির্বাচন কমিশনার, রাজ্যের প্রস্তাবে এখনও সাড়া মিলল না রাজ্যপালের

কলকাতা, ২৩ মে (হি. স.) : রাজ্যের রাজ্য নির্বাচন কমিশনার সৌরভ দাসের অবসরের দিন এগিয়ে আসছে। মাঝে আর মাত্র তিনটি কাজের দিন। ওই পদে নয়া নিয়োগ নিয়ে তৈরি হয়েছে জটিলতা। রাজ্যের প্রস্তাবে এখনও সাড়া মিলল না রাজ্যপাল সিভি আনন্দ বোসের।

রাজভবন সূত্রে খবর, রাজ্যের প্রস্তাবিত নাম নিয়ে এখনও পর্যন্ত সিদ্ধান্ত নেননি রাজ্যপাল। তিনি এ বিষয়ে অনুসন্ধান করছেন। চলতি সপ্তাহে চূড়ান্ত সিদ্ধান্ত জানাতে পারেন রাজ্যপাল। ফলে এই অবস্থায় রাজ্যের নামেই সিলমোহর না কি বিকল্প নাম চান রাজ্যপাল, তা দেখার।পরবর্তী নির্বাচন কমিশনার হিসাবে প্রাক্তন মুখ্যসচিব রাজীব সিন্হার নাম রাজভবনে পাঠায় রাজ্য। নবান্ন সূত্রে খবর, গত ১৮ মে রাজীবের নাম পাঠানো হয় রাজভবনে। পাঁচ দিন কেটে গেলেও সম্মতি মেলেনি রাজ্যপালের। ফাইল রাজভবনেই রয়েছে।রাজীববাবুর বিষয়ে বেশ কিছু তথ্য জানতে চান আনন্দ বোস।

# বেঙ্গালুরুতে বৃষ্টির জমা জলে প্রাণ গেছে এক যুবকেরও

বেঙ্গালুরু, ২৩ মে (হি.স.): বেঙ্গালুরুতে আন্ডারপাসের জমা জলে গাড়ি আটকে যাওয়ায় করুণ পরিণতি হয়েছিল ২২ বছরের তরুণীর। এবার জানা গেল, শুধু ওই তরুণী নন, বৃষ্টির জেরে নর্দমার জলে ভেসে গেলেন ৩২ বছরের যুবক লোকেশ। ৫ কিলোমিটার দূরে খুঁজে পাওয়া গেল তাঁর দেহ।পুলিশের প্রাথমিক অনুমান, প্রবল বৃষ্টির ফলে নর্দমায় কতখানি জল জমেছিল, তা মাপতে গিয়ে পিছলে পড়ে যান লোকেশ। যদিও তাঁর পরিবারের দাবি, তুমুল বৃষ্টিতে পথঘাটের করুণ অবস্থার জেরেই পা পিছলে নর্দমায় পড়ে ভেসে যান তিনি। জানা গিয়েছে, কেম্বাপুরা আগ্রাহরায় পড়ে যান তিনি। কিন্তু জলের তোড়ে ভেসে মাইসুরু রোডের কাছে ব্যতারায়ানপুরার কাছে অর্থাৎ পাঁচ প্রায় ৫ কিলোমিটার দূরে পৌঁছে যান লোকেশ। সেখান থেকেই তাঁর দেহ উদ্ধার করা হয়।

পুলিশ জানিয়েছে, যে রাতে বিধান সৌধের কাছে আন্ডারপাসের জমা জলে প্রাণ হারিয়েছিলেন ২২ বছরের মহিলা টেক কর্মী, সেই রাতেই অর্থাৎ গত রবিবারই এই ঘটনা ঘটে। ইতিমধ্যেই লোকেশের মৃত্যুর ঘটনায় অনিচ্ছাকৃত মৃত্যুর অভিযোগ দায়ের হয়েছে।

উল্লেখ্য, বেঙ্গালুরুর মর্মান্তিক ঘটনার পর কড়া পদক্ষেপ করে কর্ণাটক প্রশাসন। ডেপুটি মুখ্যমন্ত্রীর পদে সদ্য শপথ নেওয়া শিবকুমার নির্দেশ দেন, শহরের সমস্ত আন্ডারপাসের কী পরিস্থিতি, তার পূর্ণাঙ্গ রিপোর্ট জমা দিতে হবে। এই ঘটনায় দায়ের হয়েছে এফআইআরও। ঘটনার খবর কানে পৌঁছতে হাসপাতালে গিয়েছিলেন কর্ণাটকের নতুন মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া। শোক প্রকাশ করে মৃতের পরিবারের জন্য পাঁচ লক্ষ টাকা আর্থিক সাহায্যের ঘোষণাও করেন তিনি।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।